CMYK
CMYK




ত্রিপুরার প্রথম দৈনিক

# জাগরণ

THE FIRST DAILY OF TRIPURA
গৌরবের ৭০ তম বছর
অনলাইন সংস্করণ ঃ www.jagarandaily.com




JAGARAN ■30 October, 2023 ■আগরতলা ৩০ অক্টোবর ২০২৩ ইং ■১২ কার্ত্তিক, ১৪৩০ বঙ্গাব্দ, সোমবার■ RNI Regn. No. RN 731/57 ■ Founder : J.C.Paul ■ মূল্য ৩.৫০ টাকা ■ আট পাতা

### শহরের দক্ষিণাঞ্চল ভিত্তিক শারদ সম্মান অনুষ্ঠানে

# মানুষের সমস্যা নিরসনে ক্লাবগুলি বিভিন্ন ভাবে ভূমিকা নিচ্ছে ঃ মুখ্যমন্ত্রী

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** ক্লাব শুধুমাত্র বিনোদনের জন্য নয়। সমাজসেবা, খেলাধুলা ও সাংস্ক’তিক কর্মকাণ্ডে ক্লাবগুলি এখন গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। আমাদের সমাজ ব্যবস্থায় ক্লাবের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আজ সন্ধ্যায় আগরতলার উত্তর বাধারঘাটে স্বামী বিবেকানন্দ ক্লাব আয়োজিত শারদ সম্মান-২০২৩ ‘আমার পাড়া সেরা পাড়া’ শীর্ষক অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী আজ সন্ধ্যায় অরুন্ধতীনগর স্কুল ময়দানে শহর দক্ষিনাঞ্চল ভিত্তিক দ্বিতীয় শারদ



সম্মান প্রদান অনুষ্ঠানেরও উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে রাজ্যের ক্লাবগুলিতে সুস্থ সংস্ক’তির বাতাবরণ তৈরি হয়েছে। সমাজ পরিবর্তনেও এখন ক্লাবগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। তিনি বলেন, ক্লাব সংস্ক’তিতে এখন অনেক পরিবর্তন এসেছে। সুস্থ পরিবেশ ও মানসিকতা গড়ে উঠেছে। বর্তমানে ক্লাবগুলি সামাজিক ও সাংস্ক’তিক বিভিন্ন কর্মকাণ্ডে নিজেদের নিয়োজিত করছে। মানুষের সমস্যা নিরসনেও ক্লাবগুলি বিভিন্নভাবে ভূমিকা গ্রহণ করছে। মুখ্যমন্ত্রী বলেন, বিগতদিনে দেখা গেছে ক্লাবগুলির মধ্যে সবসময় একটা আতঙ্কের পরিবেশ বজায় থাকত। ক্লাবে ক্লাবে ছিল ভেদাভেদ। কিন্তু বর্তমান সরকারের সময়কালে বিভিন্ন ক্লাবের মধ্যে একটা সুসম্পর্ক তৈরি ☛ ৬ এর পাতায় দেখুন

# পূজার প্রসাদ খেতে গিয়ে গণধর্ষণের শিকার নাবালিকা, গ্রেপ্তার তিন অভিযুক্ত

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৯ অক্টোবর।।** যে সভ্য সমাজে মাটির লক্ষ্মী পূজিত হয় সেই রাতেই বন্ধুদের সঙ্গে লক্ষ্মী পূজোর প্রসাদ খেতে বেরিয়ে গণধর্ষণের শিকার এক ঘরের লক্ষ্মী। যদিও পুলিশের তৎপরতায় মামলা দায়ের হওয়ার তিন ঘন্টার মধ্যেই গ্রেপ্তার তিন ধর্ষক। উক্ত ঘটনাটি সংঘটিত হয়েছে রাজ্যের উপজাতি কল্যাণ দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মার নিজ নির্বাচনী কেন্দ্রে, ঘটনার তদন্তে তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিকের নেতৃত্বে মুঙ্গিয়াকামী থানার পুলিশ। ঘটনার বিবরণ দিয়ে তেলিয়ামুড়া মহকুমা পুলিশ আধিকারিক প্রসূন কান্তি ত্রিপুরা জানিয়েছেন, লক্ষ্মী পূজোর রাতে মুঙ্গিয়াকামী থানা এলাকার ১৬ বছর বয়সী এক নাবালিকা তার এক মেয়ে বান্ধবী ও দুই ছেলে বন্ধুকে নিয়ে লক্ষ্মী পুজোর প্রসাদ খেতে বাড়ি থেকে বের হয়। সেই সময় ক্ষিতীশ দেববর্মা নামের এক যুবক ওই নাবালিকার সঙ্গে থাকা তার বান্ধবী ও বন্ধুদের ভয় ভিতী প্রদর্শন করে সেখান থেকে তাড়িয়ে দেয় এবং ওই ১৬ বছর বয়সী নাবালিকাকে সেখান থেকে তুলে একটি নির্জন স্থানে নিয়ে গিয়ে গণধর্ষণ করে বলে অভিযোগ। সেই সময় ক্ষিতীশের সঙ্গে অজয় দেববর্মা ও সু-বিকাশ দেববর্মা নামের এই দুই যুবক ছিল বলেও খবর। রাতভর চালানো হয় ওই ১৬ বছর বয়সী নাবালিকার উপর গনধর্ষণ। পরবর্তীতে রবিবার সকালে সেই নাবালিকা তার বাড়িতে গিয়ে পরিবারের সদস্যদের বিষয়টি সম্পর্কে অবগত করলে পরিবারের লোকজন ওই নাবালিকাকে মুঙ্গিয়াকামী থানায় নিয়ে যায়। এবং নাবালিকার জবানবন্দীর উপর ভিত্তি করে মুঙ্গিয়াকামী থানার পুলিশ একটি গণধর্ষণের মামলা রুজু করে। যার মামলা নম্বর ১৮/২০২৩ এবং ৩৭৬ AD ৬ of পক্সো ধারায় মামলা নিয়ে তিন ঘন্টার মধ্যে তিনজন গণধর্ষক’কে গ্রেপ্তার করে। শেষ খবর লেখা পর্যন্ত, গ্রেপ্তার হওয়া তিন ধর্ষক বর্তমানে মুঙ্গিয়াকামী থানা পুলিশের হেফাজতে রয়েছে। তবে লক্ষ্মী পূজোর রাতে এই নেক্কার জনক ঘটনা’কে কেন্দ্র করে বর্তমানে অগ্নিগর্ভ গোটা মুঙ্গিয়াকামী থানা এলাকা।

# লক্ষ্মী পূজার রাতে আগুনে পুড়ল ৩ দোকান, ক্ষয়ক্ষতি প্রায় ৫০ লাখ

**নিজস্ব প্রতিনিধি, তেলিয়ামুড়া, ২৯ অক্টোবর।।** লক্ষ্মী পূজার রাতে বিধ্বংসী অগ্নিকাণ্ডে তিনটি দোকান পুড়ে ছাই হয়ে গেছে। ঘটনা খোয়াই — তেলিয়ামুড়া সড়কের সিএনজি স্টেশন সংলগ্ন জীপ স্ট্যান্ড লাগোয়া বিওসি — সংলগ্ন এলাকায়। ক্ষয়ক্ষতির পরিমাণ আনুমানিক ৫০ লক্ষাধিক টাকা হবে বলে ধারণা করা হচ্ছে। দমকলের ইঞ্জিন সঠিক সময়ে ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনতে না পারলে আরো বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারত বলে



ধারনা করা যাচ্ছে। শর্ট সার্কিট থেকেই অগ্নিকাণ্ডের সূত্রপাত বলে প্রাথমিক ধারণা। দোকান গুলির মধ্যে একটি ছিল মিষ্টির দোকান, একটি অটো মোবাইল ☛ ৬ এর পাতায় দেখুন

## পুত্রের হাতে আক্রান্ত পিতা

**নিজস্ব প্রতিনিধি, সোনামুড়া, ২৯ অক্টোবর।।** পুত্রের হাতে আক্রান্ত জন্মদাতা পিতা। ঘটনা সোনামুড়া থানার অন্তর্গত দশরথবাড়ি গ্রাম পঞ্চায়েতের ৪ নম্বর ওয়ার্ডের মধুচরণ পাড়ায়। অভিযুক্ত পুত্রের নাম জ্যেষ্ঠ মোহন দেববর্মা। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় জনগণের মধ্যে তীব্র প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। আক্রান্ত পিতা জানিয়েছেন আকণ্ঠ মদ্যপান করে তার ☛ ৬ এর পাতায় দেখুন

# নেশা সামগ্রী বিক্রির প্রতিবাদ ঃ আক্রান্ত বহু

**নিজস্ব প্রতিনিধি, চড়িলাম, ২৯ অক্টোবর।।** শনিবার গভীর রাতে বিশালগড় পশ্চিম লক্ষীবিল এলাকায় ।নেশা জাতীয় সামগ্রী বিক্রির বিরোধিতা করতে গিয়ে নেশা কারবারিদের হাতে আক্রান্ত একাধিক ব্যক্তি ঘটনাটি ঘটে বিশালগড় পশ্চিম লক্ষীবিল এলাকায়। বেশ কিছুদিন যাবৎ এলাকার কিছু ব্যক্তি প্রতিনিয়ত বিভিন্ন নেশা জাতীয় সামগ্রী বিক্রি করে যুব সমাজকে ধ্বংস করে দিচ্ছে এমনই অভিযোগ এলাকাবাসীর ।এলাকার বিশ্বজিৎ দাস সহ কয়েকজন ব্যক্তি মিলিত হয়ে এই সমস্ত নেশাকারবারীদের বিরুদ্ধে নেশা সামগ্রী যেন বিক্রি না করে তার বিরোধিতা করে, যার ফলে এলাকার নেশা কারবারীরা ঐক্যবদ্ধভাবে বিশ্বজিৎ দাস এর বাড়িতে শনিবার রাতে চড়াও হয় এবং বিশ্বজিৎ দাসের পিতা নেপাল দাস সহ একাধিক সদস্যের উপর আক্রমণ করেন এবং বাড়িঘর ভাঙচুর চালায়। ঘটনাস্থলে রাতে ছুটে যায় এলাকার বিধায়ক সুশান্ত দেব সহ স্থানীয় প্রতিনিধিরা এবং বিশালগড় থানার পুলিশ। রবিবার দুপুর একটাই সংবাদমাধ্যমে এই নিয়ে আক্রমণকারীদের বিরুদ্ধে একরাশ ক্ষোভ উগরে দিলেন বিশ্বজিৎ দাস সহ উনার পরিবারের সদস্যরা। এ সমস্ত নেশা কারবারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করার দাবী তোলেন। অন্যদিকে রাতে উক্ত ঘটনা কে জড়িয়ে সাম্প্রদায়িক উস্কানিমূলক একই ভিডিও ভাইরাল হয়ে যায় ইতিমধ্যে। যার পরিপ্রেক্ষিতে জেলা পুলিশ সুপার বিজে রেড্ডি, বিশালগড় মহকুমা পুলিশ আধিকারিক ☛ ৬ এর পাতায় দেখুন

## ইমামের বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৯ অক্টোবর।।** শনিবার রাতে ধর্মনগরের মহিলা থানায় শাকাইবাড়ি মসজিদের ইমাম রাহামুদ্দিনের বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ এনে অভিযোগ দাখিল করল নির্যাতিতার মা। ঘটনার বিবরণে জানা যায় ধর্মনগরের শাকাইবাড়ী মসজিদের ইমাম রাহাম উদ্দিন, তার বাড়ি ☛ ৬ এর পাতায় দেখুন




CMYK
CMYK

জাগরণ আগরতলা ◻ বর্ষ-৭০ ◻ সংখ্যা ২৪ ◻ ৩০ অক্টোবর ২০২৩ ইং ◻ ১২ কার্তিক ◻ সোমবার ◻ ১৪৩০ বঙ্গাব্দ

## টানা ৬ জয়ে শীর্ষে ভারত

২০১৯ বিশ্বকাপের রানার্স আপ নিউজিল্যান্ডের বিপক্ষে হারিয়া ভারত বিশ্বকাপ শুরু করিয়াছিল চ্যাম্পিয়ন ইংল্যান্ড। দ্বিতীয় ম্যাচে বাংলাদেশের বিপক্ষে জয়ের পর আবারও হারের বৃত্তে। রবিবার ভারতকে অল্প রানে আটকে দিলেও বড় ব্যবধানে হারিয়া গেল তাহারা। আর টানা ৬ ম্যাচ জিতে দক্ষিণ আফ্রিকাকে হটিয়ে পয়েন্ট টেবিলের শীর্ষে উঠিয়া গেল ভারত।লখনৌয়ে টস হেরে প্রথমে ব্যাট করা ভারত নির্ধারিত ৫০ ওভারে ৯ উইকেট হারাইয়া ২২৯ রান তোলে। ২৩০ রানের লক্ষ্যে ব্যাট করিতে নামিয়া ৩৪ ওভার ৫ বলে ১২৯ রানে গুটিয়ে যায় ইংল্যান্ড। ১০০ রানে হারিয়া সেমিফাইনালে দৌড় থেকে কার্যত ছিটকিয়া গেল জস বাটলারের দল। ২৩০ রানের লক্ষ্যে খেলিতে নামা ইংল্যান্ড শুরুটা একদম মন্দ করেনি। ওপেনিংয়ে ৩০ রান তোলেন ডেভিড মালান ও জনি বেয়ারস্টো। এরপরই শুরু হয় ধস। যাহার কারিগর ভারতের দুই পেসার জাসপ্রিত বুমরাহ ও মোহাম্মদ শামি। ৩০ রানের মাথায় পরপর দুই বলে মালান ও জো রুটকে ফেরান বুমরাহ। এরপর ৩৩ ও ৩৯ রানের মাথায় শামির আঘাতে ফেরেন বেন স্টোকস ও বেয়ারস্টো। ৫২ রানের মাথায় কুলদীপ যাদবের বলে অধিনায়ক জস বাটলার ফিরলে চূড়ান্ত বিপর্যয়ে পড়িয়া ইংল্যান্ডরা। এরপর মঈন আলী (১৫), লিয়াম লিভিংস্টোন (২৭) ও ডেভিড উইলি (১৬*) চেষ্টা করলেও কেউই বড় স্কোর গড়িতে পারেননি। শেষ পর্যন্ত নির্ধারিত ৫০ ওভারের ৯১ বল বাকি থাকিতেই ১২৯ রানে অলআউট হয় ইংল্যান্ড।

ভারতের হইয়া বল হাতে আগুন ঝড়ান শামি ও বুমরাহ। ৭ ওভারে মাত্র ২২ রান দিয়ে ৪ উইকেট তুলিয়া নেন শামি। ৬ ওভার ৫ বলে ৩২ রান খরচায় বুমরাহর উইকেট ৩টি। এছাড়া গুরুত্বপূর্ণ ২ উইকেট শিকার করেন চায়নাম্যান স্পিনার কুলদীপ যাদব। বাকি উইকেটটি নেন রবীন্দ্র জাদেজা।

অধিনায়ক হিসেবে এদিন শততম ম্যাচ খেলিতে নামিয়াছিলেন রোহিত। টস হারিয়া ব্যাটিংয়ে নাম ভারত শুরুতেই পড়িয়া যান ইংলিশ পেসারদের তোপে। ২৬ রানের মাথায় শুভমান গিলকে সরাসরি বোল্ড করেন ক্রিস ওকস। দলের সঙ্গে আর ১ রান যোগ হইতে কোনো রান না করিয়াই প্যাভিলিয়নের পথ ধরেন কোহলি। ৪০ রানের মাথায় আবারও ওকসের আঘাত, এবার ফেরেন শ্রেয়াস আইয়ার। এরপর লোকেশ রাহুলকে নিয়ে ইনিংস মেরামাত শুরু করেন রোহিত। চতুর্থ উইকেটে গড়েন ৯১ রানের বড় জুটি। ১৩১ রানের মাথায় ৩৯ রান করে ফেরেন রাহুল। আর ১৬৪ রানের মাথায় সেঞ্চুরি থেকে মাত্র ১৩ রান দূরে থাকিতে আউট হন অধিনায়ক রোহিত। এরই মধ্যে আন্তর্জাতিক ক্রিকেটে পূর্ণ করেন ১৮ হাজার রান। রোহিতের বিদায়ে দলের হাল ধরেন সূর্যকুমার যাদব। হাফ সেঞ্চুরি থেকে ১ রান দূরে থাকিতে আউট হলেও শেষের ব্যাটারদের নিয়া করেন দারুণ লড়াই। শেষ পর্যন্ত ৯ উইকেট হারাইয়া ২২৯ রান তোলে ভারত। ইংল্যান্ডের হয়ে সবচেয়ে সফল ডেভিড উইলি। ১০ ওভারে ৪৫ রানের বিনিময়ে ৩ উইকেট নেন এই পেসার। আরেক পেসার ক্রিস ওকস ৯ ওভারে ৩৩ রান খরচায় শিকার করেন ২ উইকেট। ১০ ওভারে মাত্র ৩৫ রান দিয়ে ২ উইকেট নিয়েছেন লেগ স্পিনার আদিল রশিদ।

## রাজস্থানের হনুমানগড়ে গাড়ি ও ট্রাকের সংঘর্ষে মৃত ৭, প্রাণে বাঁচলেন দু”জন

হনুমানগড়, ২৯ অক্টোবর (হি.স.): রাজস্থানের হনুমানগড় জেলায় যাত্রীবোঝাই গাড়ি ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে প্রাণ হারালেন ৭ জন। ভয়াবহ এই দুর্ঘটনায় আহত হয়েছেন দু”জন, তাঁদের অবস্থায় গুরুতর। মৃতরা সবাই একই পরিবারের সদস্য। রবিবার রাতে একটি অনুষ্ঠান থেকে ফিরছিলেন পরিবারের সদস্যরা, রাত দশটা নাগাদ অন্ধকারের মধ্যেই একটি ট্রাকের সঙ্গে তাঁদের গাড়ির মুখোমুখি সংঘর্ষ হয়। তাতেই ৭ জনের মৃত্যু হয়েছে।

স্টেশন হাউস অফিসার বেদ পাল বলেছেন, দুর্ঘটনায় নিহতরা হলেন পরমজিৎ কৌর (৬০), খুশবিন্দর সিং (২৫), তার স্ত্রী পরমজিৎ কৌর (২২), ছেলে মনজোত সিং (৫), রামপাল (৩৬), তার স্ত্রী রীনা (৩৫) এবং মেয়ে রিত (১২)। আহতদের নাম - আকাশদীপ সিং (১৪) এবং মানরাজ কৌর (২)। আহতদের বিকানেরের একটি হাসপাতালে ভর্তি করা হয়েছে। মামলা রুজু করে দুর্ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

## ডেঙ্গুতে অসুস্থ অজিত পওয়ার, চিকিৎসকদের পরামর্শে আপাতত রয়েছেন বিশ্রামে

মুম্বই, ২৯ অক্টোবর (হি.স.): মশাবাহিত রোগ ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন মহারাষ্ট্রের উপ-মুখ্যমন্ত্রী অজিত পওয়ার। চিকিৎসকদের পরামর্শে আপাতত বিশ্রামে রয়েছেন তিনি। রবিবার সকালে সামাজিক মাধ্যম এক্স হ্যান্ডেলে এমনটাই জানিয়েছেন এনসিপি-অজিত পওয়ার গোষ্ঠীর নেতা প্রফুল প্যাটেল। একইসঙ্গে তিনি জানিয়েছেন, একবার পুরোপুরি সুস্থ হয়ে উঠলে, তিনি নিজস্ব নিবেদিত জনসাধারণের দায়িত্ব চালিয়ে যাওয়ার জন্য পূর্ণ শক্তিতে ফিরে আসবেন।

প্রফুল প্যাটেল এক্স মাধ্যমে জানিয়েছেন, 'অজিত পওয়ার পাবলিক ইভেন্টে যোগ দিচ্ছেন না বলে অনুমানমূলক মিডিয়া রিপোর্টের প্রেক্ষিতে আমি স্পষ্ট করতে চাই, শনিবার থেকে তিনি ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন এবং আগামী কয়েক দিনের জন্য চিকিৎসকরা বিশ্রামের পরামর্শ দিয়েছেন। অজিত পওয়ার নিজ জনসেবার দায়িত্বে প্রতিশ্রুতিবদ্ধ।

## বালিয়ায় অজ্ঞাত গাড়ির সঙ্গে সংঘর্ষে উল্টে গেল টেম্পো; মৃত্যু ৪ জনের, আহত ৮

বালিয়া (উত্তর প্রদেশ), ২৯ অক্টোবর (হি.স.): উত্তর প্রদেশের বালিয়ায় অজ্ঞাত গাড়ির সঙ্গে সংঘর্ষের জেরে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেল একটি টেম্পো। রবিবার ভোররাতের এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৪ জনের, এছাড়াও ৮ জন কমবেশি আহত হয়েছেন। দুর্ঘটনাটি ঘটেছে গাদওয়ার থানার অন্তর্গত চিলকাহার গ্রামের কাছে। আহতদের উদ্ধার করে প্রথমে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়, পরে সঙ্কটজনক অবস্থায় ৪ জনকে বারাণসীর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

বালিয়ার জেলাশাসক রবীন্দ্র কুমার বলেছেন, রবিবার ভোররাতে অজ্ঞাত গাড়ির সঙ্গে একটি টেম্পোর সংঘর্ষ হয়। ওই টেম্পোতে মোট ১২ জন ছিলেন, তাঁদের মধ্যে ৪ জনকে হাসপাতালে নিয়ে যাওয়ার পর মৃত ঘোষণা করা হয়। আহত ৮ জনের মধ্যে ৩ জনের অবস্থা সঙ্কটজনক। মেডিকেল টিম ঘটনাস্থলে রয়েছে। আমরা তদন্ত শুরু করেছি।

# শুধু মণিপুরেই নয়, দেশের সর্বত্রই নারীরা বড় অসহায় !!

স্বপনকুমার মণ্ডল

মণিপুরের বেশ কয়েক মাস জুড়ে জাতিগত দাঙ্গার বীভৎসতার চূড়ান্ত রূপ হিসেবে নারীদের নিয়ে যে নগ্ন বিভীষিকা ও ধর্ষণ করে হত্যা করার খবর সারা দেশ জুড়ে ছড়িয়ে পড়েছে, তা শুধু তীব্র আতঙ্কে হতবাক করে দেয় না, পাশবিক হিংস্রতায় অসহায় পরিণতিতে আমাদের মগ্ন চৈতন্যের আদিমতার বন্যতাকেও হার মানায়। অস্তিত্বের সোপানে নারীদের মহত্ত্ব যতই স্বীকার করা হোক না কেন, সেখানে পুরুষের আধিপত্যে নারীকে শিকার হতে হয়েছে বারবার। শুধু তাই নয়, সেখানে নারীর অস্তিত্বের মধ্যেই পুরুষের অধিকারের বিস্তার স্বাভাবিকতা লাভ করে। নারী-পুরুষের বৈষম্য যত না শারীরিক, তার চেয়ে অনেক বেশি মানসিক। সেখানে নারীর স্বতন্ত্র মানবিক অস্তিত্বই অস্বীকৃতপ্রায়। পুরুষের কাছে নারীদেহের রূপের সমাদরই তার গুণের অন্তরায় হয়ে থেকেছে। আবার গুণের আধারেও রয়েছে অবমূল্যায়নের নিবিড় অবকাশ। বিদুষী হলেও সে নারী। রান্না ঘরেই তার শোভা খোঁজে পুরুষ কখনওই নারীকে তার সমকক্ষ ভাবতে পারে না। পুরুষ যেখানে পাচক ঠাকুর হতে পারে, নারী সেখানে শুধুই রাঁধুনি। শুধু তাই নয়, তার রূপ পুরুষকে তৃষ্ণার্ত করে তোলে, গুণ করে ঈর্ষাতুর। নারীর যেন গুণ জরুরি নয়, ওটা পুরুষের অসপত্ন অধিকার। অন্যদিকে পুরুষের প্রয়োজনেই নারীজীবনের সার্থকতায় তার অস্তিত্ব স্বাভাবিকভাবেই পরনির্ভরতায় ব্যক্তিত্ব যত হারিয়েছে, তত নারী পুরুষের সম্পদ হয়ে উঠেছে, ততই তা সুরক্ষিত করার আয়োজনে নারীর অস্তিত্ব পুরুষের অধীনে মনে হয়েছে। পরনির্ভর হওয়াতেও তার পণপ্রথার আয়োজন, তাতে সুনিশ্চিত হতে জীবনপণ অপরিহার্য। সেখানে নারীকে রক্ষা করার মানসিকতাই তার সেবা-শুশ্রূষা। ও ব্রত পুরুষের অধিকার হয়ে ওঠে। সেই অধিকারবোধই নারীর প্রেমকে দৈহিক চাহিদায় কলঙ্কিত করে, তার সেবাকে প্রাপ্য বলেই সমাদর করে না। অন্যদিকে নারীকে পুরুষের সম্পদ ভেবে নেওয়ায় পুরুষের শত্রুতা বা হিংসায় নারীকে মূল্য চোকাতে হয়। এ শুধু মণিপুরের ঘটনা নয়, এর বিস্তার সমাজের রন্ধ্রে রন্ধ্রে। সেখানে অপরের নারীকে লুণ্ঠন থেকে নিগ্রহ-ধর্ষণ-হত্যা সবই নারীবিদ্বেষী পুরুষত্বের নগ্ন পাশবিকতা। শত্রুতায় যত অন্ধত্ব নেমে আসে, ততই তার প্রতিশোধের আগুন জ্বলে ওঠে। তাতে নির্বিচারে চলে হিংসা প্রতিহিংসার পালা, নারীর প্রতি নেমে আসে বর্বরোচিত বিকৃত কাম ও লালসার ভয়ঙ্কর পরিণতি। সেখানে আধুনিকতার আলোয় মণিপুরের বীভৎসতার ছবি অপ্রত্যাশিত হলেও একেবারেই আকস্মিক নয়।

আসলে দুর্বলের প্রতি সবলের আধিপত্য চিরকালের। প্রেমের সঙ্গে প্রতাপের দ্বৈরথ অনিবার্য। নারীকে পাওয়ার জন্য যে প্রেম জরুরি তার অভাবে প্রতাপের আধিপত্য জেগে ওঠে। সেখানে জোর করে নারীকে হরণ করে বরণ করার মধ্যে প্রেম নেই, আছে বীরত্বের আস্ফালন, পাশবিক ক্ষুধা, বিকৃত কাম ও লালসা। প্রেমিকের মধ্যেও সেই ধর্ষক জেগে ওঠে, প্রেমিকা হয়ে ওঠে দেহসর্বস্ব নারীমাত্র। সেখানে পুরুষের অভিনয় অচিরেই বেরিয়ে পড়ে, নারীর প্রতি মিথ্যে ভালবাসা নির্মম হয়ে ওঠে। অথচ প্রেমকে প্রতাপের মাধ্যমে জয় করা না গেলেও নারীকে অধিকার করার পন্থায় আমরা আজও সেকেলে। যুদ্ধে পরাজিত করে নারীকে হরণ করে বরণ করার পৌরাণিকতার মধ্যেই বীরভোগ্যা বসুন্ধরার গৌরব সেদিনও ছিল আদও অশ্রুত হয়নি। যুদ্ধে পরাজিতদের নারীকে সম্ভোগ করার অলিখিত অধিকার আমাদের প্রতিবাদে মুখর করে না। সেখানে নারীর দুর্বলতা যেন তাকে পরাধীন করেছে, তেমনই তার অন্যায় অবিচারের বিরুদ্ধে রুখে দাঁড়ানো ব্যক্তিত্ব বা মাথাচাড়া দিয়ে ওঠা নারীত্ব পুরুষের কাছে সর্বদা সম্মান পায়নি, বরং মনে প্রতিহিংসার আগুন জ্বালিয়েছে। তাকে প্রতিহত করার জন্যও নারীর প্রতি নেমে এসেছে বর্বণতা, ধর্ষণ থেকে মৃত্যুতে। সম্ভোগের দৃষ্টিতে দেখা নারীর প্রতি পুরুষের সহিংসতা নানাভাবেই প্রকাশমুখর। পরপুরুষে শিকার করে তোলায় নারীর দুর্বিষহ জীবন সেই রামায়ণ মহাভারতের যুগ থেকে আধুনিক কালেও সুদূরপ্রসারী। রামায়ণের সীতার অগ্নিপরীক্ষা থেকে বনবাসযাপন একালে রূপান্তর ঘটেছে মাত্র। বিশ শতকের দ্বিতীয় দশকে দেখা রবীন্দ্রনাথ টাকুরের হৈমন্তী গল্পের শেষে গল্পকার পুরুষকে শ্রীরামচন্দ্রে জাত বলে অভিহিত করেছেন। সন্দেহের বশে নারীর নিজের ঘরই সেক্ষেত্রে পর হয়ে ওঠে।

অন্যদিকে শত্রুতাবোধে প্রতিশোধের খেলায় নারীকে বাজি রাকা থেকে তার নিগ্রহ ধর্ষণের ছবি তো মহাভারতেই রয়েছে। সেখানে দ্রৌপদীর বস্ত্র হরণের পালা একালের সমাজেও বিরল নয়। তারই আধুনিক সংস্কারণ মহাশ্বেতা দেবীর দ্রৌপদী গল্পটি। চিত্রাঙ্গদার দেশের নারীদের উপরে বর্বরোচিত নারকীয় তাণ্ডবেও সেই শত্রুতাবোধে সংঘটিত প্রতিশোধের হিংস্র আয়োজন। সেখানে পাশা খেলা নেই, কেউ বাজি ধরেনি, কেউ হারেনি। অথচ বস্ত্রহরণের পালাতেই তা শেষ হয়ে যায়নি, প্রতিশোধের আস্ফালন ধর্ষণ ও মৃত্যু সবই ঘটেছে। তাতে অবশও নারীদের অস্তিত্ব বা সম্মান বিপন্ন হয় না, বরং তাতে নারীবিদ্বেষী পুরুষত্বের নগ্ন বন্যতা আরও প্রকট হয়ে ওঠে। নারীরাই যে আসলে পরিবার- সমাজ- সম্প্রদায়- গোষ্ঠী থেকে জাতি- ধর্মের ধারকবাহকের সঙ্গে বিজড়িত, তা তাদের উপর নির্মম নির্যাতন ও নৃশংস হত্যা থেকেই প্রতীয়মান। পুরুষের গড়ে তোলা। সমাজ সভ্যতায় তাদের যুগে যুগে শিকারকরে তোলা হয় বলি দিতে হয় বাঁচার অধিকারকে বারবার। অন্যদিকে নারীনির্যাতনকারী পুরুষ বা নারীহত্যাকারী কাপুরুষরাও জানে পুরুষের জীবন জুড়ে প্রাণভোমরার মতো নারীদের অবস্থান। সেই প্রাণে চরম আঘাত হানার লক্ষ্যেই নারীনিগ্রহের সংঘবদ্ধ আয়োজনের মধ্যে শুধু শত্রুতাই নেই, আছে নারীর উপর আধিপত্য বিস্তারের আদিমতাও। সেই আদিমতায় পুরুষত্ব নেই, আছে সভ্যতাবিমুখ নগ্ন পাশবিকতা। পশুকে দমন করা গেলেও মানুষ তার নিজের পাশবিকতাকে নিয়ন্ত্রণ করতে পারেনি। নারীর প্রতি পুরুষের সেই আধিপত্যকামী আদিমতাই তাকে মানুষের মুখোশ খুলে দিয়ে সময়বিশেষে ভেতরের পশুটিকে বের আনে, আবার তা ছদ্মবেশে আড়াল করে। মণিপুরের বেলাগাম হিংসায় তা বেআব্রু হয়ে গেছে। অন্যদিকে তার পরিচয় অন্যত্রও সমান সক্রিয়। বাইরের অরণ্যকে ধ্বংস করে সভ্যতা বিস্তার করলেও মনের অরণ্যে আমাদের আমাদের পশুত্বের অবাধ বিচরণ। সেখানে যে আমরা এখনও অরণ্যচারী

বর্বর, নৃশংস আহার- নিদ্রা- মৈথুনবিলাসী। সেখানে প্রতিবাদ আন্দোলন থেকে দাঙ্গা যুদ্ধ সর্বত্র নারীর প্রতি অমানবিক অত্যাচার, নিগ্রহ থেকে গণধর্ষণ, হত্যা সবই, সমান সক্রিয়। আধুনিক গণমাধ্যমের দৌলতে তা নিয়ে সোচ্চার হওয়ার অবকাশ থাকলেও রাজনৈতিক মেরুকরণে তার মানবিক গুরুত্ব আপনাতেই লঘু হয়ে পড়ে। যেখানে লাশ নিয়েই রাজনীতি চলে, সেখানে নারীনির্যাতন আরও বেশি গুরুত্ব পায়। অথচ তা নিয়ে আমরা ওঁরার ভোটসর্বস্ব রাজনীতিতে নারীর প্রতি আমরা মানবিক ঐক্য গড়ে তুলতে পারি না। এই অনৈক্যবোধেও নারী নির্যাতনকারীরাও প্রশ্রয় পায়, নারীদের জীবন আরও নিরাপত্তাহীনতায় ভোগে। সেখানে সেই মণিপুরের মায়েরা যে পথ দেখিয়েছিল, তা থেকে মনে হয় আমরা শিক্ষা নিতে পারিনি। ফোর্সের বিরুদ্ধে যে মায়েরা একদিন লড়েছিলেন, তাঁরাই নিজেদের লোকের শিকার, ভাবা যায়!

(সৌজন্যে-দৈ :স্টেটসম্যান)

# সঙ্কটের সময় মুদ্রাস্ফীতি সংক্রান্ত লক্ষ্যমাত্রা কাজে আসে? ভারতের ক্ষেত্রে এ বিষয়ে ছবিটি কেমন?

এগিয়ে থাকা অর্থনীতির বিভিন্ন দেশ মুদ্রাস্ফীতি বিষয়ে তাদের লক্ষ্যমাত্রা ২ শতাংশেই আবদ্ধ রাখতে চায়। কিন্তু আমেরিকায় ”কনজিউমার প্রাইস ইনফ্লেশন” (নির্দিষ্ট পরিমাণ পণ্য বা পরিষেবা পাওয়ার বিনিময়ে ভোক্তারা যে মূল্য প্রদান করেন, তার সূচক) এই মুহূর্তে ৩.৭ শতাংশ। ইউরো ব্যবহারকারী দেশগুলিতে তা ৫.৬ শতাংশ, ব্রিটেনে ৬.৮ শতাংশ এবং জাপানে তা ২.৯ শতাংশ।

জার্মানিতে একেই অর্থনীতির বৃদ্ধি শূন্য। তার উপরে এই সূচক সেখানে ৪.৩ শতাংশে গিয়ে ঠেকেছে।

ভারতে মুদ্রাস্ফীতির হার এমনিতেই অন্যান্য এগিয়ে থাকা অর্থনীতির দেশগুলির তুলনায় যথেষ্ট বেশি প্রায় ৫ শতাংশ। অবশ্য এ দেশের আর্থিক নীতি ৪ শতাংশ লক্ষ্যমাত্রা রেখেছে। সেই তুলনায় এই হার তেমন মারাত্মক নয়। আগামী ত্রৈমাসিকে এই পরিসংখ্যান তেমন প্রভাব ফেলবে বলে রিজার্ভ ব্যাঙ্কও মনে করছে না।

এই সব তথ্য হাতে রেখে বলা যায়, মুদ্রাস্ফীতির লক্ষ্যমাত্রা তখনই নির্ধারণ করা হয়, যখন বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি স্বাভাবিক (আদৌ সেটা সম্ভব কি না, জানা নেই) থাকে। সেই সঙ্গে লক্ষ্যমাত্রা স্থির করার সময় চাহিদার ওঠানামা ছোট ছোট চক্রে আবর্তিত হওয়াই কাঙ্ক্ষিত। যাতে আর্থিক নীতি তার মোকাবিলা করতে পারে। ২০০৮ সালের অর্থনৈতিক সঙ্কট এবং কোভিড অতিমারির মতো অস্বাভাবিক সময়ে সর্বত্রই কেন্দ্রীয় ব্যাঙ্কগুলি তাদের স্বাভাবিক নিয়ম-কানুন মুলতুবি রাখে এবং ”ভিন্ন ভাবে” সমস্যার সমাধানের চেষ্টা করে বলে জানায়। সাম্প্রতিক সময়ে তেমন কোনও বড় সঙ্কট নেই। কিন্তু এই মুহূর্তেও স্বাভাবিক নিয়ম-কানুন মোতাবেক বিষয়টির মোকাবিলা করা যাবে বলে মনে হয় না।

সাম্প্রতিক সমস্যাগুলির মধ্যে অন্যতম হল ভূ-রাজনৈতিক সংঘাত এবং নতুন করে ঠান্ডা লড়াইয়ের সূচনা। এর ধাক্কায় খনিজ তেলের বাজারে এবং কিছু খাদ্য ও ভোগ্যপণ্যের দামের ক্ষেত্রে উথাল-পাথাল ঘটতে পারে। বিশ্ব যদি একযোগে পারস্পরিক ভাবে প্রতিযোগী ক্ষেত্রে ভেঙে যায়, তা হলে এমন সমস্যা অব্যাহত থেকে যাবে। জলবায়ুগত পরিবর্তন অনেক ক্ষেত্রেই আবার মূল্যবৃদ্ধি ঘটায়। সুতরাং চাহিদায় ঘাটতি থাকলেও পণ্যমূল্য বাড়বেই। এমন পরিস্থিতিতে যদি আর্থিক নীতির কাছে উত্তর চাওয়া যায়, তা হলে নীরবতা ছাড়া কিছু মিলবে না। যাঁরা এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত, তাঁরা ”দীর্ঘমেয়াদের প্রেক্ষিতে মূল্যবৃদ্ধি (সুদের হারও)”-মার্কা জিগির তুলে ঘটনার আসল গুরুত্ব লুকিয়ে ফেলার চেষ্টা করবেন। কিন্তু এতে যা ক্ষতি হবে, তাকে লুকোনো যাবে না। আমেরিকা এবং চিনের পরিস্থিতি ভাল হলেও বিশ্ব অর্থনীতির গতিতে মন্থরতা নজর এড়াচ্ছে না। ঋণ মহার্ঘ হয়ে পড়ায় ব্যাঙ্ক এবং সংস্থাগুলির হিসেব-নিকেশের খাতায় যে চাপ পড়ছে এবং তা থেকে সমস্যার পুর্বাভাস যে আরও স্পষ্ট হয়ে উঠছে, তা অনস্বীকার্য। পুঁজির মূল্য বেড়ে যাওয়ায় তার সঙ্গে তাল রেখে অধিকতর মুনাফার আশায় বিনিয়োগের ক্ষেত্রটিও আঘাতপ্রাপ্ত হচ্ছে। অতিরিক্ত মাত্রায় ঋণের বোঝা যে সব দেশের ঘাড়ে রয়েছে, তারা বর্ধিত হারে সুদ গুনতে গিয়ে অন্যদের থেকে বেশি বিপন্ন বোধ করছে। বিশ্ব জুড়ে পুঁজি নিরাপত্তা খুঁজতে



থাকায় প্রান্তিক বাজারগুলিতেও ঘোলাজল তৈরি হচ্ছে। কারণ, তার পিছনে কাজ করছে আর্থিক পুঁজির উপর বিবর্ধিত সুদের হার। এর ফলে ভারতের বাজারও ক্ষতিগ্রস্ত হচ্ছে।

বিভিন্ন দেশে সরকারি ঋণপত্রের দাম রেকর্ড পরিমাণ স্পর্শ করেছে। যদি কেন্দ্রীয় ব্যাঙ্কগুলি তাদের আদেশনামা বলবতরাখে এবং ২ শতাংশ হারে মুদ্রাস্ফীতিকে লক্ষ্যমাত্রা হিসাবে স্থির রাখে, তা হলে ঋণপত্রের দাম আরও বৃদ্ধির সম্ভাবনা ছিল। কিন্তু ব্যাঙ্কগুলি একযোগে এই মূল্যবৃদ্ধির ব্যাপারে হস্তক্ষেপ করে। কারণ, ইতিমধ্যেই বর্ধিত মূল্যের উপর আরও বেশি দাম চড়তে থাকলে গোটা অর্থনীতিতে তার চাপ অনুভূত হবে। মোদ্দা কথায়, তারা এ কথা মেনেই নিয়েছে যে, নির্দেশ বলবতরাখার জন্য যে পরিকাঠামো বা প্রয়োগকৌশল প্রয়োজন, তা তাদের হাতে নেই। সুতরাং তারা এক রকম অবান্তর কথাবার্তা বলে পাশ কাটাতে চাইছে।

আর্থিক নীতিও এই মুহূর্তে একটি বাঁকের মুখোমুখি। রাষ্ট্রপুঞ্জের ”কনফারেন্স অন ট্রেড অ্যান্ড ডেভেলপমেন্ট” (ইউএনসিটিএডি) তার বাণিজ্য ও উন্নয়ন সংক্রান্ত বার্ষিক রিপোর্টে সম্প্রতি সমস্ত দেশের কেন্দ্রীয় ব্যাঙ্ককে তাদের পূর্বকথিত ২ শতাংশের লক্ষ্যমাত্রা ত্যাগ করতে বলেছে এবং নীতি নির্ধারণের সময় ঋণ-সঙ্কট, অসাম্যের ক্রমবৃদ্ধি এবং অর্থনীতির গততে শ্লথতার মতো বিষয়গুলিকে মাথায় রাখতে নির্দেশ দিয়েছে। যখন ৪ শতাংশ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল, তখন ভারতের জন্যও তারা একই নির্দেশ জারি করেছিল। যুক্তি হিসাবে দেখানো হয়েছিল, মুদ্রাস্ফীতির পিছনে বিভিন্ন কারণ ক্রিয়াশীল থাকে। অতিরিক্ত চাহিদা সেগুলির মধ্যে অন্যতম। সুতরাং রিজার্ভ ব্যাঙ্কের হাতে তেমন কোনও নীতি নির্ধারণের অস্ত্র নেই, যার প্রয়োগে সে তার লক্ষ্যে পৌঁছতে পারবে। কেউ কেউ এমন কথাও বলেছিলেন যে, এ ব্যাপারে চেষ্টা করাটাই ভুল হবে। কারণ, সামূহিক অর্থনীতির অন্যান্য লক্ষ্যও সমান গুরুত্বপুর্ণ। ইউএনসিটিএডি-ও একই কথা বলে।

তবে ভারতের অবস্থান অনেকের চাইতেই ভাল জায়গায় রয়েছে। ভারতের মাথায় ঋণের বোঝা বিপুল নয়। এ দেশের অর্থনীতির বৃদ্ধিও বেশ ভাল। এই পরিস্থিতিতে রিজার্ভ ব্যাঙ্ক তার সুদের হার বাড়াতেই পারে এবং ৪ শতাংশের লক্ষ্যমাত্রা স্থির রাখতেই পারে। আগামী তিনটি ত্রৈমাসিকের মধ্যে এই লক্ষ্য পূরণ হবে না বলে জানানোর পরেও রিজার্ভ ব্যাঙ্ক খানিকটা আশান্বিতই রয়েছে বলা যায়। এই পরিস্থিতিতেও যেটুকু মন্দের ভাল, তা উঠে আসছে রিজার্ভ ব্যাঙ্কের আদেশনামার নমনীয়তার কারণেই। সেখানে ৪ শতাংশ লক্ষ্যমাত্রার দু”দিকেই ২ শতাংশ করে পার্সেন্টেজ পয়েন্টে ছাড় রাখা হয়েছে। কিন্তু এই ছাড়ের বিষয়টিই প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ এড়িয়ে যাওয়ার ক্ষেত্রে অজুহাত হয়ে দাঁড়াতে পারে। এখন প্রশ্নটি নিজের দিকেই ঘুরে যায়, যদি এ কথা বলা যায় যে, ২০১৯ থেকে এখনও পর্যন্ত যখন তা পূরণই হয়নি, তখন এই লক্ষ্যমাত্রার প্রাসঙ্গিকতা কোথায়? আর যদি কোথাও কখনও এই লক্ষ্যমাত্রা কাকতালীয় ভাবে পূরণও হয়ে যায়, তা হলে কী হবে? ভারত এবং অন্যত্র, কোথাওই কি মুদ্রাস্ফীতির লক্ষ্যমাত্রা আদৌ কাজ করে?

সম্পাদকীয় পাতায় প্রকাশিত নিবন্ধ গুলির বক্তব্য সম্পূর্ণ লেখকদের ব্যক্তিগত অভিমত। সম্পাদক এরজন্য দায়ী নন।

# বাংলাদেশে ৩ দিনের অবরোধ কর্মসূচি ঘোষণা বিএনপির

মনির হোসেন,ঢাকা,অক্টোবর ২৯।। বাংলাদেশে তিন দিনের সর্বাত্মক অবরোধ কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। রোববার এক ভার্চুয়াল সংবাদ সম্মেলনে বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এই কর্মসূচির ঘোষণা দেন। তিনি বলেন, সারাদেশে আমাদের অসংখ্য নেতাকর্মী কারাগারে বন্দি। অনেকেই গুম খুন হয়েছেন। আমাদের নেত্রী, গণতন্ত্রের মাতা বেগম খালেদা জিয়া মুমূর্ষু অবস্থায় হাসপাতালে ভর্তি। বিদেশে তাকে উন্নত চিকিৎসার সুযোগ দিচ্ছে না। তাকে সুচিকিৎসা বঞ্চিত করা হয়েছে। তার মুক্তির জন্য, দেশের সীমাহীন বঞ্চনা, অব্যাহত দুর্নীতি লুটপাট, ২৮ অক্টোবর বিএনপির মহাসমাবেশে হামলা, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে গ্রেপ্তার, নেতাকর্মীদের বাসা-বাড়িতে তল্লাশির নামে ভাঙচুরের প্রতিবাদে ৩১ অক্টোবর থেকে ২ নভেম্বর পর্যন্ত দেশব্যাপী সর্বাত্মক অবরোধ কর্মসূচি পালন করা হবে। রেলপথ, নৌপথ ও রাজপথে সর্বাত্মক অবরোধ কর্মসূচি পালন করা হবে। সংবাদ সম্মেলনে বিএনপির স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. রফিকুল ইসলাম ও সহ অর্থনৈতিক বিষয়ক সম্পাদক মাহমুদুর রহমান সুমন প্রমুখ উপস্থিত ছিলেন। এর আগে এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে বিএনপি এই কর্মসূচি কথা জানায়। বিজ্ঞপ্তিতে জানানো হয়, ঢাকায় শনিবারের মহাসমাবেশে হামলা, নেতাকর্মীদের হত্যা, বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ আন্দোলনরত বিভিন্ন দলের সহস্রাধিক নেতাকর্মী গ্রেপ্তার, বাড়ি বাড়ি তল্লাশি, হয়রানি ও নির্যাতনের প্রতিবাদে এবং এক দফা দাবি আদায়ের লক্ষ্যে দেশব্যাপী সর্বাত্নক অবরোধ কর্মসূচি পালন করবে তারা।

## ৩০-৩১ অক্টোবর গুজরাট সফরে প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.) : আগামীকাল দুই দিনের গুজরাট সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ৩০-৩১ অক্টোবর গুজরাটে থাকবেন তিনি। এই সফরে প্রধানমন্ত্রী আম্বাজি মন্দিরে পুজার্চনা করবেন। সফররত অবস্থায় মোদী মেহসানায় বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। মোদী কেভাদিয়ায় স্ট্যাচু অফ ইউনিটিতে পুষ্পস্তবক অর্পণ করবেন এবং জাতীয় ঐক্য দিবসের অনুষ্ঠানে অংশ নেবেন। কেভাদিয়ায় তিনি ভিত্তিপ্রস্তর স্থাপন ও বহু প্রকল্পের উদ্বোধনও করবেন। প্রধানমন্ত্রীর কার্য্যালয় সূত্রে জানা গিয়েছে, প্রধানমন্ত্রী মেহসানায় রেল, রাস্তা, পানীয় জল এবং সেচ সহ বিভিন্ন ক্ষেত্রে ৫,৮০০ কোটি টাকার প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। প্রধানমন্ত্রী কেভাদিয়ায় জাতীয় ঐক্য দিবসের প্যারেড প্রত্যক্ষ করবেন। এই প্যারেডে বিএসএফ এবং বিভিন্ন রাজ্য পুলিশের সদস্যরা অংশগ্রহণ করবে। এই অনুষ্ঠানের সবচেয়ে আকর্ষণীয় বিষয়বস্তু হবে, সব মহিলা সিআরপিএফ বাইকারদের আয়োজিত ডেয়ারডেভিল শো, বিএসএফের মহিলা পাইপ ব্যান্ড, গুজরাট মহিলা পুলিশের একটি কোরিওগ্রাফি অনুষ্ঠান, বিশেষ এনসিসি শো, স্কুল ব্যান্ড পারফরম্যান্স, ভারতীয় বিমান বাহিনীর ফ্লাই পাস্ট সহ বহু অনুষ্ঠান।

সবশেষে প্রধানমন্ত্রী ৯৮তম কমন ফাউন্ডেশন কোর্সের অফিসার প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে ভাষণ দেবেন।

## সুষ্ঠু ভোট আয়োজনের ক্ষমতা বাংলাদেশের ইসির রয়েছে : ভারতের প্রাক্তন সিইসি

কিশোর সরকার

ঢাকা, ২৯ অক্টোবর (হি.স): ভারতের প্রাক্তন প্রধান নির্বাচন কমিশনার ড. এস ওয়াই কোরাইশি বলেছেন, অবাধ ও সুষ্ঠু ভোট করার জন্য বাংলাদেশের নির্বাচন কমিশনের সক্ষমতা রয়েছে।

রবিবার (২৯ অক্টোবর) সকাল ১১টায় ঢাকার আগারগাঁও নির্বাচন কমিশন ভবনে প্রধান নির্বাচন কমিশনারের সম্মেলন কক্ষে ভারত, মালদ্বীপ, শ্রীলঙ্কা ও নেপালের নির্বাচন কমিশনার এবং ইলেকশন মনিটরিং ফোরামসহ ৯ জন প্রতিনিধির সঙ্গে বৈঠক করেন। বৈঠকে সিইসিসহ ৪ জন নির্বাচন কমিশনার উপস্থিত ছিলেন।

বৈঠক শেষে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন ভারতের প্রাক্তন প্রধান নির্বাচন কমিশনার ড. এসওয়াই কোরাইশি। তিনি বলেন, একটি নির্বাচন অবাধ ও সুষ্ঠু করার জন্য বাংলাদেশ নির্বাচন কমিশনের সমস্ত ক্ষমতা রয়েছে। তাদের ওপর কেন বিশ্বাস স্থাপন না করার কোনো কারণ আমি দেখি না। বাংলাদেশের ইসির সক্ষমতা আছে। তারপরও বিগত নির্বাচনগুলোর মধ্যে কয়েকটি নির্বাচন একপক্ষীয় ছিল। এ কারণে তাদের গ্রহণযোগ্যতা নিয়ে প্রশ্ন রয়েছে। এক্ষেত্রে ইসির কোনও দুর্বলতা রয়েছে কি না জানতে চাইলে তিনি বলেন, এটা আমি জানি না। এটা আপনাদের (বাংলাদেশের) ইসি ব্যাখ্যা দিতে পারবে। কিন্তু আমি ব্যক্তিগতভাবে মনে করি, ভারতের নির্বাচন কমিশনের যে সমস্ত ক্ষমতা আছে, সেই সমস্ত ক্ষমতা বাংলাদেশের নির্বাচন কমিশনেরও আছে।

## কাছাড়ের দিগরখালে নৈশ বাস থেকে উদ্ধার কয়েক কোটি টাকার হেরোইন ও ইয়াবা ট্যাবলেট, ধৃত তিন

কালাইন (অসম), ২৯ অক্টোবর (হি.স.) : ড্রাগসের বিরুদ্ধে কাছাড় পুলিশের অভিযান অব্যাহত। এই অভিযানের অঙ্গ স্বরূপ শনিবার রাতে কাছাড় জেলার কালাইন থানার অন্তর্গত দিগরখালে শিলচর থেকে গুয়াহাটিগামী একটি নৈশ বাসে হানা দিয়ে পুলিশ উদ্ধার করেছে কয়েক কোটি টাকার হেরোইন এবং ইয়াবা ট্যাবলেট। মাদক পাচারের অভিযোগে তিন যাত্রীকে পুলিশ গ্রেফতার করেছে। জানা গেছে, গোপন সূত্রে প্রাপ্ত খবরের ভিত্তিতে গতকাল রাতে পুলিশের এক দল দিগরখালে এআর ১৬ এ ৪০১৪ নম্বরের গুয়াহাটিগামী একটি নৈশ বাসে অভিযান চালায়। অভিযানে বাসের তিন যাত্রীর হেফাজত থেকে ৩২টি সাবানের কেস থেকে ৩৮২ গ্রাম হেরোইন এবং কয়েকটি প্যাকেট থেকে ২০০০ ইয়াবা ট্যাবলেট বাজেয়াপ্ত হয়েছে।

মাদক দ্রব্য পাচারের অভিযোগে পুলিশ গ্রেফতার করেছে রমিজ উদ্দিন শিকদার, হাবিল উদ্দিন শিকদার এবং আফজল হুসেন নামের তিন ড্রাগস পাচারকারীকে। ধৃত তিনজন বরপেটা জেলার বাসিন্দা বলে পুলিশ সূত্রে জানা গেছে। ধৃতদের বিরুদ্ধে এনডিপিএস-এর নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে।

## বদ্রীনাথ-কেদারনাথ দর্শনে সেনাপ্রধান মনোজ পান্ডে

গোপেশ্বর, ২৯ অক্টোবর (হি.স.) : সেনাপ্রধান মনোজ পান্ডে রবিবার সপরিবারে বদ্রীনাথ ও কেদারনাথ দর্শন করেন। তাঁর সঙ্গে সেনাবাহিনীর উর্ধতন আধিকারিকরাও দর্শন করতে আসেন। সেনাপ্রধান যাত্রীদের মধ্যেই দর্শন করেন। তাঁর দর্শনের সময় তীর্থযাত্রীদের দর্শন করা থেকে কোনওভাবেই বিরত রাখা হয়নি। সেনাপ্রধান রবিবার সকাল সাড়ে ৮টা নাগাদ কেদারনাথে পৌঁছন। বিকেটিসির প্রধান আধিকারিক যোগেন্দ্র সিং তাঁকে স্বাগত জানান। সেনাপ্রধান পরিবারের সঙ্গে মন্দিরে প্রার্থনা করেন। এরপর সকাল সাড়ে ১০টা নাগাদ কেদারনাথ থেকে বিমানে করে বদ্রীনাথ ধামে যান সেনাপ্রধান। বদ্রীনাথ মন্দিরে গিয়ে পরিবারের সঙ্গে বিশেষ পুজোয় অংশ নেন। এরপর সেনাপ্রধান বদ্রীনাথ ধামের রাওয়াল ঈশ্বর প্রসাদ নাম্বুদিরির সঙ্গে দেখা করেন ও ভগবান বদ্রীনাথের প্রসাদ গ্রহণ করেন। বদ্রীনাথ ধামে তাঁকে স্বাগত জানান বদ্রীনাথ-কেদারনাথ মন্দির কমিটির সহ-সভাপতি কিশোর পানওয়ার।বদ্রীনাথ ধাম পরিদর্শনের পর সেনাপ্রধান মনোজ পান্ডে গাড়ওয়াল স্কাউট ক্যাম্প মানার উদ্দেশ্যে রওনা দেন।

## প্রবীণ কংগ্রেস নেতার মৃত্যুতে শোক নিবেদন প্রাক্তন মুখ্যমন্ত্রী ভুপেন্দ্র সিং হুডার

গুরুগ্রাম, ২৯ অক্টোবর (হি.স.) : প্রবীণ কংগ্রেস নেতা অশোক ভাস্করের মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন প্রাক্তন মুখ্যমন্ত্রী ভুপেন্দ্র সিং হুডা।

রবিবার কংগ্রেসের ভুপেন্দ্র সিং হুডা সহ কয়েক ডজন বর্ষীয়ান কংগ্রেস নেতাও শোক প্রকাশ করেছেন।

প্রবীণ কংগ্রেস নেতা অশোক ভাস্কর গত ১০ বছর ধরে গুরুগ্রামে কংগ্রেস কমিটির দায়িত্বে ছিলেন, তাঁর আচমকাই মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে কংগ্রেস শিবিরে। রবিবার হরিয়ানার প্রাক্তন মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র সিং হুডা শোক জানাতে অশোক ভাস্করের বাসভবনে যান। প্রাক্তন কংগ্রেস নেতার পরিবারের প্রতি সমবেদনা জানান।

প্রাক্তন মুখ্যমন্ত্রী ভূপেন্দ্র সিং হুডা বলেন, তিনি অশোক ভাস্করজির আকস্মিক মৃত্যুতে গভীর শোকাহত। ওনার আকস্মিক মৃত্যুতে ওনার অভাব সবসময় অনুভব করবেন সকলে। রবিবার অশোক ভাস্করের বাসভবনে শোকজ্ঞাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, কংগ্রেসের কার্য্যকরী সভাপতি জিতেন্দ্র ভরদ্বাজ, সুখবীর কাটারিয়া, প্রবীণ কংগ্রেস নেতা পঙ্কজ দাওয়ার, কুলরাজ কাটারিয়া, সুবে সিং যাদব, সুনিতা ভার্মা পতৌদি, ভারত মদন, মনোজ আহুজা সহ প্রমুখ।

## মহুয়া মৈত্রের উচিত লোকসভার এথিক্স কমিটির সামনে হাজির হওয়া : দিলীপ ঘোষ

কলকাতা, ২৯ অক্টোবর (হি.স.): মহুয়া মৈত্রের উচিত লোকসভার এথিক্স কমিটির সামনে হাজির হওয়া।

রবিবার এই মন্তব্য করলেন বিজেপি সাংসদ দিলীপ ঘোষ। দিলীপ বলেছেন, যদি সে কোনও অন্যায় না করে থাকে, তাহলে সত্য বেরিয়ে আসবে। কিন্তু সে বড় ভুল করেছে, তাই তাঁর শাস্তি হওয়া উচিত। এদিকে, এথিক্স কমিটির সামনে হাজিরার জন্য ৫ নভেম্বরের পর সময় চেয়েছেন মহুয়া, কিন্তু সাংসদকে তার আগেই আবার তলব করে চিঠি পাঠিয়েছে এথিক্স কমিটি।

'অর্থ নিয়ে প্রশ্ন' বিতর্কে লোকসভার এথিক্স কমিটি শনিবারই নতুন করে তলব করেছে তৃণমূল সাংসদ মহুয়া মৈত্রকে। এর আগে তাঁকে যে দিন ডাকা হয়েছিল, সে দিন যেতে পারছেন না বলে কমিটির চেয়ারম্যানকে চিঠি দিয়েছিলেন মহুয়া।

তিনি হাজিরার জন্য কিছুটা সময়ও চেয়েছিলেন। মহুয়ার চাওয়া সেই সময়ের আগেই তাঁকে আবার তলব করা হয়। আগামী ২ নভেম্বর সকাল ১১টায় মহুয়াকে সংসদের এথিক্স কমিটির ঘরে হাজিরা দিতে হবে।

## অবৈধ বালি বোঝাই ট্রাক বাজেয়াপ্ত, চালক গ্রেফতার

শিলিগুড়ি, ২৯ অক্টোবর (হি.স.) :শিলিগুড়ি বিভাগের খড়িবাড়ি থানার পুলিশ রবিবার ভোরে বাংলা-বিহার সীমান্তে অবৈধ বালি বোঝাই একটি ট্রাক আটক করেছে। চালককে আটক করা হয়েছে। আটক চালকের নাম শাহীন বাদশা (২২)। তিনি বিহারের বাসিন্দা।

পুলিশ সূত্রে খবর, জলপাইগুড়ি জেলার উদলাবাড়ি থেকে বিহার যাওয়ার সময় বাংলা-বিহার সীমান্তের চককরমারী এলাকায় তদন্তের জন্য তাকে থামানো হয়। ট্রাকটি চেক করে দেখা যায়, তাতে বালু বোঝাই করা হয়েছে। এরপর খড়িবাড়ি থানার পুলিশ চালকের কাছে বালি সংক্রান্ত কাগজপত্র চায়। যা চালক দেখাতে না পারায় পুলিশ ব্যবস্থা নেয় এবং চালককে আটক করে। খড়িবাড়ি থানার পুলিশ পরবর্তী ব্যবস্থা গ্রহণ শুরু করেছে।

## যুবকের দেহ রেখে জাতীয় সড়ক অবরোধ, রাতভর বিক্ষোভে অগ্নিগর্ভ হরিণঘাটা

হরিণঘাটা, ২৯ অক্টোবর (হি.স.): মদ্যপ চার যুবকের বিরুদ্ধে পুজো মণ্ডপের সামনে এক মহিলাকে কটূক্তি করার অভিযোগ উঠেছিল। প্রতিবাদ করায় দুষ্কৃতীদের মারে মৃত্যু হয় হরিণঘাটার এক যুবককে। তার প্রতিবাদে শনিবার রাতভর নদিয়ার হরিণঘাটা থানার বিরহী এলাকায় মৃত যুবকের দেহ নিয়ে চলল বিক্ষোভ। স্থানীয়দের বিক্ষোভ-অবরোধে দীর্ঘ ক্ষণ অবরুদ্ধ হয়ে পড়ে ৩৪ নম্বর (অধুনা ১২ নম্বর জাতীয় সড়ক) জাতীয় সড়ক। নিষ্ক্রিয়তার অভিযোগে পুলিশের তদন্তকারী আধিকারিকদের ঘিরে রেখে বিক্ষোভ দেখাতে থাকেন স্থানীয় বাসিন্দারা। স্থানীয় সূত্রে খবর, নদিয়ায় হরিণঘাটা থানার বিরহীর বাসিন্দা বছর ২৪-এর শুভ দাস, পুজোর মধ্যে এক দিন বাড়ির কাছের পুজোমণ্ডপে বসেছিলেন। তিনি দেখতে পান, কয়েক জন মত্ত যুবক এক মহিলাকে উত্ত্যক্ত করছেন। শুভ তাদের বাধা দেন। শুরু হয় বচসা, পরে শুভ যখন বাইক চালিয়ে অন্যত্র যাচ্ছিলেন, তখন দুষ্কৃতীরা পিছন থেকে ধাওয়া করে বাইকে লাথি মেরে তাঁকে রাস্তায় ফেলে দেয়। স্থানীয় বাসিন্দারা রক্তাক্ত অবস্থায় শুভকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান। অবস্থার অবনতি হওয়ায় তাঁকে স্থানান্তরিত করানো হয় কলকাতার হাসপাতালে। তার পর থেকে কলকাতায় চিকিৎসাধীন ছিলেন শুভ। কিন্তু শেষরক্ষা হয়নি। শুক্রবার শুভর মৃত্যু হয়। এর পরেই ক্ষোভ ছড়িয়ে পড়ে এলাকায়। শনিবার দেহ এলাকায় ফিরলে তা নিয়ে ৩৪ নম্বর জাতীয় সড়ক অবরোধ করে চলতে থাকে বিক্ষোভ।

## চন্দ্রগ্রহণের পর মধ্যপ্রদেশের উজ্জ্বয়িনীর ভগবান মহাকালের মন্দির চত্বরের শুদ্ধীকরণ

উজ্জ্বয়িনী, ২৯ অক্টোবর (হি.স.) : চন্দ্রগ্রহণের পর মধ্যপ্রদেশের উজ্জ্বয়ীনির মহাকালের শিবমন্দির চত্বর শুদ্ধ করা হয়। চন্দ্রগ্রহণের পর রবিবার সকালে বিখ্যাত জ্যোতির্লিঙ্গ ভগবান মহাকালেশ্বর মন্দির চত্বর জল দিয়ে শুদ্ধ করা হয়। এর পরেই ভস্ম আরতি করা হয়। শনিবার গভীর রাতে চন্দ্রগ্রহণের কারণে সারাদেশের মন্দিরের দরজা বন্ধ থাকলেও মহাকালের মন্দিরের দরজা বন্ধ হয়নি। ভক্তদেরও দর্শন থেকে বিরত রাখা হয়নি। চন্দ্রগ্রহণের পর রবিবার সকালে মহাকাল মন্দিরের দরজা খোলার আগে পুরো মন্দির চত্বর জল দিয়ে ধুয়ে শুদ্ধ করা হয়। মন্দির চত্বর ধোয়ার জন্য দমকলের কর্মীদের সাহায্য নেওয়া হয়। মন্দিরের সামনের অংশ, নন্দী হল, গর্ভগৃহ, গণেশ মন্ডপম সহ সমগ্র চত্বর শুদ্ধ করা হয়। শুদ্ধ করার পরে পাণ্ডে-পুরোহিত গর্ভগৃহে স্থাপিত সমস্ত দেবতার মূর্তি পুজো করেন এবং ভগবান মহাকালের জলাভিষেক করেন। বাবা মহাকালকে দুধ, দই, ঘি, চিনি ও ফলের রস দিয়ে তৈরি পঞ্চামৃত দিয়ে পূজা করা হয়। ভস্ম নিবেদনের পর শেষনাগের রুপোর মুকুট, রুপোর মুণ্ডমাল ও রুদ্রাক্ষ জপমালা সহ সুগন্ধি ফুলের মালা নিবেদন করা হয়।

## শিলিগুড়ি-জলপাইগুড়ি জাতীয় সড়কে হঠাৎ বিস্ফোরণ, উড়ল ট্রাকচালকের পা

শিলিগুড়ি ২৯ অক্টোবর (হি.স.): শিলিগুড়ি-জলপাইগুড়ি জাতীয় সড়কে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে উড়ে গেল ট্রাকচালকের একটি পা। অল্পের জন্য রক্ষা পেল রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা ট্রাকটি। মুহূর্তে আগুন ছড়িয়ে গেলেও পুলিশ ও দমকলের তৎপরতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে নিয়ে আসা হয়। রবিবার সকালে ঘটনাটি ঘটেছে রাজগঞ্জের ফাটাপুকুর টোলগেট সংলগ্ন এলাকায়।

জানা গিয়েছে, এদিন শিলিগুড়ি-জলপাইগুড়ি জাতীয় সড়কের এক পাশে ট্রাকটিকে দাঁড় করিয়ে রান্না করেছিলেন চালক। সেইসময় গ্যাসের সিলিন্ডারে লিকেজ ধরা পড়ে। কিছু বুঝে ওঠার আগেই বিস্ফোরণে কেঁপে ওঠে চারিদিক। ট্রাকটির বিভিন্ন জায়গায় আগুন লেগে যেতেই চাঞ্চল্য ছড়িয়ে পড়ে এলাকায়। আশেপাশের মানুষ ছুটে এসে আগুন নেভানোর কাজে হাত লাগায়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় রাজগঞ্জ থানার পুলিশ এবং ফুলবাড়ি দমকল কেন্দ্রের একটি ইঞ্জিন। দমকল বাহিনীর বেশ কিছুক্ষণের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আসে।

## সামনেই খেলার মরশুম, তার আগেই বালুরঘাট স্টেডিয়ামে বসানো হল সিসিটিভি

বালুরঘাট, ২৯ অক্টোবর (হি. স.) : সামনেই বিভিন্ন খেলার মরশুম। তার আগেই দক্ষিণ দিনাজপুর জেলা ক্রীড়া সংস্থার বালুরঘাট স্টেডিয়ামে বসানো হল সিসিটিভি।

এই প্রথম সিসিটিভি ক্যামেরা বসল স্টেডিয়ামে।জেলা ক্রীড়া সংস্থার তরফে জানানো হয়েছে, খেলার মাঠ থেকে গোটা স্টেডিয়াম চত্বরে মোট ১৩টি সিসিটিভি লাগানো হয়েছে। এর ফলে খেলোয়াড়দের নিরাপত্তা আরও সুনিশ্চিত হবে। প্রয়োজনে আগামী দিনে আরও সিসিটিভি লাগানো হবে।

বর্তমানে স্কুল কলেজ থেকে বিভিন্ন সংস্থায় নিরাপত্তা কারণে সিসিটিভি লাগানো হয়। তবে এত দিন পর্যন্ত বালুরঘাট স্টেডিয়ামে কোনও সিসিটিভি ছিল না। এদিকে সিসিটিভি না থাকার ফলে রাত হলেই সমাজবিরোধীদের আড্ডা বাড়ছিল স্টেডিয়াম চত্বরে। বিষয়টি নজরে আসতেই দুর্গাপুজোর আগে তড়িঘড়ি বৈঠকে বসে জেলা ক্রীড়া সংস্থা। বৈঠক সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেওয়া হয় স্টেডিয়ামে সিসিটিভি লাগানো হবে।

এরপরই প্রথম দফায় ১১টি ও পরে আরও ২টি সিসিটিভি লাগানো হয়। অফিস রুম থেকে গোটা স্টেডিয়াম এখন সিসিটিভির আওতায় রয়েছে। এদিকে সিসিটিভি লাগানোর পর স্টেডিয়াম চত্বরে সমাজ বিরোধীদের আনাগোনা বন্ধ হয়েছে।

সামনেই বিভিন্ন খেলার মরশুম রয়েছে। বাইরে থেকে খেলোয়াড় আসে।

পুরুষদের পাশাপাশি মহিলা খেলোয়াড় রয়েছে। তাঁদের নিরাপত্তা আরও সুনিশ্চিত করা যাবে স্টেডিয়ামে সিসিটিভি লাগানোর ফলে। পুরুষদের পাশাপাশি মহিলা খেলোয়াড়দের নিরাপত্তা জরুরি। এখন ঘরে বসেই স্টেডিয়ামের কোথায় কী হচ্ছে তা দেখা যাচ্ছে ও রেকর্ড থাকছে। এর ফলে অপ্রীতিকর ঘটনা ঘটানোর সাহসও সহজে কেউ পাবে না।

## শিলচরের মধুরবন্দে বিধ্বংসী অগ্নিকাণ্ড, ভস্ম বসতবাড়ি, দগ্ধ গৃহকর্তা

শিলচর (অসম), ২৯ অক্টোবর (হি.স.) : কাছাড় জেলা সদর শিলচরের মধুরবন্দে সংঘটিত বিধ্বংসী অগ্নিকাণ্ডে পুড়ে ভস্ম হয়ে গেছে বসতবাড়ি। আগুনে ঝলসে জখম হয়েছেন গৃহকর্তা শাহিন আখতার। পুড়ে ছাই হয়ে গেছে তাঁর বসতবাড়ির আসবাবপত্র, প্রয়োজনীয় জরুরি নথিপত্র সহ যাবতীয় সম্পত্তি।

ঘটনা শনিবার রাতে জনৈক শাহিন আখতারের বাড়িতে সংঘটিত হয়েছে। জানা গেছে, প্রতিদিনের মতো গতকাল রাতেও নৈশ আহার করে পরিবারের অন্য সদস্যদের সঙ্গে বিছানায় যান শাহিন। কিছুক্ষণ পর হঠাৎ দেখেন, ঘরের সুইচ বোর্ডে স্পার্ক করছে। তাঁর বুঝতে দেরি হয়নি, বোর্ডে শর্ট সার্কিট হয়েছে। শর্ট সার্কিটের সঙ্গে সঙ্গে নিমেষের মধ্যে আগুন ছড়িয়ে পড়ে। মুহূর্তের মধ্যে গোটা ঘর গ্রাস করে ফেলে আগুনের লেলিহান শিখা। ঘটনাটি দেখে প্রতিবেশীরা বালটি, কলস, টিন ইত্যাদি নিয়ে ছুটে গিয়ে আগুন নেভানোর চেষ্টা করেন। এরই মধ্যে খবর যায় তারাপুর অগ্নিনির্বাপক কেন্দ্রে। খবর পেয়ে তৎক্ষণাৎ দুটি ইঞ্জিন নিয়ে অগ্নিনির্বাপক বাহিনী ঘটনাস্থলে এসে আগুন নিয়ন্ত্রণে ঝাঁপিয়ে পড়ে। কিছুক্ষণের মধ্যে আগুন নিয়ন্ত্রণে আনেন অগ্নিনির্বাপক কর্মীরা। কিন্তু এর আগেই আগুনের লেলিহান শিখা শাহিন আখতারদের গোটা বাড়ি ছাই করে দিয়েছে।

বিধ্বংসী অগ্নিকাণ্ডে শাহিন আখতারের প্রায় সব সম্পত্তি পুড়ে ভস্ম হয়ে গেছে। ছাই হয়ে গেছে সব প্রয়োজনীয় নথিপত্র। অগ্নিকাণ্ডে প্রায় ১০ লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে মনে করা হচ্ছে। এদিকে আগুন নেভাতে গিয়ে গৃহকর্তা শাহিন আখতারের শরীরের বেশ কিছু অংশ ঝলসে গেছে। তিনি চিকিৎসাধীন বলে জানা গেছে।

## হোজাইয়ের কঁপাহবাড়িতে পুলিশ-ডাকাত গোলাগুলি, জখম এক

হোজাই (অসম), ২৯ অক্টোবর (হি.স.) : হোজাইয়ের কঁপাহবাড়িতে পুলিশ এবং ডাকাতের মধ্যে গোলাগুলি সংগঠিত হয়েছে। পুলিশের গুলিতে আহত হয়েছে এক ডাকাত। গুলিবিদ্ধ ডাকাতকে সাইদুল আলম বলে শনাক্ত করা হয়েছে।

ঘটনা শনিবার মধ্য রাতে হোজাইয়ের কঁপাহবাড়ি এলাকায় সংঘটিত হয়েছে। গভীর রাতে একটি মোটর বাইকে করে দুই আরোহী যাচ্ছিল। বাইককে দাঁড়াতে সংকেত দেয় টহলদারী পুলিশের দল। তখন আচমকা বাইকের এক আরোহী পুলিশকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছুঁড়ে।

## সিভিক ভলান্টিয়ারকে মারধর-টাকা ছিনতাইয়ের অভিযোগ, গ্রেফতার ৪

মুর্শিদাবাদ, ২৯ অক্টোবর (হি.স.): মুর্শিদাবাদের জঙ্গিপুরে সিভিক ভলান্টিয়ারকে মারধর করে তাঁর বাইক, মোবাইল এবং টাকা ছিনতাইয়ের এই ঘটনায় জড়িত থাকার অভিযোগে চার যুবককে গ্রেফতার করল সুতির আহিরণ ফাঁড়ির পুলিশ।

পুলিশ সূত্রে খবর, ১৯ অক্টোবর জঙ্গিপুর এসপি অফিসে কর্মরত দুলাল দাস নামে এক সিভিক ভলান্টিয়ার নিজের ডিউটি শেষ করে বাইক চালিয়ে সুতি থানার বামুহা গ্রামে নিজের বাড়িতে ফিরছিলেন। ওই সিভিক ভলান্টিয়ার যখন আহরণ ব্রিজের কাছাকাছি ছিলেন সেইসময় চারজন অজ্ঞাত পরিচয় দুষ্কৃতী হঠাৎই তাঁকে আক্রমণ করে। এই হামলায় গুরুতর জখম হন ওই সিভিক ভলান্টিয়ার। রক্তাক্ত অবস্থায় ঘটনাস্থলেই জ্ঞান হারান তিনি। কিছুসময় পর ওই রাস্তা দিয়ে যাওয়ার সময় কয়েকজন ব্যক্তি দুলাল দাসকে রক্তাক্ত অবস্থায় পড়ে থাকতে দেখে তাঁকে স্থানীয় হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে যান।

সেখানে দুলাল দাসের মাথায় ছ'টি সেলাই পড়ে। এই ঘটনার পরেই আহত ওই পুলিশকর্মীর তরফে সুতি থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়। তদন্ত শুরু করে সুতি থানার অন্তর্গত আহিরণ ফাঁড়ির পুলিশ। শনিবার রাতে সুতি থানার বামুহা এবং মদনা গ্রামে অভিযান চালিয়ে মিজারুল ইসলাম, বাণী ইসরাইল, রুবেল শেখ এবং সোহেল শেখ নামে চার যুবককে গ্রেফতার করা হয়। ধৃতরা এই হামলার কথা স্বীকার করেছে। ধৃতদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয়েছে। শনিবার ধৃত চার যুবককে জঙ্গিপুর আদালতে পেশ করা হয়

## হাতির আক্রমণের মুখে কৃষক, অল্পের জন্য রক্ষা পেলে সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত বাড়ি

আলিপুরদুয়ার, ২৯ অক্টোবর (হি.স.) : হাতির আক্রমণের মুখে কৃষক। অল্পের জন্য রক্ষা পেলেও কৃষকের বাড়ি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে। ঘটনাটি ঘটেছে কালচিনি ব্লকের দক্ষিণ লতাবাদি এলাকায়। স্থানীয় লোকজনের অভিযোগ, বক্সা ব্যাঘ্র প্রকল্পের জঙ্গল থেকে প্রায়ই হাতি বেরিয়ে আসে এবং এলাকায় বিপর্যয় সৃষ্টি করে। ফসল ও বাসিন্দাদের ঘরবাড়ির ক্ষতি করে। আজও ভোরবেলা দক্ষিণ লতাবাদি এলাকার কৃষক শনিরাম নারজিনারি হাতির আক্রমণ থেকে অল্পের জন্য রক্ষা পেলেও কৃষকের বাড়ি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয়েছে।

এ বিষয়ে শনিরাম নরজিনারি বলেন, হাতিরা এলাকায় প্রতিনিয়ত তাণ্ডব চালাচ্ছে। কখনও ফসল নষ্ট করছে আবার কখনও ঘরবাড়ি ধ্বংস করছে। এমন অত্যাচারে রাতের ঘুম হারিয়েছে এলাকার কৃষকদের। এ বিষয়ে তিনি বন দফতরের দৃষ্টি দেওয়ার দাবি জানিয়েছেন।

## বিধায়কের সহায়তায় নিখোঁজ ছেলেকে ফিরে পেয়ে বিজেপিতে যোগ দিলেন তৃণমূলের পঞ্চায়েত সদস্যের

ঘাটাল, ২৯ অক্টোবর (হি. স.) : দেবের গড় ঘাটালে তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দিলেন বিজয়ী পঞ্চায়েত সদস্য। তাঁর নিখোঁজ ছেলেকে উদ্ধারে সর্বতো সাহায্য করেছিলেন স্থানীয় বিজেপি বিধায়ক। শনিবার ছেলেকে ফিরে পাওয়ার পরই রবিবার সকালে তৃণমূল ছেড়ে বিজেপিতে নাম লেখালেন তৃণমূলের টিকিটে জয়ী পঞ্চায়েত সদস্য। স্বাভাবিকভাবেই এই ঘটনায় রাজনৈতিক চাঞ্চল তৈরি হয়েছে পশ্চিম মেদিনীপুরের ঘাটাল ব্লকের ইরপাড়া পঞ্চায়েত এলাকায়।

ঘাটাল ব্লকের ইরপাড়া পঞ্চায়েত ছিল বিজেপির দখল। উপসমিতি গঠনের আগে বিজেপির এক সদস্য তৃণমূলে যোগ দেন। এ নিয়ে চূড়ান্ত গন্ডগোল বাঁধে ঘাটাল এলাকায়। রাজনৈতিক সংঘর্ষে জড়িয়ে পড়ে বিজেপি-তৃণমূল। এর ফলে উপ সমিতি গঠন প্রক্রিয়া বন্ধ ছিল। এর মাঝেই তৃণমূলে জয়ী সদস বিজেপিতে যোগ দিলেন। শিবির বদল করা দীপক ভট্টাচার্য্যের ছেলে দিন তিনেক আগে নিখোঁজ হয়ে গিয়েছিলেন। তাঁকে উদ্ধার করতে দলের সাহায্য চেয়েছিলেন পঞ্চায়েত সদস্য। অভিযোগ, দলের তরফে উপযুক্ত সাহায্য করেনি। উলটে স্থানীয় বিজেপি বিধায়ক শীতল কপাট সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিলেন। অবশেষে শনিবার হাওড়া থেকে পঞ্চায়েত সদস্যের ছেলেকে উদ্ধার করা হয়। এর পর রবিবার সকালে বিধায়কের হাত ধরে বিজেপিতে যোগ দেন তৃণমূল সদস্য।


## বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন শ্রীলঙ্কার কুমারা, ফিরলেন চামিরা

মুম্বই, ২৯ অক্টোবর (হি.স.): শ্রীলঙ্কা দল চোটে আবার বিপর্যস্ত। বাঁ উরুর চোটের জন্য বিশ্বকাপ থেকে ছিটকে গেলেন লঙ্কান পেসার লাহিরু কুমারা। আগামীকাল পুনেতে আফগানিস্তানের বিরুদ্ধে খেলার জন্য আজ অনুশীলন করতে গিয়ে চোটে পড়েছেন এই পেসার। তাঁর বদলি হিসেবে বিশ্বকাপ দলে নেওয়া হয়েছে আরেক পেসার দুষ্মন্ত চামিরাকে।বিশ্বকাপে এই নিয়ে শ্রীলঙ্কা দলে চোটের জন্য তিনজন খেলোয়াড় বদলি করা হল। এর আগে শ্রীলঙ্কার অধিনায়ক দাসুন শানাকার চোটে দলে ঢুকেছিলেন পেস বোলিং অলরাউন্ডার চামিকা করুনারত্নে। এরপর মাতিশা পাতিরানার চোটে দলে সুযোগ পেয়েছিলেন অ্যাঞ্জেলো ম্যাথুস। চামিরা সবশেষ ওয়ানডে খেলেছেন চলতি বছরের জুনে, আফগানিস্তানের বিপক্ষে। ওয়ানডেতে চামিরা এখন পর্যন্ত ম্যাচ খেলেছেন ৪৪টি, উইকেট পেয়েছেন ৫০টি। চলতি বিশ্বকাপে শ্রীলঙ্কা আছে পয়েন্ট তালিকার পাঁচ নম্বরে। প্রথম তিন ম্যাচ হারা শ্রীলঙ্কা নেদারল্যান্ডস ও ইংল্যান্ডকে হারিয়ে বিশ্বকাপে এখনো টিকে আছে।

# হরেকরকম

হরেকরকম হরেকরকম

## দীর্ঘ ক্ষণ ল্যাপটপে কাজ করার পর ঘাড় ঘোরাতে পারছেন না



ঘাড় ঘুরিয়ে পাশে বসা সহকর্মীর দিকে তাকাতে পারছেন না। তাঁর দিকে তাকাতে গেলে গোটা শরীরটাকেই এক পাশে ঘুরিয়ে ফেলতে হচ্ছে। একটু বেকায়দা হলেই ঘাড়ে ব্যথা করছে। শুয়েও শান্তি নেই। এই ধরনের ব্যথা সাধারণত শোয়ার বা বসার ভঙ্গির দোষে হতে পারে। শরীরচর্চা করার সময়েও ভুল ভঙ্গির কারণে ঘাড় বা কাঁধের পেশিতে চোট লেগে যেতে পারে।

চিকিৎসকেরা বলছেন, এই ধরনের ব্যথা যে সারা ক্ষণ হতে থাকে, তা নয়। তবে ভিতর ভিতর এমন একরকম কষ্ট হয়, যাতে সাধারণ কাজকর্মে ব্যাঘাত ঘটে। ঘাড়ের নমনীয়তা কমে আসতে পারে। ফলে অদ্ভুত ভাবে ঘাড় শক্ত হয়ে যেতে পারে। ঘাড় বা কাঁধের এই ধরনের সমস্যা নিরাময়ে ব্যথা কমানোর ওষুধ খান অনেকেই। তবে ঘরোয়া কিছু পদ্ধতিতে এই সমস্যার সমাধান সম্ভব।

১) ঠান্ডা এবং গরম সেঁক

সাধারণত শরীরের কোনও স্থানে রক্ত চলাচল ব্যাহত হলে ব্যথা হয়। ঘাড় বা কাঁধের পেশিতে যে ব্যথা হয়, তা নিরাময়ে গরম সেঁক দেওয়া যেতে পারে। রক্ত সঞ্চালন স্বাভাবিক করতে দারুণ কাজ করে গরম সেঁক। কারও কারও ক্ষেত্রে আবার ঠান্ডা বরফের সেঁকও একই রকম কাজ করে।

২) সাধারণ স্ট্রেচিং

হালকা কিছু স্ট্রেচ এই ধরনের ব্যথায় আরাম দিতে পারে। তবে তা অবশ্যই প্রশিক্ষকের তত্ত্বাবধানে করতে হবে। স্ট্রেচ করার সময়ে শ্বাস-প্রশ্বাস স্বাভাবিক রাখার চেষ্টা করতে হবে।

৩) নিজেই করুন মাসাজ

ঈষদুষ্ণ তেল নিয়ে হালকা হাতে নিজেই ঘাড়ে মাসাজ করতে পারেন। হাত ঘুরিয়ে কাঁধে বা ঘাড়ে মাসাজ করতে অসুবিধা হলে মাসাজ করার যন্ত্র কিনে নিতে পারেন।

৪) ফিজিয়োথেরাপি

ব্যথার তীব্রতা যদি খুব বেশি হয়, সে ক্ষেত্রে পেশাদার, দক্ষ ফিজিয়োথেরাপিস্টের সাহায্য নিতেই হবে। পেশির ব্যথা নিরাময়ে নির্দিষ্ট কিছু ভঙ্গি রয়েছে, যা ফিজিয়োথেরাপিস্টের সাহায্য ছাড়া করা যায় না।

৫) শরীরচর্চা কম

শরীরে কোনও জায়গায় ব্যথা হলে খুব চাপ দিয়ে শরীরচর্চা বা ব্যায়াম করা উচিত নয়। এমন অভ্যাসে কিন্তু হিতে বিপরীত হতে পারে। প্রথমে ব্যথা কমিয়ে, তার পর ধীরে ধীরে আবার ব্যায়াম শুরু করা যেতে পারে।

## কষা মাংস কিংবা রুই কালিয়া কী ভাবে রসুন দিলে স্বাদ বাড়বে

মাছ হোক কিংবা মাংস, রান্নায় স্বাদ আনতে রসুনের ভূমিকা অনবদ্য। বাঙালি বাড়িতে নিরামিষ রান্নার দিন বাদ দিয়ে রসুন ছাড়া খাবার বানানোর কথা ভাবাই যায় না। বিশেষ করে উতব-অনুষ্ঠানে মরসুমে বাড়িময় ম ম করে রসুনের গন্ধ। রান্নার স্বাদ আনা ছাড়াও রসুনের স্বাস্থ্যগুণও কম নয়। রান্নায় রসুন ব্যবহার করলে সুফল পাওয়া যায় তো বটেই, তবে পুষ্টিবিদ এবং চিকিতক উভয়েরই মতে, কাঁচা রসুনও কম স্বাস্থ্যকর নয়।

প্রদাহজনিত সমস্যা দূর করা থেকে শুরু করে পেশির নমনীয়তা রক্ষা, প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধিতেও রসুনের সত্যিই কোনও বিকল্প নেই। তবে রসুনের স্বাস্থ্যগুণ পুরোপুরি পাওয়া যাবে তখনই, যখন রান্নায় এর ব্যবহার সঠিক পদ্ধতিতে হবে।

রসুন কুচি, রসুন বাটা, আস্ত রসুন বিভিন্ন ভাবে রান্নায় রসুন ব্যবহারের চল আছে। কিন্তু কোন পদ্ধতিটি ভুল সম্প্রতি তা নিজের ইনস্টাগ্রাম ভিডিয়োতে জানিয়েছেন বলিউডের তারকা পুষ্টিবিদ রিধিমা বাত্রা। তিনি জানাচ্ছেন, আস্ত রসুনের কোয়া কখনও সরাসরি রান্নায় দেওয়া ঠিক নয়। সবচেয়ে ভাল হয় যদি রসুন কুচি করে অথবা বেটে দিতে পারেন। তা হলে আসল উপকার মিলবে। তবে রসুন বেটেই সঙ্গে সঙ্গে রান্নায় দেওয়া ঠিক হবে না। রান্না শুরুর অন্তত ১০ মিনিট আগে বেটে রাখুন। এতে রসুনে থাকা স্বাস্থ্যকর উপাদান



অ্যালিসিন সক্রিয় হয়ে ওঠার সুযোগ পাবে। অ্যালিসিন ক্যানসার প্রতিরোধে সাহায্য করে। কোলেস্টেরলের মাত্রা নিয়ন্ত্রণেও যথেষ্ট সাহায্য করে এই উপাদান। উচ্চ রক্তচাপের মাত্রা কমাতেও রসুনে থাকা অ্যালিসিন কার্যকরী। রসুন কোয়া রান্নায় দিলে অ্যালিসিনের কার্যক্ষমতা নষ্ট হয়ে যায়। তার চেয়ে রসুন বেটে দিলে রান্না সুস্বাদুও হয়, আবার এর স্বাস্থ্যগুণও পাওয়া যায়।

## চোখ-ঠোঁটের চারপাশের বলিরেখা বাড়ছে?



বয়স বাড়তে থাকলে ত্বকের পেশি শিথিল হয়ে পড়ে। ফলে বলিরেখার পরিমাণ বাড়তে থাকে। সেটাই স্বাভাবিক। তবে কম বয়সিদের মুখেও অনেক সময়ে সূক্ষ্ম ভাঁজ বা বলিরেখা দেখা যায়। ঘরোয়া নানা রকম টোটকাতেও এই বলিরেখা আটকানো যায় না। চিকিৎসকেরা বলছেন, অল্প বয়সে মুখে বলিরেখা পড়ার অন্যতম একটি কারণ হল শোয়ার ভঙ্গি।

দীর্ঘ ক্ষণ এক পাশ ফিরে শোয়ার জন্যই মুখে নানা রকম ভাঁজ পড়ে। সময়ের সঙ্গে সঙ্গে সেই ভাঁজ আরও গভীর হতে থাকে এবং তা স্থায়ী হয়ে যায়। শোয়ার ভঙ্গি কী ভাবে মুখের আদল বদলে দিতে পারে? অ্যাস্থেটিক সার্জারি জার্নাল রিসার্চ বলছে, ঘুমের সময়ে মানসিক চাপ, ক্রমাগত মুখের পেশির সঙ্কোচন-প্রসারণ বা অঙ্গভঙ্গির ফলে মুখের আকার বা ত্বকে নানা রকম ভাঁজ পড়ে। যে কোনও এক পাশ ফিরে শোয়ার অভ্যাসে এই ধরনের সমস্যা আরও বেড়ে যায়। বেশির ভাগ ক্ষেত্রেই দেখা যায়, নাকের পাশ থেকে তা ঠোঁটের কোণ পর্যন্ত বিস্তৃত। এক পাশ ফিরে শুলে দেহের অন্যান্য অংশেও একই ভাবে চাপ পড়ে।

শোয়ার ভঙ্গি কী ভাবে মুখে বলিরেখা ফেলতে পারে? বলিরেখার জন্য বয়স, জীবনধারা এবং জিন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। কিন্তু কম বয়সে মুখ, ঘাড় কিংবা গলায় সূক্ষ্ম ভাঁজ পড়ার পিছনে শোয়ার ভঙ্গি দোষ অস্বীকার করা যায় না। এই সমস্যা সমাধান করতে সোজা হয়ে পিঠের উপর শুতে বলেন চিকিতকেরা। এক পাশ ফিরে শুলে দেহের পুরো ভার এক দিকে গিয়ে পড়ে। ফলে বলিরেখা পড়ার আশঙ্কা বৃদ্ধি পায়।

## কড়া ডায়েট না করেও ঝরাবেন কী ভাবে পেটে মেদ

শরীরচর্চা করে ওজন কমানো সম্ভব হলেও পেটের মেদ ঝরানো কিন্তু বেশ কঠিন। বিশেষ করে বয়স ৪০-এর কোঠা পেরোলে পেটের বাড়তি মেদ কমাতে যথেষ্ট বেগ পেতে হয়। অত্যধিক পরিমাণে বাইরের খাবার খাওয়া, শরীরচর্চা না করা এমন বিবিধ কারণে পেটের মেদ জমতে পারে। কিন্তু চল্লিশ পেরিয়ে পেটে মেদ জমতে শুরু করলে, তার নেপথ্যে অন্য কারণ থাকতে পারে।

হরমোনের পরিবর্তন, ইস্ট্রোজেনের মাত্রা কমে যাওয়া, মানসিক অবসাদ পেটের স্থূলতার একটা বড় কারণ। এ ছাড়াও এই বয়সে শরীরের অন্দরেও নানা পরিবর্তন ঘটতে থাকে। সব মিলিয়ে বাড়তি মেদ জমা হতে থাকে উদরে। অনেকেই পেটের মেদ ঝরাতে শরীরচর্চা করেন, জিমে যান। কিন্তু সে সব করেও কোনও লাভ হয় না। পুষ্টিবিদেরা জানাচ্ছেন, কম বয়সে শরীরচর্চা করার ব্যাপারে যে পরিমাণ উতাহ থাকে, বয়স বাড়ার সঙ্গে সঙ্গে তা কমতে থাকে। ফলে শরীরচর্চা করলেও বিশেষ কোনও লাভ হয় না। তবে ৪০-এর পর যে পেটের মেদ কমানোর কোনও উপায়ই নেই, তেমনও নয়। কয়েকটি নিয়ম মেনে চললে মেদ ঝরানো সহজ হবে।

সুষম ডায়েট- বয়স ৪০ হয়ে গেলে খাওয়াদাওয়ার দিকে বিশেষ নজর দিতে হয়। কী খাচ্ছেন, তার উপরে



নির্ভর করছে মেদহীন থাকা সম্ভব কি না। তাই মেদহীন থাকতে ফল, সবুজ শাকসব্জি, প্রোটিন বেশি করে খাওয়া জরুরি। তা হলে মেদ জমার ঝুঁকি কম থাকবে।

উদ্বেগমুক্ত থাকুন- অতিরিক্ত দুশ্চিন্তা, উদ্বেগে পেটে মেদ জমতে পারে। তাই মেদ ঝরাতে যতটা সম্ভব উদ্বেগমুক্ত থাকুন। তাতে মন এবং শরীর, দুই-ই ভাল থাকবে।

পর্যাপ্ত ঘুম- ঘুমের ঘাটতিও পেটে মেদ জমার একটা কারণ। তাই প্রতি দিন পর্যাপ্ত ঘুম জরুরি। ঘুম যত ভাল হবে, পেটে মেদ জমার আশঙ্কাও কমবে।

## নিজের রান্না করা খাবার দেখে আঁতকে উঠলেন তরুণী, কিন্তু কেন?



নিজের রেস্তরাঁর রান্নার জন্য বাজার থেকে শাকসব্জি, মাছ-মাংস কিনে আনার পর নিজে হাতেই সে সব পরিষ্কার করে নেন বছর তিরিশের সিমোনা বেকার। এ দিনও তাই করেছিলেন। কিন্তু তার পরেও যা ঘটল, নিজের চোখকেই বিশ্বাস করতে পারছিলেন না সিমোনা। সিডনি শহরে তাঁর নিজের একটি রেস্তরাঁ আছে। সিমোনা রান্নাও করেন নিজের হাতে। তাঁর হাতের পালং পাস্তা খেতে প্রচুর মানুষ ভিড় করেন। এ দিন নিজের হাতেই পাস্তা রেঁধেছিলেন রেস্তরাঁর হেঁশেলে। কিন্তু সেই পাস্তা পরিবেশন করার আগেই আঁতকে ওঠেন তিনি। পালং শাক, পাস্তা, মশলা, মেয়োনিজ ছাড়াও আরও একটি জিনিস তাঁর চোখে পড়ে। পালং পাস্তার সঙ্গেই রান্না হয়েছে একটি জ্যান্ত ব্যাঙ। সেটা দেখেই মাথা ঘুরতে শুরু করে সিমোনার।


রান্নার পর অবশ্য ব্যাঙটি একেবারে নেতিয়ে পড়েছে। কিন্তু কী ভাবে রান্নায় ব্যাঙটি এল, সেটাই বুঝতে পারছিলেন না সিমোনা। পরে অবশ্য তাঁর মনে হয়, পালং শাকের মধ্যেই লুকিয়ে ছিল ছোট ব্যাঙটি। পালং শাক ঠিক করে না ধোয়ার কারণেই এই কাণ্ডটি ঘটে। তবে একটা স্বস্তির বিষয় এই যে, খাবারটি কারও পাতে পড়ার আগেই তাঁর চোখে পড়েছে। এই ঘটনার পর একটি ইনস্টাগ্রাম ভিডিয়োয় তিনি পরামর্শ দিয়েছেন, রান্না করার আগে সব সময় কাঁচা শাকসব্জি ভাল করে বহু বার ধুয়ে নেওয়া জরুরি।

## অল্প বয়সেই পিঠের যন্ত্রণায় কাবু?

অফিসে একটানা দাঁড়িয়ে কিংবা বসে বসে কাজ করে কোমরে ব্যথায় এখন অল্পবয়সিরাও ভুগছেন। সকালবেলা ঘুম থেকে ওঠার পর তীব্র যন্ত্রণা অনুভব করেন কেউ কেউ। চিকিতকেরা বলছেন, বয়সজনিত কারণ ছাড়াও এমন নানা কারণে কোমরে ব্যথা হতে পারে। সারা ক্ষণ মোবাইলে মুখ গুঁজে বসে থাকা, ল্যাপটপের সামনে বসে কাজ, মেরুদণ্ডের সমস্যা ইত্যাদি নানা কারণে ৩০-এর আগেই কোমর, পিঠের ব্যথা নিয়ে ঘুরছেন মানুষজন।

তবে ব্যথার ওষুধ বা ইঞ্জেকশন ছাড়াও জীবনধারায় কিছু পরিবর্তন আনলে এই ধরনের ব্যথা নিয়ন্ত্রণে রাখা যেতে পারে। জেনে নিন কী ভাবে যন্ত্রণা থেকে রেহাই মিলবে।


শরীরচর্চা: কোমরের যন্ত্রণা শুরু হলে সেই সময়ে নড়াচড়া করাই মুশকিল হয়। কিন্তু চিকিতকেরা বলছেন, একটু কষ্ট করে যদি সাধারণ কয়েকটি যোগাসন এবং স্ট্রেচ করা যায়, তবে আরাম মিলবে। ব্যথা কমলে সাঁতার বা অ্যারোবিক্সও করা যেতে পারে। তবে এক দিনেই ফল মিলবে, এমনটা আশা করা যায় না। নিয়মিত করলে তবেই উপকার পাওয়া যাবে। ধূমপান: মেরুদণ্ডে কোনও রকম সমস্যা হলে তা থেকে রেহাই পেতে ধূমপায়ীদের অনেকটা সময় লেগে যায়। যাঁরা ধূমপান করেন না, তাঁরা মেরুদণ্ডের বিভিন্ন সমস্যা থেকে তাড়াতাড়ি সেরে ওঠেন। পর্যাপ্ত ঘুম: ঘুমের সঙ্গে শারীরবৃত্তীয় বিভিন্ন কার্যকলাপ জড়িয়ে থাকে। বিশেষজ্ঞরা বলছেন, ঘুম কম হলে কোমরের ব্যথা কিন্তু বেড়ে যেতে পারে। শরীরের বিভিন্ন পেশি, স্নায়ু সারা



দিন কাজ করার পর এই সময়েই শিথিল হয়ে পড়ে। পরের দিনের জন্য রসদ সংগ্রহ করে ঘুমের মধ্যেই। তাই সুস্থ থাকতে গেলে ৭ থেকে ৮ ঘণ্টা ঘুমোনো জরুরি।

দেহের ভঙ্গি বদল: সারা দিন হাড়ভাঙা খাটনির পর বিছানায় পিঠ দেওয়া মাত্রই কী ভাবে শুয়ে আছেন, সে খেয়াল থাকে না অনেকের। বিশেষজ্ঞরা বলছেন, শোয়ার ভুলেও অনেক সময়ে কোমরের উপর চাপ পড়ে। তাই সঠিক ভাবে শোয়ার অভ্যাস করতে হবে। একই ভাবে টেবিল-চেয়ারে বসার সময়েও মেরুদণ্ড সোজা করে বসার চেষ্টা করতে হবে। ওজন কমানো: চেহারা ভারী হলে কোমরে-পিঠের যন্ত্রণা আরও বেড়ে যায়। এই সমস্যা এড়িয়ে চলতে তাই ওজন বাগে রাখা ভীষণ জরুরি। তাই খাওয়াদাওয়ায় রাশ টানা এবং একসঙ্গেই নিয়ম করে শরীরচর্চা করতে হবে।

## ঢোক গিলতে গেলেই গলায় ব্যথা



পুজোর পর থেকেই আবহাওয়া বদলের ইঙ্গিত টের পাওয়া যাচ্ছে। রাতে একটু গরম হলেও ভোরের দিকে কাঁথামুড়ি দিতে হচ্ছে অনেককেই। এই সময়ে সর্দি-কাশি, গলাব্যথার মতো সমস্যা দেখা যাচ্ছে প্রায় সব ঘরেই। ঘুম থেকে উঠে ঢোক গিলতে গেলেই কাঁটার মতো কী যেন গলায় বিঁধছে। বেলা বাড়লেও জল খেতে সমস্যা হচ্ছে।

নুন-গরম জল গিয়ে গার্গল করছেন, তবে সঙ্গে যদি কয়েকটি টোটকা করতে পারেন, কাজ হবে আরও তাড়াতাড়ি।

কোন কোন ঘরোয়া উপাদানে সারবে গলাব্যথা?

১) মধু- গলাব্যথা থেকে মুক্তি পেতে ঘরোয়া ওষুধ হিসেবে দারুণ কার্যকরী মধু। মধুতে রয়েছে অ্যান্টি-ইনফ্লেমেটরি এবং অ্যান্টি-ব্যাক্টেরিয়াল উপাদান, যা গলা এবং শ্বাসনালিতে সমস্যা সৃষ্টিকারী ব্যাক্টেরিয়া ও ভাইরাসকে ধ্বংস করে ফেলতে সক্ষম। সকালে ঈষদুষ্ণ জলে বা ভেষজ চায়ে ২ চা চামচ মধু মিশিয়ে খাওয়া যেতে পারে।

২) রসুন- আবহাওয়া পরিবর্তনের সময়ে গলাব্যথা, সর্দি-কাশি লেগেই থাকে। এই সব সমস্যা থেকে রেহাই পেতে অনেকেই রসুন খেয়ে থাকেন। রসুনের মধ্যে রয়েছে অ্যালিসিন নামক একটি উপাদান। যা সংক্রমণজনিত জ্বর, ফ্লু সারাতেও দারুণ কাজ করে।

৩) দারচিনি- দারচিনিতে রয়েছে আশ্চর্য ভেষজ গুণ। সুগন্ধি এই মশলাটির একাধিক উপকারিতা রয়েছে। সর্দি-কাশি থেকে রেহাই পেতে দারচিনির জুড়ি মেলা ভার। তা ছাড়া গলাব্যথাতেও দুর্দান্ত কাজ দেয় এই মশলা। বিভিন্ন ভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে সহায়তা করে দারচিনি। রোজকার চায়ে সামান্য দারচিনি মিশিয়ে খেলে অল্প দিনেই উপকার পাবেন।

৪) হলুদ- হলুদের জীবাণুরোধক ক্ষমতা অপরিসীম। টিস্যুর প্রদাহ থেকে রক্ষা করে হলুদ। তাই গলার ব্যথা কমাতে অনেকেই ঘরোয়া উপায়ে হলুদ ব্যবহার করে থাকেন। কী ভাবে খাবেন হলুদ? এক কাপ দুধে সামান্য হলুদ মেশান। তার পর সেই দুধ ফুটিয়ে রাতে ঘুমোতে যাওয়ার আগে গরম গরম খান। এই হলুদ মেশানো দুধ যে কোনও সংক্রমণ বা গলাব্যথা কমানোর ক্ষেত্রে খুব কার্যকর।


৫) লবঙ্গ- গলাব্যথা বা কাশি থেকে মুক্তি পেতে লবঙ্গ দারুণ উপকারী। একটি লবঙ্গ নিয়ে তাতে ভাল করে সৈন্ধব লবণ লাগিয়ে মুখে রাখুন। গলাব্যথা, গলা খুসখুস, কাশির সমস্যার ভাল দাওয়াই লবঙ্গ।

## ধূমপান করে দাঁতে হলদে ছোপ পড়েছে?

ভাজাভুজি কুড়মুড়ে করতেই হোক কিংবা নরম তুলতুলে কেক-মাফিন তৈরি করতে রান্নার কাজে বেকিং সোডার ব্যবহার বহুল। রুপোর জিনিস চকচকে করা থেকে কার্পেট পরিষ্কার, গৃহস্থলির হরেক রকম কাজে বেকিং সোডা ব্যবহার করা হয়। এ ছাড়া, হজমের সমস্যা দূর করতে, গলা ব্যথা থেকে রেহাই পেতেও অনেকে বেকিং সোডার উপর ভরসা রাখেন। তবে ত্বক পরিচর্যা ও রূপচর্চাতেও বেকিং সোডা দারুণ কাজে আসে সেই খবর রাখেন কি? ১) শরীরে ঘন ঘন ঘাম বেরোয়? স্নানের জলে বেকিং সোডা মিশিয়ে নিলেই এই সমস্যা হাত থেকে রেহাই পেতে পারেন। সানবার্নের সমস্যা শুরু হলেও বেকিং সোডা দিয়ে স্নান করলে রেহাই পাবেন। ২) সারা দিন শ্রমের পর ঈষদুষ্ণ জলে বেকিং সোডা মিশিয়ে পা ডুবিয়ে থাকুন। বাড়ি ফিরে মিনিট পাঁচেক এমনটা করতে পারলেই পায়ের স্ক্রাবিংয়ের কাজ হয়ে যাবে। ৩) ধূমপান করে দাঁতে বারোটা বেজেছে? পেস্টের সঙ্গে বেকিং সোডা মিশিয়ে দাঁত মাজতে পারেন। দাঁত চকচকে হবে। ৪) পায়ের দুর্গন্ধ এড়াতেও গরম জলে বেকিং সোডা মিশিয়ে পা ডুবিয়ে রাখতে পারেন। সমস্যা দূর হবে। ৫) অনেক সময়ে নখের জেল্লা হারিয়ে যায়, খসখসে দেখায়। জলে সামান্য বেকিং সোডা মিশিয়ে সেই মিশ্রণটি তুলোয় ভিজিয়ে নখে লাগালে নখের জেল্লা ফিরে আসে।

## পাকা চুল তুললে না কি সেখানে আবার পাকা চুলই গজায়?

ছোট থেকে শুনে এসেছেন পাকা চুল তুললে তা আরও বেড়ে যায়। কিন্তু এমন ধারণার পিছনে আদৌ বিজ্ঞানসম্মত কোনও যুক্তি আছে কি? চিকিতকেরা বলছেন, এই ধারণার বাস্তবসম্মত কোনও যুক্তি নেই। তাই বলে মনের আনন্দে পাকা চুল তুলে যাবেন, এমন অভ্যাস মোটেও ভাল নয়। পাকা চুল তুললেই যে পাকা চুলের সংখ্যা বেড়ে যাবে, এমন নয়। তবে চুলের গোড়া যে ক্ষতিগ্রস্ত হয়, সে বিষয়ে কোনও সন্দেহ নেই। চুলের রং কেমন হবে, তা নির্ভর করে মেলানিনের উপর। এই মেলানিন হল চুলের ফলিকলের গোড়ায় থাকা বিশেষ এক ধরনের কোষ, যা রং ধরে রাখতে সাহায্য করে। পাকা চুল তুলে নিলে সেখানে আবার যে নতুন চুলটি গজায়, তার রং সাদা হওয়ার সম্ভাবনাই বেশি। কারণ, চুলটি ওই পুরনো ফলিকল থেকেই জন্মায়। তাই পাকার জায়গায় কালো চুল গজানোর সম্ভাবনা কম। শুধু তা-ই নয়, পাকা চুল তুলে নেওয়ার পর ওই জায়গায় আবার চুল যে গজাবেই, তার কোনও মানে নেই। ফলে টাক পড়ে যাওয়ার আশঙ্কাও থেকে যেতে পারে। চুলের বৃদ্ধির ধাতও বদলে যেতে পারে।



# কংগ্রেস কখনও জনগণের কথা ভাবেনি, সর্বদা নিজেদের ও পরিবারের কথা ভেবেছে : জে পি নাড্ডা

ডোঙ্গারগড়, ২৯ অক্টোবর (হি.স.): কংগ্রেস কখনও জনগণের কথা ভাবেনি, তাঁরা সর্বদা নিজেদের ও পরিবারের কথাই ভেবেছে। বললেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জগৎ প্রকাশ নাড্ডা। রবিবার ছত্তিশগড়ের ডোঙ্গারগড় বিধানসভার অন্তর্গত থেলকাদিহে আয়োজিত ''বিজয় সংকল্প মহার‍্যালি''-তে ভাষণ দেওয়ার সময় নাড্ডা বলেছেন, ছত্তিশগড়ে একটিও উন্নয়নমূলক কাজও গোনাতে পারবে না কংগ্রেস, এখানে শুধুমাত্র বিজেপিই উন্নয়নের কাজ করেছে।

নাড্ডা বলেছেন, 'ছত্তিশগড় দেব-দেবী, সাহসী সৈনিক ও স্বাধীনতা সংগ্রামীদের ভূমি। শক্তির ক্ষেত্রেও ছত্তিশগড়ের একটি বিশেষ স্থান রয়েছে। নাড্ডা এরপর যোগ করেছেন, ছত্তিশগড় গত ৫ বছর ধরে গ্রহণের কবলে পড়েছে। ভূপেশ বাঘেলের সরকার দুর্নীতিতে গভীরভাবে নিমজ্জিত। এটা একটি প্রতারক সরকার, একটা প্রতিশ্রুতিও পূরণ করেনি। কংগ্রেস শুধুমাত্র নিজের চিন্তা করে, অথচ বিজেপি জনগণের সেবা করে। নাড্ডা জোর দিয়ে বলেছেন, 'বিজেপি রিপোর্ট কার্ডের সরকার। যা বলে, তাই করে। মোদীজি প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে ৪ কোটি বাড়ি তৈরি করার সিদ্ধান্ত নিয়েছিলেন, যার মধ্যে ৩.৫ কোটি বাড়ি তৈরি হয়েছে। ছত্তিশগড়েও ১৪ লক্ষের বেশি বাড়ি মঞ্জুর করা হয়েছিল, কিন্তু ভূপেশ বাঘেল সরকার ১২ লক্ষ বাড়ি তৈরি করতে দেয়নি।'

## সল্টলেকে ইডি-র দফতরে হঠাৎ হাজির জ্যোতিপ্রিয়-কন্যা, ছিলেন স্বল্প সময়ের জন্য

কলকাতা, ২৯ অক্টোবর (হি.স.): রবিবাসরীয় দুপুরে আচমকাই সল্টলেকে ইডি-র দফতরে দেখা গেল মন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিকের মেয়েকে। কয়েক মিনিট পর আবার সেখান থেকে বেরিয়েও গেলেন, ছিলেন অতি স্বল্প সময়ের জন্য। জ্যোতিপ্রিয় মল্লিকের কন্যা প্রিয়দর্শিনী কেন ইডি দফতরে গিয়েছিলেন, তা স্পষ্ট নয়। তাঁর হাতে একটি ফাইল দেখা গিয়েছে। তাতে কিছু কাগজপত্র ছিল। কাগজ জমা দিতেই কেন্দ্রীয় সংস্থার দফতরে প্রিয়দর্শিনী গিয়েছিলেন বলে মনে করা হচ্ছে।

রবিবার দুপুর ১টার পরে প্রিয়দর্শিনী সিজিও কমপ্লেক্সে পৌঁছন। তাঁর কাঁধে একটি ব্যাগ ছিল। হাতে ছিল একটি ফাইল। তাতে কী কাগজ রয়েছে, প্রিয়দর্শিনী সেই প্রশ্নের জবাব দেননি। তাঁকে ইডি তলব করেছিল কি না, কোনও নথিপত্র নিয়ে আসতে বলা হয়েছিল কি না, সব প্রশ্নের জবাবেই নীরব ছিলেন মন্ত্রীকন্যা। ইডি দফতরে পৌঁছে তিনি লিফটে উঠে যান। কয়েক মিনিটের মধ্যে বেরিয়ে এসে আবার গাড়িতে উঠে যান।

## কেরলে অনুষ্ঠান চলাকালীন বিস্ফোরণ; মৃত্যু এক মহিলার, পিনারাইয়ের সঙ্গে কথা অমিত শাহের

এর্নাকুলাম, ২৯ অক্টোবর (হি.স.): অনুষ্ঠান চলাকালীন বিস্ফোরণে কেঁপে উঠল কেরলের এর্নাকুলাম জেলার কালামাসেরির জামরা আন্তর্জাতিক সম্মেলন ও প্রদর্শনী কেন্দ্র। রবিবার সকালে কালামাসেরির এই কনভেনশন সেন্টারে বিস্ফোরণ হয়। এই ঘটনায় এক মহিলার মৃত্যু হয়েছে। জখম ও আহত হয়েছেন কমপক্ষে ৩৬ জন। কনভেনশন সেন্টারে এদিন সকালে অনুষ্ঠান চলছিল। সেই সময়ই বিস্ফোরণ হয়। বিকট শব্দে কেঁপে ওঠে গোটা এলাকা। কী কারণে বিস্ফোরণ এখনও জানা যায়নি।

প্রত্যক্ষদর্শীদের দাবি, দু''টি বিস্ফোরণ ঘটেছে। জখমদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করানো হয়েছে। এই বিস্ফোরণে সন্ত্রাসের সম্ভাবনা উড়িয়ে দিচ্ছে না পুলিশ। শুরু হয়েছে তদন্ত। কেরলের মন্ত্রী ভিএন ভাসাভান বলেছেন, 'একজন মহিলা আগুনে মারা গিয়েছেন, বিস্ফোরণে নয়। প্রাথমিক বিশ্লেষণে বলা হয়েছে পরপর দু''টি বিস্ফোরণ ঘটেছে আহত ৩৬ জন অ্যাস্টার মেডিসিটি, রাজাগিরি এবং সানরাইজে ভর্তি। এটি একটি অস্বাভাবিক দুর্ঘটনা। সমস্ত সংস্থা প্রাথমিক পরীক্ষার জন্য এখানে রয়েছে।'

কেরলের ডিজিপি ডঃ শাইক দরবেশ সাহেব বলেছেন 'রবিবার সকাল ৯:৪০ মিনিটে জামরা ইন্টারন্যাশনাল কনভেনশন অ্যান্ড এক্সিবিশন সেন্টারে বিস্ফোরণ হয়। একজন মারা গিয়েছেন এবং ৩৬ জন চিকিৎসাধীন রয়েছেন। কনভেনশন সেন্টারে একটি আঞ্চলিক সম্মেলন হচ্ছিল। আমাদের সকল উর্ধতন কর্মকর্তা ঘটনাস্থলে রয়েছেন। আমরা পুঙ্খানুপুঙ্খ তদন্ত করছি, এর পিছনে কারা রয়েছে তা খুঁজে বের করে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। প্রাথমিকভাবে মনে হচ্ছে আইইডি বিস্ফোরণ ঘটেছে।

এই বিস্ফোরণের ঘটনায় কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়নের সঙ্গে কথা বলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক সূত্রের খবর, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়নের সঙ্গে কথা বলেছেন এবং সম্মেলন কেন্দ্রে বিস্ফোরণের প্রেক্ষিতে রাজ্যের সামগ্রিক পরিস্থিতির পর্যালোচনা করেছেন। তিনি এনআইএ এবং এনএসজি-কে ঘটনাস্থলে পৌঁছে ঘটনার তদন্ত শুরু করার নির্দেশও দিয়েছেন।

## ছত্তিশগড়ে নির্বাচনী প্রচারে মাথায় গামছা বেঁধে কৃষকদের সঙ্গে ধান কাটলেন রাহুল

রায়পুর, ২৯ অক্টোবর (হি.স.) : ছত্তিশগড়ে দুদিনের নির্বাচনী প্রচারে গিয়ে রবিবার মাথায় গামছা বেঁধে কৃষকদের সঙ্গে ধান কাটলেন রাহুল গান্ধী। ২৮ অক্টোবর দুদিনের নির্বাচনী সমাবেশে ভাষণ দিতে ছত্তিশগড়ে যান কংগ্রেস নেতা রাহুল গান্ধী। রবিবার সকালে রাজধানীর নাভা রায়পুর সংলগ্ন কাথিয়া গ্রামের কৃষকদের মধ্যে পৌঁছে যান রাহুল গান্ধী। মাথায় গামছা বেঁধে এবং হাতে কাস্তে নিয়ে কৃষকদের সঙ্গে রাহুল মাঠে ধান কাটেন। কৃষক ও শ্রমিকদের সঙ্গে নানা বিষয় নিয়ে আলোচনাও করেন রাহুল। ছত্তিশগড়ের বিধানসভা নির্বাচন যতই ঘনিয়ে আসছে রাজনীতি ততই তীব্র হচ্ছে। রাজ্য পর্যায় থেকে শুরু করে দেশের নেতারা ভোটারদের আকৃষ্ট করতে নানা কৌশল অবলম্বন করছেন। এদিন রাহুলের ধান কাটা তারই অঙ্গ বলে মনে করছে বিশেষজ্ঞমহল। ধান কাটা শ্রমিকরা রাহুলের কাছে মজুরি বাড়ানোর দাবি জানান। রাহুল, ভূপেশ বাঘেলকে মজুরি বাড়াতেও বলেন। রাহুল জানান, কৃষকরা খুশি হলে ভারতও খুশি হবে।রাহুলের ধানকাটা ও রায়পুরের কাথিয়া গ্রামে কৃষকদের কাছে যাওয়ার বিষয়টি রাজ্যের উপ-মুখ্যমন্ত্রী টিএস সিংদেব এক্স-এর পোস্টে জানান।

## কেরলে বিস্ফোরণের প্রেক্ষিতে সতর্ক দিল্লি পুলিশ, রাজধানীতে জারি উচ্চ সতর্কতা

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.) : কেরলের কনভেনশন সেন্টারে বিস্ফোরণের পর রাজধানী দিল্লিতে উচ্চ সতর্কতা জারি করল দিল্লি পুলিশ। রবিবারের এই বিস্ফোরণের পর দিল্লির জনবহুল জায়গায় বিশেষ নজরদারি রাখা হয়েছে দিল্লির পুলিশের পক্ষ থেকে। স্পেশাল সেল সর্বক্ষণ গোয়েন্দা সংস্থার সঙ্গে যোগাযোগ রাখছে। বিস্ফোরণের পর থেকে কোনও তথ্যকেই হালকাভাবে নেওয়া হচ্ছে না বলে জানিয়েছে দিল্লি পুলিশ।

রবিবার সকালে কেরলের কোচির এর্নাকুলামের একটি কনভেনশন সেন্টার বিস্ফোরণে কেঁপে ওঠে। এরফলে একজনের মৃত্যু হয়েছে এবং ২০ জনের বেশি আহত হয়েছে। কালামাসেরিতে খ্রিস্টান ধর্ম গোষ্ঠীর সম্মেলন কেন্দ্রে বিস্ফোরণটি হয়। এই কাণ্ডে সন্ত্রাসের সম্ভাবনা রয়েছে বলেই অনুমান দিল্লি পুলিশের।

## বিজেপি মুদ্রাস্ফীতি নিয়ে জনগনের জনরোষকে নিয়ে মজা করছে : খাড়গে

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.) : কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে রবিবার পেঁয়াজের দাম বৃদ্ধি নিয়ে বিজেপিকে একহাত নেন। বিজেপি নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারকে রবিবার কটাক্ষ করলেন খাড়গে। কংগ্রেস সভাপতি তাঁর এক্স হ্যাণ্ডেলে এ সংক্রান্ত একটি কার্টুন পোস্ট করে বিজেপিকে কটাক্ষ করেন। পোস্টে খাড়গে লেখেন, বিগত ৯.৫ বছর ধরে বিজেপি মুদ্রাস্ফীতি নিয়ে জনগনের জনরোষকে নিয়ে মজা করছে। জনগণকে বোকা বানাচ্ছে। মুদ্রাস্ফীতি ইস্যুতে প্রতিবারই মোদী সরকার জনগণকে নিয়ে এভাবে মজা করছে।

খাড়গে আরও লেখেন যে, তিনি পেঁয়াজ খান না। আমরা অন্যান্য দেশের থেকে এক্ষেত্রে ভালো স্থানে রয়েছি। তাহলে পেঁয়াজের দাম এত বেশি কেন? পাঁচ রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনে জনগণ বিজেপিকে পরাজিত করে এর যোগ্য জবাব দেবে বলেও তিনি মন্তব্য করেন। উল্লেখ্য, গত সপ্তাহে পেঁয়াজের দাম প্রায় ৫০ শতাংশ বেড়েছে। দিল্লি এবং নয়ডা অঞ্চলে সব্জী প্রতি কেজি ৬০ থেকে ৮০ টাকায় বিক্রি হচ্ছে।

## এবারও ''ভোকাল ফর লোকাল''-এ জোর দিলেন প্রধানমন্ত্রী, বললেন আমাদের স্বপ্ন আত্মনির্ভর ভারত

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.): উৎসবের মরশুমে এবারও ''ভোকাল ফর লোকাল''-এ জোর দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। দেশবাসীর উদ্দেশে প্রধানমন্ত্রী বলেছেন, আমাদের স্বপ্ন আত্মনির্ভর ভারত।

রবিবার মন-কি-বাত অনুষ্ঠানের ১০৬-তম পর্বে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, প্রতিবারের মতো এবারও উৎসবের সময় আমাদের অগ্রাধিকার হওয়া উচিত ''ভোকাল ফর লোকাল''।

প্রধানমন্ত্রীর কথায়, 'প্রতিবারের মতো এবারও উৎসবের সময় আমাদের অগ্রাধিকার হওয়া উচিত ''স্থানীয়দের জন্য কণ্ঠস্বর'' অর্থাৎ ''ভোকাল ফর লোকাল''।

আসুন আমরা একসঙ্গে সেই স্বপ্ন পূরণ করি, আমাদের স্বপ্ন হল ''আত্মনির্ভর ভারত''। এখন ভারত বিশ্বের বৃহত্তম উৎপাদন কেন্দ্র হয়ে উঠছে।'

## অলিপুদুয়ারের জটেশ্বরে চিতাবাঘের দেহ উদ্ধার, রিপোর্টের অপেক্ষায় বন দফতর

আলিপুরদুয়ার, ২৯ অক্টোবর (হি.স.): আলিপুরদুয়ার জেলার জটেশ্বরে চাষের জমি থেকে উদ্ধার হল একটি চিতাবাঘের দেহ। রবিবার আলিপুরদুয়ারের জটেশ্বর ১ গ্রাম পঞ্চায়েতের উত্তর দলগাঁও বস্তিতে চিতাবাঘের দেহটি উদ্ধার হয়েছে। কীভাবে চিতাবাঘটির মৃত্যু হল, তা এখনও স্পষ্ট নয়। দেহটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠিয়েছেন মাদারিহাট রেঞ্জের বনকর্মীরা।জানা গিয়েছে, এদিন সকালে জমিতে চিতাবাঘের দেহটি পড়ে থাকতে দেখেন গ্রামবাসীরা। এরপর বিষয়টি তাঁরা মাদারিহাট রেঞ্জে জানান। এ বিষয়ে জলদাপাড়া জাতীয় উদ্যানের বনাধিকারিক সন্দীপ কুমার বেরোয়াল জানান, জলদাপাড়া জঙ্গলে চিতাবাঘটির ময়নাতদন্ত করা হবে।

## সংগৃহিত হয়েছে পবিত্র মাটি, দেশের নানা প্রান্ত থেকে দিল্লিতে এসে পৌঁছচ্ছে অমৃত কলস

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.): 'মেরি মাটি মেরা দেশ'''' কর্মসূচির অঙ্গ হিসেবে দেশের বিভিন্ন প্রান্ত থেকে সংগ্রহ করা হয়েছে পবিত্র মাটি। পবিত্র সেই মাটি 'অমৃত কলস'-এ করে দেশের বিভিন্ন প্রান্ত থেকে এসে পৌঁছচ্ছে রাজধানী দিল্লিতে। রবিবার সকালে দিল্লির আনন্দ বিহার রেল স্টেশন চত্বরে ''অমৃত কলস'' বহনকারী স্বেচ্ছাসেবকদের দেখা যায়, সকলের হাতে ছিল পবিত্র মাটি ভর্তি ''অমৃত কলস''। কেউ ট্রেনে, কেউ বাসে অথবা কেউ অন্যান্য মাধ্যমে দিল্লিতে এসে পৌঁছচ্ছেন। আগামী ৩১ অক্টোবর দিল্লির কর্তব্য পথে ''মেরি মাটি মেরা দেশ'' অনুষ্ঠানে বক্তব্য রাখবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এই অনুষ্ঠানটি 'মেরি মাটি মেরা দেশ' অভিযানের সমাপ্তি হিসেবে চিহ্নিত হবে।

রবিবার সকালেই গুজরাট বিজেপির রাজ্য সভাপতি সি আর পাটিল ''মেরি মাটি মেরা দেশ'' প্রচারের অধীনে ''কলস যাত্রা''- সূচনা করেন। ৭৫টি ''অমৃত কলস'' এদিন সকালে ই-গাড়িতে গান্ধীনগর থেকে দিল্লির উদ্দেশ্যে রওনা হয়েছে। সি আর পাটিল বলেছেন, 'গুজরাটের প্রতিটি গ্রামে বীরদের বাড়ি থেকে মাটি অথবা চাল সংগ্রহ করা হয়েছে এবং সেই ''খুন্ত''গুলিকে আহমেদাবাদে আনা হয়েছিল।

## ঝাড়খণ্ডের রাঁচিতে পাথরের আঘাতে মৃত্যু মহিলার

রাঁচি, ২৯ অক্টোবর (হি.স.) : ঝাড়খণ্ডের রাজধানী রাঁচিতে পাথরের আঘাতে এক মহিলার মৃত্যু হয়েছে।

শনিবার রাতে বেদো থানা এলাকার বাজার তান্ডের কাছে একটি রাস্তায় মৃত্যুর ঘটনা ঘটে। মৃত মহিলার নাম পুনম ওরাওঁ। তিনি শ্রমিকের কাজ করতেন। ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মৃতদেহ উদ্ধার করে পরবর্তী তদন্ত শুরু করে। রবিবার মহিলার মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হয়। পরিবারের সদস্যরা পুলিশকে জানান জমির ক্ষতিপূরণ নিয়ে তাঁর মেয়ে পুনম ওরাওঁ ও ছেলের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলছিল।

## প্রয়াত বিষাণ সিং বেদীকে শ্রদ্ধা জানাতে কালো ব্যান্ড পরে খেলছে ভারতীয় দল

লখনৌ, ২৯ অক্টোবর (হি.স.): বিশ্বকাপ চলাকালীন প্রয়াত হয়েছেন কিংবদন্তি ভারতীয় স্পিনার বিষাণ সিং বেদী। বিষাণ সিং বেদী প্রয়াত হওয়ার পর আজ প্রথমবার ইংল্যান্ডের বিরুদ্ধে বিশ্বকাপের ম্যাচ খেলতে নামল ভারত। এই ম্যাচে কালো ব্যান্ড হাতে বেঁধে খেলতে নেমেছেন রোহিত শর্মারা। বিসিসিআইয়ের তরফেও খেলার আগে টুইট করে জানানো হয়, বেদীর স্মৃতিতেই কালো ব্যান্ড পরে খেলবে গোটা ভারতীয় দল।

খেলা চলাকালীন ধারাভাষ্য দেওয়ার সময় রবি শাস্ত্রী জানান, ''প্রথম শ্রেণির ক্রিকেটে তাঁর অভিষেক ম্যাচটি ছিল কিংবদন্তি স্পিনারের শেষ ফার্স ক্লাস ম্যাচ। সেখানেও পাঁচ উইকেট তুলে নিয়েছিলেন বেদী।''

## ভারত ও ভারতীয়দের রক্ষা করা আমাদের কর্তব্য : রাজনাথ সিং

লখনউ, ২৯ অক্টোবর (হি.স.): প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং রবিবার উত্তর প্রদেশের লখনউয়ের গুরুদ্বারা আলমবাগে গুরু গ্রন্থ সাহেব প্রকাশ উৎসবে অংশ নিয়েছেন। রবিবার সকালে গুরুদ্বারা আলমবাগে গুরু গ্রন্থ সাহেব প্রকাশ উৎসবে অংশ নিয়ে আশীর্বাদ নেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। তাঁর সঙ্গে উপস্থিত ছিলেন বিজেপির কিছু নেতা-কর্মীরা।

এদিন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, 'ভারত ও ভারতীয়দের রক্ষা করা আমাদের কর্তব্য...গুরু নানক দেবও আমাদের এই অনুপ্রেরণা দিয়েছেন।' রাজনাথ সিং বলেছেন, সীমান্তে ভারতীয় সেনাবাহিনী ক্রমাগত যুদ্ধবিরতির জবাবও দিচ্ছে।

## ৩০ অক্টোবর নির্বাচনী প্রচারে মিজোরামে আসছেন অমিত শাহ

আইজল, ২৯ অক্টোবর (হি.স.) : আগামীকাল ৩০ অক্টোবর মিজোরাম বিধানসভা নির্বাচনের প্রচারে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এদিন সকালে রাজ্যে এসে প্রথমে মামিত জেলা সদরে অনুষ্ঠেয় এক নির্বাচনী সমাবেশে ভাষণ দেবেন।

মিজোরাম বিজেপির প্রদেশ মিডিয়া আহ্বায়ক জনি লালথানপুইয়া জানান, প্রথমে ঠিক ছিল, অমিত শাহ ছাড়াও নির্বাচনী প্রচারে আসবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও। কিন্তু অনিবার্য কারণে প্রধানমন্ত্রীর সফর আপাতত বাতিল হয়ে গেছে। পরবর্তীতে প্রধানমন্ত্রীর সফরসূচি নির্ধারণ হতে পারে। তবে অমিত শাহই নরেন্দ্র মোদীর স্থান পূরণ করবেন।

তিনি জানান, আগামীকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজ্যে এসে মামিত এবং রাজ্যের দক্ষিণাঞ্চলে গিয়ে দলের প্রার্থীদের পালে হাওয়া তুলতে প্রচার-সমাবেশে ভাষণ দেবেন।

তিনি বলেন, রাজ্যের দক্ষিণাঞ্চলে চাকমা, ব্রু, মারা এবং লাই জনগোষ্ঠীয় ভাষিক সংখ্যালঘু মানুষের বসবাস। তাঁদের ভোট টানতে বেশি জোর দিচ্ছে বিজেপি।

প্রদেশ মিডিয়া আহ্বায়ক লালথানপুইয়া জানিয়েছেন, বিজেপির আরেক সিনিয়র নেতা এবং কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গডকড়ি নির্বাচনী প্রচারে রাজ্যে আসবেন। লালথানপুইয়া জানান, গত শুক্রবার বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডা দলের ইস্তাহার প্রকাশ করেছেন। ইস্তাহারে রাজ্যে সরকারি চাকরিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ সংরক্ষণ এবং অসমের সাথে দীর্ঘদিনের সীমান্ত বিবাদের সমাধানের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, ২০১৮ সালের বিধানসভা নির্বাচনে ৩৯টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করেছিল বিজেপি। এবার ৭ নভেম্বর অনুষ্ঠেয় বিধনসভা নির্বাচনে ২৩ জনকে প্রার্থী করেছে দল।

## বিনামূল্যে কেজি থেকে পিজি পর্যন্ত শিক্ষা দিতে চলেছে ছত্তিশগড় সরকার : রাহুল গান্ধী

রাজনন্দগাঁও, ২৯ অক্টোবর (হি.স.): ছত্তিশগড়ের জনগণকে বড়সড় আশ্বাস দিলেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। রবিবার ছত্তিশগড়ের রাজনন্দগাঁও-এর জনসভা থেকে রাহুল গান্ধী বলেছেন, বিনামূল্যে কেজি থেকে পিজি পর্যন্ত শিক্ষা দিতে চলেছে ছত্তিশগড় সরকার।

রাহুল বলেছেন, 'আমি আগেই বলেছি, দুই ধরনের সরকার আছে, একটি কৃষক, দরিদ্র এবং সুবিধাবঞ্চিতদের জন্য কাজ করে, এবং অন্যটি কোটিপতিদের জন্য কাজ করে। ভূপেশ বাঘেল বলেছিলেন, মোদী সরকার আদানির মতো মানুষদের ১৪ লক্ষ কোটি টাকা মকুব করেছে।'

রাহুল আরও বলেছেন, 'আমি ছত্তিশগড়ের কৃষকদের বলতে চাই, আমরা গতবার কৃষি ঋণ মকুব করার প্রতিশ্রুতি দিয়েছিলাম এবং আমরা তা পূরণ করেছি, এবং এবারও, আমরা প্রতিশ্রুতি দিচ্ছি যে আমরা আবার কৃষি ঋণ মকুব করব।' রাহুল জোর দিয়ে বলেছেন, 'পাঁচ বছর আগে কংগ্রেস ছত্তিশগড়ের জনগণকে ৪-৫টি প্রতিশ্রুতি দিয়েছিল। সরকার কৃষক ও শ্রমিকদের কথা শুনবে, এই প্রতিশ্রুতি দিয়েছিলাম আমরা। প্রতিশ্রুতির মধ্যে রয়েছে কৃষি ঋণ মকুব করা এবং প্রতি কুইন্টাল ২,৫০০ টাকায় ধান সংগ্রহ করা। আমি আপনাদের সবার কাছে জানতে চাই, ''আমরা কি সেই সব প্রতিশ্রুতি পূরণ করেছি?'

## উত্তরবঙ্গে শীতের আমেজ বৃদ্ধি, পারদ-পতনে ঠান্ডা আমেজ অনুভূত তিলোত্তমাতেও

কলকাতা, ২৯ অক্টোবর (হি.স.): উত্তরবঙ্গে ইতিমধ্যেই শীতের আমেজ বেড়েছে। আপাতত উত্তরের জেলাগুলিতে বৃষ্টিপাতের কোনও সম্ভাবনা নেই, অনুভূত হচ্ছে হালকা ঠান্ডাও। শুকনো বাতাসে জলীয়বাষ্প কমবে। এ বার ধীরে ধীরে আবহাওয়া ঠান্ডা হচ্ছে। শীতের দিকে এগোচ্ছে বাংলা। যদিও আলিপুর আবহাওয়া দফতর থেকে এখনই শীত নিয়ে কোনও পূর্বাভাস দেওয়া হয়নি। আগামী কয়েক দিন কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন জেলায় তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে কিছুটা কম থাকবে। বাতাসে থাকতে পারে হালকা ঠান্ডার আমেজ। আপাতত কোথাও বৃষ্টির সম্ভাবনা নেই।

আলিপুর আবহাওয়া দফতর জানাচ্ছে, ধীরে ধীরে দক্ষিণবঙ্গে ক্রমশ প্রভাব বিস্তার করছে উত্তর-পশ্চিম ও উত্তুরে হাওয়া। পশ্চিমী ঝঞ্ঝার প্রভাব কাটিয়ে শীতল উত্তুরে হাওয়ায় জেলায় জেলায় শীতের আমেজ। দক্ষিণবঙ্গের পশ্চিমের জেলাগুলিতে শীতের আমেজ ক্রমশ বাড়বে। আগামী তিন দিনে দক্ষিণবঙ্গের জেলাগুলির তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত কমতে পারে। বিশেষ করে রাতের তাপমাত্রা অনেকটাই কমে যাওয়ায় শীতের আমেজ ক্রমশই বাড়তে থাকবে। তবে নভেম্বরের শুরুতে কিছুটা হাওয়া বদলের সম্ভাবনা রয়েছে। ফের দুই থেকে তিন ডিগ্রি বাড়তে পারে তাপমাত্রার পারদ। রবিবার কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১.৫ ডিগ্রি সেলসিয়াস। যা স্বাভাবিকের চেয়ে এক ডিগ্রি কম। পারদ-পতনে ঠান্ডা আমেজ অনুভূত হচ্ছে তিলোত্তমাতে, গ্রাম বাংলাতেও অনুভূত হচ্ছে হালকা ঠান্ডা, তবে এই ঠান্ডা শীত নয়।

## সিউড়িতে স্টোনম্যানের কায়দায় খুনের ঘটনায় পুলিশের জালে অভিযুক্তর সঙ্গী

সিউড়ি, ২৯ অক্টোবর (হি.স.) : বীরভূম জেলার সিউড়িতে স্টোনম্যানের কায়দায় খুনের ঘটনায় এখনও অধরা মূল অভিযুক্ত। তবে সিউড়ি থানার পুলিশ গ্রেফতার করল অভিযুক্তের সঙ্গী ইমরানকে। রবিবার ধৃত ইমরানকে সিউড়ি আদালতে তোলা হয়। সাতদিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক। পুলিশ সূত্রে খবর, পাথর দিয়ে থেঁতলে খুন করায় অভিযুক্ত স্টোনম্যানের সন্ধানে সিউড়ি থানার একটি দল রাতেই কলকাতার উদ্দেশ্যে রওনা দিয়েছে। কারণ অভিযুক্তের শেষ ফোনের টাওয়ার পাওয়া গিয়েছিল হাওড়া স্টেশনে। তারপর থেকেই তাঁর ফোনের সুইচ বন্ধ। শুক্রবার রাতে সিউড়িতে প্রকাশ্য রাজপথে ভারী পাথর দিয়ে স্টোনম্যানের কায়দায় শেখ কুতুবউদ্দিন নামে এক যুবককে খুন করা হয়। দশবার তাঁর মাথা ভারী পাথর দিয়ে থেঁতলে দেওয়া হয়। পুলিশের সিসি ক্যামেরায় ধরা পড়ে সেই ভিডিও দেখে আঁতকে ওঠে শহরবাসী। আবার চিহ্নিত হয়ে যাওয়ায় অভিযুক্তরা পালিয়ে যাওয়ার সুযোগ পায় বলেও দাবি সূত্রের। কুতুবুদ্দিনের দাদা সাঁইথিয়ার বসিরুদ্দিন খুনের অভিযোগ দায়ের করেন সিউড়ি থানায়। ছবিতে দেখা যায়, শুক্রবার রাত আড়াইটা নাগাদ একটি দামি বাইকে চেপে লাল ও খয়েরি জামা পড়া দুই যুবক রাস্তা দিয়ে হেঁটে আসা কুতুবউদ্দিনকে তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করে। শেষে তাঁকে দুজনে মেরে মাটিতে ফেলে দেয়। এর পরে লাল জামা পরা যুবকটি বাইক নিয়ে বেরিয়ে যায়।

পুলিশের দাবি, বাইকে নিয়ে পালিয়ে যাওয়া যুবকটিই ইমরান। তাঁর বাড়ি সিউড়ির চুরি পাড়ায়। পুলিশ আসানসোল থেকে তাঁকে গ্রেফতার করে। যদিও ইমরানকে থেকে সিউড়ি রেল স্টেশনের পাশ থেকে গ্রেফতার করা হয়েছে বলে আদালতে জানায় সিউড়ি থানার পুলিশ। অন্যদিকে পাথর দিয়ে মাথা থেঁতলে খুন করা খয়েরি জামা পড়া মূল অভিযুক্তকে এখনও ধরতে পারেনি জেলা পুলিশ। তবে তাঁর সন্ধানে বেশ কয়েকটি দল গঠন করে জেলা ও জেলার বাইরে তল্লাশিতে পাঠানো হয়েছে।

## তেলেঙ্গানা বিধানসভা নির্বাচনে না লড়ার সিদ্ধান্ত টিডিপির

অমরাবতী, ২৯ অক্টোবর (হি.স.) : তেলেগু দেশম পার্টি (টিডিপি) রবিবার আগামী মাসে নির্ধারিত তেলেঙ্গানা বিধানসভা নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা না করার সিদ্ধান্ত নিয়েছে।

টিডিপি সুপ্রিমো এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী এন. চন্দ্রবাবু নাইডু স্কিল ডেভেলপমেন্ট কেলেঙ্কারির অভিযোগে এখনও জেলে রয়েছেন। তাই তাঁর দল নির্বাচন থেকে দূরে থাকার সিদ্ধান্ত নিয়েছে। শনিবার রাজামুন্দ্রি কেন্দ্রীয় কারাগারে কাসানি জ্ঞানেশ্বর, নাইডুর সঙ্গে দেখা করেন। তখনই চন্দ্রবাবু নাইডু এই সিদ্ধান্ত টিডিপি তেলেঙ্গানা ইউনিটের সভাপতি কাসানি জ্ঞানেশ্বরকে জানান। টিডিপির জাতীয় সভাপতি, জ্ঞানেশ্বরকে আরও জানান, অন্ধ্রপ্রদেশের বর্তমান পরিস্থিতির জন্যই তেলেগু দেশম পার্টি তেলেঙ্গানা নির্বাচনে ফোকাস করতে পারছে না। গত ৯ সেপ্টেম্বর কোটি টাকার দক্ষতা উন্নয়ন কেলেঙ্কারিতে প্রাক্তন মুখ্যমন্ত্রীকে সিআইডি গ্রেফতার করেছিল।

এরপর থেকে নাইডু বিচার বিভাগীয় হেফাজতে ছিলেন। তারপর সিআইডি আরও দুটি মামলায় তার জড়িত থাকার সন্দেহ প্রকাশ করেছে।

## ''মেরা যুব ভারত''-এর মাধ্যমে দেশ-গঠনে সক্রিয় ভূমিকা রাখতে পারে যুবসমাজ : প্রধানমন্ত্রী মোদী

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.): আগামী ৩১ অক্টোবর সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকীতে দেশব্যাপী ''মেরা যুব ভারত'' প্লাটফর্মের সূচনা করা হবে। রবিবার মন-কি-বাত অনুষ্ঠানে এমনটাই জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

প্রধানমন্ত্রীর কথায়, ''মেরা যুব ভারত''-এর মাধ্যমে দেশ-গঠনে সক্রিয় ভূমিকা রাখতে পারে যুবসমাজ।

প্রধানমন্ত্রীর কথায়, 'আগামী ৩১ অক্টোবর দেশব্যাপী অনেক বড় প্ল্যাটফর্ম ''মেরা যুব ভারত''-এর ভিত্তি স্থাপন করা হচ্ছে, সেটিও সর্দার সাহেবের (সর্দার বল্লভভাই প্যাটেল) জন্মবার্ষিকীতে। ৩১ অক্টোবর প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্মবার্ষিকীও। আমিও তাঁর প্রতি আমার আন্তরিক শ্রদ্ধা নিবেদন করছি। এই সংগঠনের নাম- মাই ইয়ং ইন্ডিয়া। মাই ভারত সংগঠন দেশের যুবসমাজকে দেশ-গঠনের ইভেন্টে সক্রিয় ভূমিকা পালনের সুযোগ প্রদান করবে।'

## উত্তর প্রদেশের বারাণসীতে খণ্ডগ্রাস চন্দ্রগ্রহণের পরে গঙ্গাস্নান ভক্তদের

বারাণসী, ২৯ অক্টোবর (হি.স.) : উত্তরপ্রদেশের বারাণসীতে বছরের শেষ খণ্ডগ্রাস চন্দ্রগ্রহণের পরে লক্ষাধিক ভক্ত পবিত্র গঙ্গায় স্নান করেন। শনিবার দুপুর আড়াইটে থেকে মোক্ষস্নানের প্রক্রিয়া শুরু হয়ে রবিবার ভোর পর্যন্ত চলে এই স্নানকার্য। চন্দ্রগ্রহণের আগেই হাজার হাজার পুরুষ ও মহিলা ভক্ত গঙ্গার তীরে পৌঁছে যান। গ্রহণের সময়ে ভক্তরা গঙ্গায় স্নান করেন এবং মোক্ষের সময় পর্যন্ত ঘাটে ভজন ও কীর্তন চলে। গ্রহণ ও মোক্ষের মাঝের সময়ের পরে ভক্তরা আবার গঙ্গায় স্নান করেন এবং দান-সাধনা করে বাড়ি ফিরে আসে।

হাজার হাজার ভক্ত পবিত্র গঙ্গা নদীতে গভীর জলে দাঁড়িয়ে মোক্ষলাভের সময় পর্যন্ত মন্ত্র উচ্চারণ করে থাকেন। চন্দ্রগ্রহণকে কেন্দ্র করে ঘাটগুলোতে ব্যাপক ভিড়ের জন্য কড়া নিরাপত্তা ব্যবস্থায় মুড়ে ফেলা হয়েছিল। এনডিআরএফ এবং জল-পুলিশের সঙ্গে অফিসাররাও মোটর বোটে গঙ্গায় টহল দেয়। সৈন্যরা অনবরত বাঁশি বাজিয়ে মানুষকে গভীর জলে যেতে বাধা দেয়। বড় ঘাটে ব্যারিকেডিংও করা হয়েছিল। দশাশ্বমেধ ঘাট থেকে চিত্তরঞ্জন পার্ক পর্যন্ত ভক্তদের ভিড় ছিল চোখে পড়ার মতো।

## অকালেই প্রয়াত আমেরিকান অভিনেতা ম্যাথু পেরি, স্নানঘর থেকে উদ্ধার নিথর দেহ

লস অ্যাঞ্জেলেস, ২৯ অক্টোবর (হি.স.): অকালেই প্রয়াত হয়েছেন আমেরিকান অভিনেতা ও কৌতুকশিল্পী ম্যাথু পেরি। শনিবার (আমেরিকার সময় অনুযায়ী) লস অ্যাঞ্জেলেসের বাড়ির স্নানঘর থেকে উদ্ধার করা হয় অভিনেতার নিথর দেহ। মাত্র ৫৪ বছর বয়সে জীবনাবসান হয়েছে জনপ্রিয় তারকার। সংজ্ঞাহীন অবস্থায় তাঁর দেহ উদ্ধার হয়। নব্বইয়ের দশকে জনপ্রিয় টেলিভিশন শো ”ফ্রেন্ডস”-এর প্রধান ছয় চরিত্রের অন্যতম ছিল চ্যান্ডলার বিং। চ্যান্ডলারের চরিত্রে অভিনয় করে দর্শকের নজরে এসেছিলেন ম্যাথু।

তাঁর সংবেদনশীল কৌতুকাভিনয়ে মুগ্ধ হয়েছিলেন অনুরাগীরা। বিশেষ করে মনিকা ও জোয়ির সঙ্গে চ্যান্ডলারের সমীকরণ ভোলার নয়। বন্ধুত্ব ও প্রেমের মিশেলে চ্যান্ডলারের চরিত্রকে নতুন উচ্চতায় নিয়ে গিয়েছিলেন ম্যাথু। পর্দায় কৌতুক চরিত্রে অভিনয় করে দর্শকের মনোরঞ্জন করলেও ক্যামেরার নেপথ্যে কঠিন জীবন যাপন করতে হয়েছিল ম্যাথুকে। ব্যথার ওষুধ ও মদে আসক্ত ছিলেন অভিনেতা। দীর্ঘ দিন সেই নেশার সঙ্গে যুঝেছেন তিনি। একাধিক বার রিহ্যাবেও যেতে হয়েছিল তাঁকে।

## দিল্লির বাতাসের গুণগতমান আরও খারাপ, বায়ুদূষণে নাজেহাল অবস্থা নয়ডা ও গুরুগ্রামেও

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.): রাজধানী দিল্লিতে দূষণ রুখতে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে দিল্লি সরকার। তা সত্ত্বেও দূষণ তো কমছেই না, বরং বেড়েই চলেছে। বিগত কয়েকদিনের মতো রবিবার সকালেও দূষণের কবলে ছিল রাজধানী দিল্লি। দিল্লির কর্তব্যপথ, ইন্ডিয়া গেট, অক্ষরধাম মন্দির চত্বর ছিল বায়ুদূষণের কবলে। রবিবার দিল্লিতে সামগ্রিক বাতাসের গুণগতমান বেড়ে ৩০৯-এ পৌঁছয়, যা আগের দিনের তুলনায় অনেকটাই বেশি।

শুধুমাত্র দিল্লি নয়, উত্তর প্রদেশের নয়ডা এবং হরিয়ানার গুরুগ্রামও এদিন সকালে ছিল দূষণের কবলে। নয়ডাতে বাতাসের গুণগতমান ছিল ৩৭২ এবং হরিয়ানার গুরুগ্রামে ২২১। দিল্লিতে যেভাবে দূষণ বাড়ছে তাতে স্বাভাবিকভাবেই চিন্তিত রাজধানীর বাসিন্দারা। এক প্রাতঃভ্রমণকারীর কথায়, 'সমস্যা হচ্ছে আমাদের, সকালের ক্রিয়াকলাপ যেমন দৌড়ানো এবং সাইকেল চালানোর সময়, আমাদের শ্বাসকষ্ট অনুভূত হচ্ছে, চোখে জ্বালা অনুভব হচ্ছে। আমরা মাস্ক ব্যবহার করছি।'

## মিশরের প্রেসিডেন্টের সঙ্গে কথা মোদীর, সন্ত্রাস ও হিংসা-সহ নিয়ে বিষয়ে হয়েছে কথা

নয়াদিল্লি, ২৯ অক্টোবর (হি.স.): ইজরায়েল-হামাস যুদ্ধের মধ্যে মিশরের প্রেসিডেন্ট আবদেল ফাত্তাহ এল-সিসির সঙ্গে কথা বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার মিশরের প্রেসিডেন্টের সঙ্গে কথা বলেছেন প্রধানমন্ত্রী মোদী, এই বার্তালাপের বিষয়ে রবিবার সকালে প্রধানমন্ত্রী মোদী নিজেই জানিয়েছেন। প্রধানমন্ত্রী জানিয়েছেন, 'সন্ত্রাসবাদ, হিংসা ও মানুষের প্রাণহানির বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছি আমরা।'

রবিবার সকালে এক্স মাধ্যমে প্রধানমন্ত্রী মোদী জানিয়েছেন, 'শনিবার, মিশরের প্রেসিডেন্টের সঙ্গে পশ্চিম এশিয়ার অবনতিশীল নিরাপত্তা ও মানবিক পরিস্থিতি নিয়ে মতবিনিময় করেছি। আমরা সন্ত্রাস, হিংসা এবং মানুষের প্রাণহানির বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছি। আমরা দ্রুত শান্তি ও স্থিতিশীলতা পুনরুদ্ধার এবং মানবিক সহায়তা সহজতর করার প্রয়োজনীয়তার বিষয়ে একমত।'

**বিজ্ঞাপন সম্পর্কিত সতর্কীকরণ**

জাগরণ পত্রিকায় নানা ধরনের বিজ্ঞাপন দেওয়া হয়ে থাকে। এ সম্পর্কে পাঠকদেরকে অনুরোধ তারা যেন খোঁজখবর নিয়েই বিজ্ঞাপনদাতাদের সঙ্গে যোগাযোগ করেন। বিজ্ঞাপনদাতাদের কোন দাবি, বক্তব্য সম্পর্কে জাগরণ এর কোন দায়িত্ব নেই।

**বিজ্ঞাপন বিভাগ**
জাগরণ

## জরুরী পরিষেবা



**হাসপাতাল : জিবি :** ২৩৫-৫৮৮৮ **আইজিএম :** ২৩২-৫৬০৬, **টি এম সি :** ২৩৭ ০৫০৪ **চক্ষুব্যাঙ্ক :** ৯৪৩৬৪৬২৮০০। **অ্যাম্বুলেন্স : একতা সংস্থা :** ৯৭৭৪৯৯৮৯৯৬ **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **শিবনগর মডার্ণ ক্লাব : ও আমরা তরুণ দল :** ২৫১-৯৯০০, **সেন্ট্রাল রোড দাতব্য চিকিৎসালয় :** ৭৬৪২৮৪৪৬৫৬ রিলিভার্স : ৯৮৬২৭৬৭৪২৮ **কর্ণেল চৌমুহনী যুব সংস্থা :** ৯৮৬২৫৭০১১৬/ **সংহতি ক্লাব :** ৮৭৯৪১ ৬ ৮২৮১, **অনীক ক্লাব :** ৯৪৩৬৪৮৭৪৮৩, ৯৪৩৬৪৬৪৬০১, **রামকৃষ্ণ ক্লাব :** ৮৭৯৪১৬৮৮১ **শতদল সংঘ :** ৯৮৬২৯৩৯৭৮০, **প্রগতি সংঘ (পূর্ব আড়ালিয়া) :** ৯৭৭৪১১৬৬২৪, **রেডক্রস সোসাইটি :** ২৩১-৯৬৭৮, **টিআরটিসি :** ২৩২৫৬৮৫, **এগিয়ে চলো সংঘ :** ৯৪৩৬১২১৪৮৮, **লালবাহাদুর দাতব্য চিকিৎসালয় :** ৯৪৩৬৫০৮৬৩৯, ৯৪৩৬১২১৪৮৮, **মানব ফাউন্ডেশন:** ২৩২৬১০০। **চাইল্ড লাইন :** ১০৯৮ (টোলফ্রি : ২৪ ঘন্টা)। **ব্লাড ব্যাঙ্ক : জিবি :** ২৩৫-৬২৮৮ (পি বি এক্স), **আইজিএম:** ২৩২-৫৭৩৬, **আই এল এস :** ২৪১৫০০০/৮৯৭৪০৫০৩০০ **কসমোপলিটন ক্লাব :** ৯৮৫৬০ ৩৩৭৭৬, **শববাহী যান : নব অঙ্গীকার** ৮৭৯৪৫১৪৩১১, **সেন্ট্রাল রোড যুব সংস্থা :** ৭৬৪২৮৪৪৬৫৬ **বটতলা নাগেরজলা স্ট্যান্ড ডেভেলাপমেন্ট সোসাইটি :** ০৩৮১-২৩৭-১২৩৪, ৮৯৭৪৮৬০৩৩৫, ৯৮৬২৭০২৮২৩, **সমাজ কল্যাণ ক্লাব :** ৯৭৭৪৬৭০২৪২, **সংযোগ সংঘ :** ৯৪৩৬১৬৯৫২১, ৯৮৫৬৮৬৭১২০, **ব্লু লোটাস ক্লাব :** ৯৪৩৬৫৬৮২৫৬, **ত্রিপুরা ট্রাক ওনার্স সিন্ডিকেট :** ২৩৮-৫৮৫২, **ত্রিপুরা ট্রাক অপারেটর্স অ্যাসোসিয়েশন :** ২৩৮-৬৪২৬, **রিলিভার্স :** ৮৮৩৭০৫৯৫৯৮, **কুঞ্জবন স্পোর্টিং ইউনিয়ন :** ৮৯৭৪৫৮১৮১০, **ত্রিপুরা ন্যায্যমূল্যের দোকান পরিচালক সমিতি :** ২৩৮১৭১৮, ৯৪৩৬৪৬৯৬৪৪, **সূর্য তোরণ ক্লাব (দুর্গা চৌমুহনী) :** ৮৭২৯৯১১২৩৬, **আগন্তুক ক্লাব :** ৭০০৫৪৬০০৩৫/ ৯৪৩৬৫৯১৮৯১, **ত্রিপুরা নির্মাণ শ্রমিক ইউনিয়ন :** ৮২৫৬৯৯৭ **ফায়ার সার্ভিস : প্রধান স্টেশন :** ১০১/২৩২-৫৬৩০, **বাধারঘাট :** ১০১/২৩৭-৪৩৩৩, **কুঞ্জবন :** ২৩৫-৩১০১, **মহারাজগঞ্জ বাজার :** ২৩৮ ৩১০১ **পুলিশ : পশ্চিম থানা :** ২৩২-৫৭৬৫, **পূর্ব থানা :** ২৩২-৫৭৭৪, **আমতলী থানা :** ২৩৭-০৩৫৮, **এয়ারপোর্ট থানা :** ২৩৪-২২৫৮, **সিটি কন্ট্রোল :** ২৩২-৫৭৮৪, **বিদ্যুৎ : বনমালীপুর :** ২৩২-৬৬৪০, ২৩০-৬২১৩। **দুর্গা চৌমুহনী :** ২৩২-০৭৩০, **জিবি :** ২৩৫-৬৪৪৮। **বড়দোয়ালী :** ২৩৭০২৩৩, ২৩৭১৪৬৪ **আইজিএম :** ২৩২-৬৪০৫। **বিমানবন্দর এয়ার ইন্ডিয়া :** ২৩৪১৯০২, ২৩৪-২০২০, **এয়ার ইন্ডিয়া টোল ফ্রি নম্বর :** ১৮৬০-২৩৩-১৪০৭, ১৮০০-১৮০-১৪০৭, **ইন্ডিগো :** ২৩৪-১২৬৩, **স্পাইস জেট :** ২৩৪-১৭৭৮, **রেল সার্ভিস : রিজার্ভেশন :** ২৩২-৫৫৩৩ **আন্তর্জাতিক বাস সার্ভিস : টি আর টি সি বিল্ডিং :** ২৩২-৫৬৮৫। **আগরতলা রেলস্টেশন :** ০৩৮১-২৩৭৪৫১৫।

## বালিয়ায় অজ্ঞাত গাড়ির সঙ্গে সংঘর্ষে উল্টে গেল টেম্পো; মৃত্যু ৪ জনের, আহত ৮

বালিয়া (উত্তর প্রদেশ), ২৯ অক্টোবর (হি.স.): উত্তর প্রদেশের বালিয়ায় অজ্ঞাত গাড়ির সঙ্গে সংঘর্ষের জেরে নিয়ন্ত্রণ হারিয়ে উল্টে গেল একটি টেম্পো। রবিবার ভোররাতের এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে ৪ জনের, এছাড়াও ৮ জন কমবেশি আহত হয়েছেন। দুর্ঘটনাটি ঘটেছে গাদওয়ার থানার অন্তর্গত চিলকাহার গ্রামের কাছে। আহতদের উদ্ধার করে প্রথমে স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়, পরে সঙ্কটজনক অবস্থায় ৪ জনকে বারাণসীর হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

বালিয়ার জেলাশাসক রবীন্দ্র কুমার বলেছেন, রবিবার ভোররাতে অজ্ঞাত গাড়ির সঙ্গে একটি টেম্পোর সংঘর্ষ হয়। ওই টেম্পোতে মোট ১২ জন ছিলেন, তাঁদের মধ্যে ৪ জনকে হাসপাতালে নিয়ে যাওয়ার পর মৃত ঘোষণা করা হয়। আহত ৮ জনের মধ্যে ৩ জনের অবস্থা সঙ্কটজনক। মেডিকেল টিম ঘটনাস্থলে রয়েছে। আমরা তদন্ত শুরু করেছি।

## কেরলের কোচিতে অনুষ্ঠান চলাকালীন বিস্ফোরণ; নিহত এক, আহত ২০-র বেশি

কোচি, ২৯ অক্টোবর (হি.স.): অনুষ্ঠান চলাকালীন বিস্ফোরণে কাঁপল কেরলের কোচির এর্নাকুলামের একটি কনভেনশন সেন্টার। রবিবার সকালে কালামাসেরি এলাকায় একটি কনভেনশন সেন্টারে বিস্ফোরণ হয়। এই ঘটনায় এক জনের মৃত্যু হয়েছে। জখম হয়েছেন ২০-র বেশি মানুষ। কনভেনশন সেন্টারে এদিন সকালে অনুষ্ঠান চলছিল।

সেই সময়ই বিস্ফোরণ হয়। বিকট শব্দে কেঁপে ওঠে গোটা এলাকা। কী কারণে বিস্ফোরণ এখনও জানা যায়নি। প্রত্যক্ষদর্শীদের দাবি, তিনটি বিস্ফোরণ ঘটেছে। জখমদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করানো হয়েছে। এই বিস্ফোরণে সন্ত্রাসের সম্ভাবনা উড়িয়ে দিচ্ছে না পুলিশ। শুরু হয়েছে তদন্ত।

## ফিরোজাবাদের কাঠ বাজার এলাকায় ভয়াবহ আগুন, পুড়ে ছাই ২৪টি দোকান

ফিরোজাবাদ, ২৯ অক্টোবর (হি.স.): ভয়াবহ আগুন লাগল উত্তর প্রদেশের ফিরোজাবাদের কাঠ বাজার এলাকায়। রবিবার ভোররাতে কাঠ বাজার এলাকায় অবস্থিত একের পর এক দোকানে আগুন লাগে। আগুনের লেলিহান শিখায় পুড়ে ছাই হয়ে গিয়েছে কমপক্ষে ২৪টি দোকান। ক্ষয়ক্ষতির পরিমান প্রচুর। সৌভাগ্যবশত এই অগ্নিকান্ডে কেউ হতাহত হননি।

শহরের এসপি সরভেশ কুমার মিশ্র বলেছেন, 'আমাদের কাছে খবর এসেছে, কাঠ বাজার এলাকায় যেখানে আসবাবপত্র তৈরির কাজ চলছে সেখানে আগুন লেগেছে। ব্যাপক আগুন লেগেছে, আগুন এখনও নিয়ন্ত্রণ করা যায়নি। এলাকা খালি করা হয়েছে। এখনও পর্যন্ত হতাহতের কোনও তথ্য নেই। আগুনে প্রায় ২৪টি দোকান পুড়ে গিয়েছে। দমকল কর্মীরা আগুন নেভানোর চেষ্টা চালাচ্ছেন।'

## করিমগঞ্জের উজানডিহিতে রক্তক্ষয়ী ঘটনা, গুরুতর আহত যুবক চিকিৎসাধীন শিলচর মেডিক্যালে, তদন্তে পুলিশ

করিমগঞ্জ (অসম), ২৯ অক্টোবর (হি.স.) : করিমগঞ্জ জেলার অন্তর্গত উত্তর করিমগঞ্জ বিধানসভা এলাকার উজানডিহি গ্রামে দুই নিকটাত্মীয়ের মধ্যে সংঘটিত এক রক্তক্ষয়ী ঘটনায় গুরুতর আহত হয়েছেন জনৈক আলতাফ হুসেন। তাঁকে শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে ভরতি করা হয়েছে। আলতাফের চিকিৎসা চলছে। ঘটনার তদন্তে নেমেছে পুলিশ।

জানা গেছে, আজ রবিবার সকালে আলতাফ হুসেন নামের এক যুবক রাস্তায় দাঁড়িয়েছিলেন। সে সময় আচমকা ধারালো দা দিয়ে তার ওপর প্রাণঘাতী হামলা চালায় প্রতিবেশী আবদুল বাসিত নামের এক ব্যক্তি। দা—এর এলোপাতাড়ি কোপে আলতাফের হাত, মাথা সহ শরীরের বিভিন্ন অংশ কেটে গেছে। দা—এর উপর্যুপরি কোপে রক্ত ঝরিয়ে রাস্তায় লুটে পড়ে আলতাফ। ইত্যবসরে স্থানীয় মানুষ জমায়েত হয়ে রাস্তা থেকে রক্তাক্ত অবস্থায় আহত আলতাফকে উদ্ধার করে করিমগঞ্জ সিভিল হাসপাতালে নিয়ে যান।

কিন্তু করিমগঞ্জ সিভিল হাসপাতালের ডাক্তাররা তার শারীরিক অবস্থা সংকটজনক বলে তাকে শিলচর মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠিয়ে দেন।

এদিকে আলতাফ হুসেনের ওপর প্রাণঘাতী হামলাকারী আবদুল বাসিত ঘটনা সংগঠিত করে পালিয়ে গা ঢাকা দিয়েছে বলে জানা গেছে। ঘটনার সঙ্গে সঙ্গে বাজারঘাট গ্রাম পঞ্চায়েত সভাপতি ময়না মিয়াঁ সহ অন্যরা লঙ্গাই পুলিশ ফাঁড়িতে খবর দেন। খবর পেয়ে তড়িঘড়ি ফাঁড়ি ইনচার্জ পুলিশ ও সিআরপিএফ—এর বিশাল দল নিয়ে ঘটনাস্থলে ছুটে যান।

ফাঁড়ি ইনচার্জ ঘটনা সম্পর্কে স্থানীয়দের জিজ্ঞাসাবাদ করে তদন্ত শুরু করেছেন। তিনি সকলকে আশ্বস্ত করেছেন, শীঘ্র হামলাকারী আবদুল বাসিতকে পাকড়াও করা হবে। তবে রক্তক্ষয়ী ঘটনার কারণ এখনও স্পষ্ট নয়।

## মানিকচকের বাজারে সরকারি ত্রিপল বিক্রি করছেন উপপ্রধানের জামাই, তীব্র ক্ষোভ

মানিকচক, ২৯ অক্টোবর (হি. স.) : মালদা জেলার মানিকচকে ভুতনির হাটে প্রকাশ্য বাজারে দর কষাকষি সরকারি ত্রাণের ত্রিপল বিক্রি করছেন পঞ্চায়েতের তৃণমূলের উপপ্রধানের জামাই। উত্তর চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধানের জামাইয়ের সেই ছবি ছড়িয়েও পড়েছে। ছড়িয়েছে তীব্র ক্ষোভ।

মালদহের মানিকচক ভুতনি, গোপালপুরের মতো এলাকা নদী ভাঙন কবলিত। বহু মানুষ ঘর হারাচ্ছেন। সরকারি ব্যবস্থার দাবিতে হচ্ছে বিক্ষোভ। বিপন্ন বহু মানুষ চেয়েও ত্রিপল পাননি। আর তৃণমূলের পঞ্চায়েতের উপপ্রধানের জামাতা বিক্রি করছে ত্রাণেরই ত্রিপল। সেই ত্রিপলে আবার সরকারি সিলমোহর দেওয়া।

ঘটনার তদন্ত চেয়ে সিপিআই(এম) চিঠি দিয়েছে বিডিও'কে। সিপিআই(এম) নেতা দেবজ্যোতি সিন্হা জানিয়েছেন যে সোমবার দপ্তর খুললেই বিক্ষোভ দেখানো হবে। ভাইরাল হওয়া ভিডিওতে সরকারি ত্রিপল বিক্রি করতে যে ব্যক্তিকে দেখা যাচ্ছে তিনি হলেন খোদ উত্তর চণ্ডীপুর গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান নাসির শেখের জামাই রেফাল শেখ। এই ঘটনায় তীব্র চাঞ্চল্য ছড়িয়েছে মানিকচকজুড়ে। ভাইরাল হওয়া ভিডিওতে দেখা যাচ্ছে রেফাল শেখ ভূতনির উত্তর চণ্ডীপুরের চম্পা নগর হাটে সরকারি ত্রাণ প্রকল্পের ত্রিপল ৮০০ টাকা জোড়া দামে সাইকেলে করে বিক্রি করছেন। ভাইরাল হওয়া ভিডিওতে দর কষাকষি করে গ্রাহকদের ত্রিপল কিনতেও দেখা যাচ্ছে। কোথা থেকে পেলেন সরকারি সিলমোহর লাগানো ত্রিপল সেই প্রশ্নের উত্তরে রেফাল শেখের সাফ জবাব, তার কাছে আরও অনেক ত্রিপল আছে, লাগলে বলবেন। কিন্তু কোথা থেকে এই ত্রিপল পেলেন সেই ব্যাপারে কোনও সদুত্তর দেননি তিনি।

তবে এই ঘটনা নতুন নয়। এর আগেও বেশ কয়েকবার শুধু মানিকচক নয়, মালদা জেলার বিভিন্ন এলাকায় খোলা বাজারে সরকারি ত্রিপল বিক্রির ঘটনা ঘটেছে।

# প্রজাপিতা ব্রহ্ম কুমারী ঈশ্বরীয়া বিশ্ববিদ্যালয়ের মেডিটেশন শিবির

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৯ অক্টোবর।।** ধর্মনগরের প্রজাপিতা ব্রহ্ম কুমারী ঈশ্বরীয়া বিশ্ববিদ্যালয়ের ভবনে আসন্ন নয় দিনব্যাপী মেগা মেডিটেশন শিবিরকে কেন্দ্র করে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে রবিবার। এই প্রথমবারের মতো ধর্মনগর উত্তর ত্রিপুরা জেলায় অনুষ্ঠিত হতে চলেছে বিদায় টেনশন নামক মেগা মেডিটেশন শিবির। ৯ দিনব্যাপী এই শিবিরে মূল প্রবচক হিসাবে উপস্থিত থাকবেন ইন্দোর থেকে আগত প্রখ্যাত টেনশন মুক্তি বিশেষজ্ঞা ব্রহ্মকুমারী পুনম বেহেনজি।

উক্ত সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন পুনম বেহেনজি, আগরতলার দায়িত্বপ্রাপ্ত গৌরী বেহেনজি এবং ধর্মনগরের দায়িত্বপ্রাপ্ত বিকে মামনি বেহেনজি। এই সম্মেলনে জানানো হয় প্রতিদিন মেডিটেশনের গভীর অনুভূতি করানো হবে এবং জীবনের বিভিন্ন সমস্যা সমাধানে রাজযোগ মেডিটেশনের প্রয়োগ সম্পর্কে আলোচনা করা হবে এই শিবিরে। ধর্মনগরের বিবিআই ময়দানে ২৯ অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত প্রতিদিন সন্ধ্যা সাড়ে পাঁচটা থেকে ৭ টা পর্যন্ত চলবে এই শিবির। এই শিবিরের প্রথম দিন থাকবে চিন্তামুক্ত জীবনশৈলী, দ্বিতীয় দিন থাকবে খুশির উৎসব, তৃতীয় দিন থাকবে আত্মজ্ঞান, চতুর্থ দিন থাকবে আনন্দ উৎসব, পঞ্চম দিন পরিবর্তন উৎসব, ষষ্ঠ দিন হবে ধ্যান-উৎসব, সপ্তম দিনে অলৌকিক জন্মোৎসব, অষ্টম দিন মহা বিজয় উৎসব এবং নবম দিনে থাকবে বিদায় টেনশন উৎসব।

বিদায় টেনশন নামক শিবিরের রজতজয়ন্তীবর্ষের পূর্তি এই বছর ধর্মনগরে শহরেই পালন করা হবে বলে জানানো হয়। শিবিরে প্রবেশ নিঃশুল্ক কর কিন্তু রেজিস্ট্রেশন বাধ্যতামূলক। উদ্বোধক হিসেবে উপস্থিত থাকবেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন তাছাড়া প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন পুরোপুরিষের চেয়ারম্যান প্রদ্যুৎ দে সরকার, উত্তর ত্রিপুরা জেলার সভাধিপতি ভবতোষ দাস বাগ বাসা বিধানসভা কেন্দ্রের বিধায়ক যাদব লাল দেবনাথ জেলাশাসক দেবপ্রিয় বর্ধন জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিরা।

উদ্বোধনের পাশাপাশি ত্রিপুরা তথা বাংলাদেশের মুখ্য সঞ্চালিকা প্রয়াত ব্রহ্মকুমারী কবিতা বেহেনজির প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হবে। উত্তর জেলার মোট ২২ টি বিদ্যালয়, বিভিন্ন বাজারে এবং মোটরস্ট্যান্ড গুলিতে রেজিস্ট্রেশন করানো হয়েছে। এখন পর্যন্ত মোট ১৫ হাজার রেজিস্ট্রেশন করা হয়েছে তার মধ্যে প্রতিদিন আড়াই হাজার করে আপাতত এন্টি পাশের ব্যবস্থা করা হয়েছে। উল্লেখ্য প্রজাপিতা ব্রহ্ম কুমারী ঈশ্বরীয় বিশ্ববিদ্যালয়ের মোট ৮৭০০ টি শাখা রয়েছে এবং ১২৭টি দেশে বেহেনজিরা তাদের কাজ চালিয়ে যাচ্ছেন।

## টিটাগড়ে তৃণমূল কর্মীকে পিটিয়ে খুনের অভিযোগ, উত্তপ্ত এলাকা

বারাকপুর, ২৯ অক্টোবর (হি. স.) : টিটাগড় পুরসভা এলাকায় তৃণমূল কর্মীকে পিটিয়ে খুনের অভিযোগ। রবিবার ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়াল এলাকায়। মৃতদেহ নিয়ে বিক্ষোভে পুরপিতা ও তাঁর অনুগামীদের। অভিযুক্তদের কঠোরতম শাস্তির দাবি জানিয়েছেন তিনি। ঘটনার সূত্রপাত রবিবার সকালে। অভিযোগ, এদিন টিটাগড় পুরসভার ২২ নম্বর ওয়ার্ডের পুরপিতা বিকাশ সিংয়ের অনুগামী রৌনক পাণ্ডেকে মারধর করে ১৫ নম্বর ওয়ার্ডের সনু সাউয়ের অনুগামীরা। খবর পেয়ে ঘটনাস্থলে যান বিকাশের আরেক অনুগামী আকাশ প্রসাদ। অভিযোগ, সেখানে তাঁকে বেধড়ক মারধর করা হয়। ঘটনাস্থলেই লুটিয়ে পড়েন আকাশ। তাঁর মাথায় চোট লাগে।

এর পর তড়িঘড়ি তাঁকে উদ্ধার করে স্থানীয় স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসকেরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। এর পরই বিকাশ ও তাঁর অনুগামীরা মৃতদেহ নিয়ে খড়দহ থানায় যান সঠিক বিচারের আশায়। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায় খড়দহ থানা এলাকায়। দীর্ঘক্ষণ পর দেহ ময়নাতদন্তের জন্য কামারহাটির সাগর দত্ত হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এখনও থমথমে এলাকা।

## প্রধানমন্ত্রীর চিন্তা থেকে অনুপ্রেরণা আসে: নন্দী

প্রয়াগরাজ, ২৯ অক্টোবর (হি.স.) : প্রধানমন্ত্রীর চিন্তা থেকে অনুপ্রেরণা পাওয়া যায় বলে মন্তব্য করেন উত্তরপ্রদেশ সরকারের শিল্প উন্নয়ন মন্ত্রী নন্দ গোপাল গুপ্ত নন্দী। রবিবার প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শোনার পরই নন্দী এই মন্তব্য করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর মন কি বাত-এর মাধ্যমে প্রতিবারই নতুন কিছু শেখার সুযোগ পাওয়া যায়। নতুন ধারণা, নতুন দিক এবং নতুন শক্তি প্রাপ্ত হয়। প্রধানমন্ত্রীর কথা শুনলে কর্মীদের মধ্যে নতুন উৎসাহ ও উদ্দীপনা বৃদ্ধি পায়।

দক্ষিণ বিধানসভা কেন্দ্রের মুঠিগঞ্জ মন্ডলের ৩০ নং গৌঘাট পুলিশ বুথের পিছনে দলিত কলোনির কর্মীদের সঙ্গে বসে মন্ত্রী এই অনুষ্ঠান শোনেন। তিনি কর্মীদের উদ্দেশ্যে বলেন, জনপ্রিয় অনুষ্ঠান মন কি বাত এই সমাজে নতুন চেতনা বয়ে আনবে। এরফলে বিভিন্ন ক্ষেত্রে সঠিক নির্দেশনা পাওয়া যাবে। মন কি বাত এমন একটি অনুষ্ঠান যেখানে ইতিবাচকতা এবং সংবেদনশীলতা রয়েছে। নন্দী জানান, মন কি বাতের ১০৬ তম পর্বে প্রধানমন্ত্রী দেশবাসীর কাছে লোকাল ফর ভোকালের আবেদন করেছিলেন। তিনি বলেন, প্রতিবারের মতো এবারও আমাদের ”লোকাল ফর ভোকাল”-এর উৎসবে প্রাধান্য দিতে হবে। যাতে করে আমাদের ভারত একটি স্বনির্ভর ভারত হয়ে উঠতে পারে। শুধু তাই নয়, দেশে গড়ে ওঠা আর্থিক লেনদেন ইউপিআই-এর মাধ্যমে আরও বেশি অর্থ প্রদানের আবেদনও জানিয়েছেন প্রধানমন্ত্রী। যাতে দেশের অর্থনীতি ভালো হয়।

## পারিবারিক অশান্তির জেরে গলায় ফাঁস দিয়ে আত্মঘাতী যুবক

আসানসোল, ২৯ অক্টোবর (হি. স.) : পশ্চিম বর্ধমানে পারিবারিক অশান্তির জেরে মানসিক অবসাদে গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হল এক যুবক। ঘটনাটি ঘটেছে জেলার পান্ডবেশ্বর থানার খান্দ্রার মেটাল ধাওড়ায়। জানা গিয়েছে, মৃত যুবকের নাম নিখিল কুমার বাউরি (২০)। রবিবার সকালে আসানসোল জেলা হাসপাতালে যুবকের মৃতদেহর ময়নাতদন্ত হয়।

পরিবারের তরফে জানা গিয়েছে, শনিবার সকালে নিখিল কুমার বাউরির সঙ্গে বাড়ির লোকেদের পারিবারিক কারণে কথা কাটাকাটি হয়। এরপর সে নিজের ঘরে ঢুকে দরজা বন্ধ করে দেয়। দুপুর ১টা নাগাদ বাড়ির লোকেরা তাঁকে খাবার খাওয়ার জন্য ডাকতে গিয়ে দেখেন, নিখিল ঘরের মধ্যে গলায় দড়ি দিয়ে ঝুলছে। সঙ্গে সঙ্গে তাঁকে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসক পরীক্ষা করে তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

## ভূমিকা নিচ্ছে ঃ মুখ্যমন্ত্রী

● প্রথম পাতার পর

হয়েছে। বর্তমান সরকার জনগণের সমস্যার সমাধানে আন্তরিকতার সাথে কাজ করছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, স্বামী বিবেকানন্দ ক্লাব কর্তৃক আয়োজিত এ ধরণের অনুষ্ঠানের মধ্য দিয়ে ঐক্য, ভ্রাতৃত্ববোধ ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশ তৈরি হয়েছে। বর্তমানে মা-বোনেদেরও ক্লাবের সাথে যুক্ত হওয়ার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। এরফলে রাজ্যে একটি সুন্দর পরিবেশ তৈরি হচ্ছে। মুখ্যমন্ত্রী রাজ্যের যোগাযোগ ব্যবস্থার প্রভূত উন্নতির কথা উল্লেখ করে বলেন, বর্তমানে রাজ্য থেকে ১৮টি এক্সপ্রেস ট্রেন দেশের বিভিন্ন রাজ্যের মধ্যে চলাচল করছে। রাজ্যে এখন শান্তি ও সম্পীতির পরিবেশ রয়েছে। বহির্রাজ্যের বিনিয়োগকারীরা রাজ্যে শিল্প স্থাপনে আগ্রহ প্রকাশ করছেন। মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন আগামীদিনে সবার সম্মিলিত প্রচেষ্টায় এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে উঠবে। শারদ সম্মান অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন বিধায়ক মীনারাণী সরকার, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজমদার, ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত, কর্পোরেটর সম্পা সরকার চৌধুরী, আগরতলা পুর নিগমের দক্ষিণ জোনের চেয়ারম্যান অভিজিৎ মল্লিক, সমাজসেবী সঞ্জয় সাহা, সমাজসেবী অসীম ভট্টাচার্য প্রমুখ। স্বামী বিবেকানন্দ ক্লাবের শারদ সম্মান অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ক্লাবের সভাপতি সরযূ চক্রবর্তী। শারদ সম্মান অনুষ্ঠানে শহর দক্ষিনাঞ্চলের ১৭টি ক্লাব ও সামাজিক সংস্থাকে সম্মাননা জ্ঞাপন করা হয়। মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ ক্লাবগুলিকে মারক উপহার দিয়ে সম্মাননা জ্ঞাপন করেন। এবছর শহর দক্ষিনাঞ্চল ভিত্তিক দ্বিতীয় শারদ সম্মান প্রদান অনুষ্ঠানে ১১টি বিভাগে ২৮টি ক্লাবকে পুরস্কৃত করা হয়। মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ ক্লাবগুলির হাতে পুরস্কার তুলে দেন।

## ক্ষয়ক্ষতি প্রায় ৫০ লাখ

● প্রথম পাতার পর

পার্টসের দোকান, একটি হোটেল ও একটি সব্জির দোকান। জানা যায়, আগুনে প্রবীর দাসের অটো মোবাইল পার্টসের দোকান, শ্যামল ঘোষের হোটেল ও রাসবিহারী দেবনাথের সব্জির দোকান সম্পূর্ণ ভস্মীভূত হয়ে গেছে। প্রদীপ নাগের মিষ্টির দোকানের মিষ্টি তৈরির কারখানাঘরটিও পুড়ে ছাই হয়ে গেছে। এই ঘটনায় ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে গোটা এলাকায়। ইতিমধ্যেই ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীরা সরকারি সাহায্যের আবেদন করেছেন। সরকার সাহায্যের হাত বাড়িয়ে না দিলে ব্যবসায়ীরা পরিবার নিয়ে অথৈ জলে পড়বে বলে জানিয়েছেন তারা।

## যৌন নির্যাতনের অভিযোগ

● প্রথম পাতার পর

পার্শ্ববর্তী আসাম রাজ্যের বরাক উপত্যকার নিলাম বাজারে। সে আলগাপুর গ্রাম পঞ্চায়েতের ২ নং ওয়ার্ডের এক নাবালিকার সাথে প্রণয়ের সম্পর্কে লিপ্ত হয় বলে অভিযোগ। দেড় বছর যাবত তাদের মধ্যে প্রণয়ের সম্পর্ক গড়ে ওঠে এবং ইমাম তাকে বিয়ে করবে বলে প্রতিশ্রুতি দেয়। গত তিন মাস ধরে তাদের মধ্যে শারীরিক সম্পর্ক গড়ে ওঠে বলে নির্যাতিতার মা দাবি করেছেন।

শনিবার তাদের মধ্যে যখন শারীরিক সম্পর্ক চলছিল তখন নির্যাতিতার মার চোখে ধরা পড়ে। অবস্থা বেগতিক দেখে ইমাম রাহাম উদ্দিন সেখান থেকে পালায়। অভিযুক্তার মা শনিবার রাতে ধর্মনগর মহিলা থানায় দীর্ঘদিন ধরে তার মেয়েকে শারীরিক নির্যাতন এবং ধর্ষণের অভিযোগ জানিয়ে মামলা দায়ের করে।

এদিকে ঘটনার পর থেকে ইমাম পলাতক। ধর্মনগর থানার পুলিশ এবং আসামের নিলামবাজার থানার পুলিশকে খবর দেওয়া হলে পুলিশ এসে তল্লাশি শুরু করে, তবে তার কোনো খোঁজ পাওয়া যায়নি। তার খোঁজে তল্লাশি অব্যাহত রেখেছে পুলিশ।

## প্রতিবাদ ঃ আক্রান্ত বহু

● প্রথম পাতার পর

পান্নালাল সেন, বিশালগড় থানার ওসি তাপস দাস দ্রুত ঘটনার স্থলে পরিদর্শন করেন। উক্ত ঘটনার সঙ্গে জড়িত মূল মাস্টার মাইন্ড মিঠুন ঘোষ ও রঞ্জন ঘোষ যারা বিশ্বজিৎ দাসের বাড়িতে আক্রমণে ঘটনার সঙ্গে জড়িত রয়েছেন তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন। পাশাপাশি এলাকায় একটি সাম্প্রদায়িক উস্কানিমূলক ভিডিও ভাইরাল হয়েছে তার পরিপ্রেক্ষিতে পুলিশ সুমটো মামলা গ্রহণ করেছেন। এলাকায় তেমন কোন সাম্প্রতিক কোন ঘটনা সংঘটিত হয়নি। যারা এই বিষয়ে ভুল তত্ত্ব সোশ্যাল মিডিয়া ভাইরাল করছেন তাদের বিরুদ্ধে পুলিশ দ্রুত পদক্ষেপ গ্রহণ করবে এবং যারা সাম্প্রদায়িক উস্কানিমূলক ভিডিও ভাইরাল করেছেন সে সমস্ত ব্যক্তিদের চিহ্নিত করে গ্রেফতার করার পদক্ষেপ গ্রহণ করছেন।এলাকায় জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে সকলেই শনিবার রাতে কোজাগরী লক্ষ্মী পুজোর উৎসব পালন করেন। সকলের মধ্যে আনন্দ উদ্দীপনার মধ্যে দিয়ে কোজাগরী উৎসব সম্পন্ন হয়েছে। জেলা পুলিশ সুপার সংবাদ মাধ্যমের দ্বারস্থ হয়ে জানান এলাকায় যেন এরকম কোন সাম্প্রদায়িকতা না ছড়ায় তার জন্য সকলকে সুষ্ঠুভাবে নজর রাখার আহ্বান জানিয়েছেন।রবিবার সকাল থেকে এলাকায় শান্তি-শৃঙ্খলা সম্পূর্ণ বজায় রয়েছে এবং কোন সাম্প্রদায়িক বিষয় এলাকায় যেন না ছড়ায় সে বিষয়ে প্রশাসন পদক্ষেপ গ্রহণ করেছেন। নেশা কারবারীদের মধ্যে সংঘটিত হওয়া ঘটনাটিকে সাম্প্রদায়িক ঘটনা রূপ দেওয়ার চেষ্টা করেছিলেন একাংশ ব্যক্তিরা যা সম্পূর্ণ ভুল এবং ভিত্তিহীন উক্ত এলাকায় সংঘটিত ঘটনার পিছে সাম্প্রদায়িক কোনো বিষয় নেই।

## পুত্রের হাতে আক্রান্ত পিতা

● প্রথম পাতার পর

পুত্র জ্যেষ্ঠ মোহন দেববর্মা প্রতিনিয়তই তার ওপর অত্যাচার চালাতো। এসব বিষয় নিয়ে স্থানীয়ভাবে বহুবার সালিশি সভাও হয়েছে। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। আজ অভিযুক্ত পুত্রের আক্রমণে বৃদ্ধ পিতার একটি হাত ভেঙ্গে গেছে। স্থানীয় লোকজনরা ঘটনাস্থলে ছুটে এসে আহত বৃদ্ধকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান।

এ ব্যাপারে অভিযুক্ত পুত্রের বিরুদ্ধে থানায় সুনির্দিষ্ট অভিযোগ দায়ের করা হয়েছে বলে স্থানীয় সূত্রে জানা গেছে। তবে এখনো পর্যন্ত অভিযুক্ত পুত্রকে আটক করতে পারেনি পুলিশ। অভিযুক্ত পলাতক বলে জানা গেছে। অভিযুক্তকে গ্রেপ্তার এবং কঠোর শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণের দাবি উঠেছে। এ ধরনের ঘটনাকে মারাত্মক সামাজিক অবক্ষয়ের ঘটনা বলে বিভিন্ন মহল থেকে দাবি করা হয়েছে। এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি উঠেছে।

## ব্লু লোটাস ক্লাবের মাতৃ বন্দনা

● আটের পাতার পর

ব্যবস্থা। এছাড়াও বিভিন্ন সামাজিক কর্মসূচিতেও এবার ক্লাব অংশগ্রহণ করেছে। যার মধ্যে উল্লেখযোগ্য অটল বিহারী বাজপেয়ি রিজিওনাল ক্যান্সার সেন্টারে চিকিৎসার মত রোগীদের মধ্যে সামান্য খাদ্য সামগ্রী বিতরণ, পথের সাথে বৃদ্ধাশ্রম এবং শিশু সদনে খাদ্য সামগ্রী বন্ধন ইত্যাদি।

## ২ নেশা কারবারী

● আটের পাতার পর

ঘটনার বিবরণে প্রকাশ, বিশালগড় থানার পুলিশ জানিয়েছে তাদের কাছে গোপন সূত্রে সুনির্দিষ্ট খবর ছিল নেশা কারবারিরা নেশা বিক্রি করার জন্য এলাকায় ঘুরে বেড়াচ্ছে। সেই খবরের ভিত্তিতে বিশালগড় থানার পুলিশ সাদা পোশাকে রাহুতখলা কালী মন্দিরের পাশে ওৎ পেতে বসে থেকে তাদেরকে জালে তুলতে সক্ষম হয়েছে।

দীর্ঘদিন ধরেই এই চক্রটি নেশা বাণিজ্যে জড়িত রয়েছে বলেও জানা গেছে। তাদের বিরুদ্ধে নির্দিষ্ট ধারায় মামলা গ্রহণ করেছে বিশালগড় থানার পুলিশ। আটক নেশা কারবারীদের জিজ্ঞাসাবাদ করে এই চক্রে জড়িত অন্যান্যদের আটক করার জন্য পুলিশের তৎপরতা অব্যাহত রয়েছে। উল্লেখ্য বিশালগড় সহ পার্শ্ববর্তী এলাকাগুলি নেশা কারবারি ও নেশাখোরদের আড্ডাখানায় পরিণত হয়েছে। ভয়ংকর নেশার কবলে পড়ে যুবসমাজ ধ্বংসের পথে ধাবিত হচ্ছে। নেশা কারবারী ও নেশাখোরদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য এলাকাবাসীর তরফ থেকে পুলিশ প্রশাসন সহ স্থানীয় ক্লাব ও স্বেচ্ছাসেবী সংগঠন গুলির কাছে আবেদন জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

প্রাঙ্গন

# স্কুল গেমসে ভলিবল, ফুটবলে অংশ নিতে রাজ্য ছাড়লো দল



ক্রীড়া প্রতিনিধি, আগরতলা , ২৯ অক্টোবর।। স্কুল গেমস ফেডারেশন অফ ইন্ডিয়ার উদ্যোগে ৬৭ তম স্কুল গেমসের অনূর্ধ ১৭ বালকদের ভলিবল এবং অনূর্ধ ১৯ বালকদের ফুটবল টুর্নামেন্ট এবছর অনুষ্ঠিত হবে কাশ্মীরের শ্রীনগরে। আগামী ৩১ অক্টোবর থেকে শুরু হবে জাতীয় স্তরের দুই ইভেন্টের লড়াই। যা চলবে আগামী ৪ নভেম্বর পর্যন্ত। জাতীয় স্তরের দুই ইভেন্টের টুর্নামেন্টে অংশ নিতে শনিবার শ্রীনগরের উদ্দেশ্যে রওনা দিল রাজ্য দল। বিমানে করে রাজ্য দল দিল্লি গিয়ে পৌঁছার পর সেখান থেকে সড়কপথে শ্রীনগরে যাবে রাজ্য দলের খেলোয়াররা। তবে ট্রেনের টিকিট না পাওয়ার কারণে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহায়তায় দুই ইভেন্টের খেলোয়াড়রা বিমানে করেই দিল্লির উদ্দেশ্যে রওনা দেয়। উভয় ইভেন্টে রাজ্য দলের ম্যানেজার হিসেবে রয়েছেন ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ডের যুগ্ম সচিব অপু রায়। আগরতলা ত্যাগ করার আগে রাজ্য দলের ম্যানেজার শ্রী রায় জানান, ভালো খেলার প্রত্যাশা নিয়েই দল জাতীয় স্কুল গেমসে অংশ নেবে।

# অনূর্ধ-২৩ : মনিপুরকে হারিয়ে দারুন শুরু ত্রিপুরার, আজ প্রতিপক্ষ ওড়িশা

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।। আসরের দ্বিতীয় ম্যাচ খেলতে আগামীকাল মাঠে নামছে ত্রিপুরা। প্রতিপক্ষ ওড়িশা। শেহবাগ ইন্টারন্যাশনাল মাঠে হবে ম্যাচটি। অনূর্ধ-২৩ একদিবসীয় ক্রিকেটে।

হরিয়ানায় রবিবার দুদলই হালকা অনুশীলন সেরে নেয়। প্রথম ম্যাচে ত্রিপুরা জয় পেলেও হেরে গিয়েছিলো ওড়িশা। ফলে মানসিকভাবে কিছুটা এগিয়ে থেকেই ওড়িশার বিরুদ্ধে মাঠে নামবে ত্রিপুরা। এদিকে শনিবার আসরের প্রথম ম্যাচে ত্রিপুরা ৭৯ রানে পরাজিত করে মনিপুরকে। লালহলির বংশীলাল ক্রিকেট মাঠে ত্রিপুরাকে জয় এনে দিতে মুখ্য ভূমিকা নেন চন্দন রায় এবং আনন্দ ভৌমিক। বিশেষ করে চন্দনের অলরাউন্ড পারফরম্যান্স দলকে জয় এনে দিতে মূখ্য ভূমিকা নেয়।

*অনূর্ধ ২৩ পুরুষদের জাতীয় ক্রিকেট : ই-গ্রুপ*

| দল | ম্যা: | জ: | প: | নো: | গড় | প: |
|---|---|---|---|---|---|---|
| মুম্বাই | ১ | ১ | ০ | ০ | ৩.৫৪৭ | ৪ |
| ছত্তিশগড় | ১ | ১ | ০ | ০ | ১.৯৩২ | ৪ |
| ত্রিপুরা | ১ | ১ | ০ | ০ | ১.৫৮০ | ৪ |
| মনিপুর | ১ | ০ | ১ | ০ | -১.৫৮০ | ০ |
| গোয়া | ১ | ০ | ১ | ০ | -১.৯৩২ | ০ |
| ওড়িশা | ১ | ০ | ১ | ০ | -৩.৫৪৭ | ০ |
| গুজরাট | ০ | ০ | ০ | ০ | ০.০০০ | ০ |

**ত্রিপুরা-১৯৯/৭(৫০)**

**মনিপুর-১২০(৪২.৫)**

ত্রিপুরার ১৯৯ রানের জবাবে মনিপুর ১২০ রান করতে সক্ষম হয়।

ত্রিপুরার চন্দন রায় প্রথমে ব্যাট হাতে ৫০ রান করার পর বল হাতে ২ উইকেট নেন। এছাড়া আনন্দ ভৌমিক দখল করেন ৪ উইকেট। শনিবার সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে ত্রিপুরা ১৯৯ রান করে।

দল যখন চাপে তখনই ৭ নম্বরে ব্যাট করতে নেমে ত্রাতার ভূমিকা পালন করেন চন্দন। দুরন্ত ব্যাট করে ৫৮ বল খেলে ৭ টি বাউন্ডারির সাহায্যে ৫০ রানে অপরাজিত থেকে যান। এছাড়া দলের পক্ষে সেন্টু সরকার ৩২ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৫, ইন্দ্রজিৎ দেবনাথ ১১ বল খেলে ২ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২২ (অপ:), সন্দীপ সরকার ৪০ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ২২ এবং তন্ময় দাস ৫৯ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১৯ রান করেন। মনিপুরের পক্ষে ডোমেনিক ২৪ রান দিয়ে ৪ টি উইকেট দখল করেন। জবাবে খেলতে নেমে ত্রিপুরার বোলারদের সাড়াসি আক্রমণে ১২০ রানে গুটিয়ে যায় মনিপুর। দলের পক্ষে দলনায়ক লেনিয়া খোয়ারাপাম ৬৮ বল খেলে ৭ টি বাউন্ডারির সাহায্যে ৪৫, সঞ্জীৎ ১৬ বল খেলে ১ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ১৫ এবং অন্দরশন ৩৬ বল খেলে ১৩ রান করেন। ত্রিপুরার পক্ষে আনন্দ ভৌমিক ২৩ রানে দিয়ে ৪ টি এবং চন্দন রায় ৬ রান দিয়ে ২ টি উইকেট পেয়েছেন।

# রাজ্য ক্রীড়া জগতে নয়া রেকর্ড এশিয়ান আসরে ১১ জন অ্যাথলেট

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।। রাজ্য ক্রীড়া জগতে এক ঐতিহাসিক ঘটনা ঘটতে চলেছে। নতুন এক রেকর্ড গড়ছেন ত্রিপুরার অ্যাথলেটরা। ত্রিপুরার ১১ জন অ্যাথলেট আন্তর্জাতিক কোন আসরে বিশেষ করে এশিয়ান চ্যাম্পিয়নশিপে এবার ভারতীয় দলের জার্সি গায়ে লাগিয়ে অংশ নিতে যাচ্ছেন। ২২ তম এশিয়ান মাস্টার্স অ্যাথলেটিক চ্যাম্পিয়নশিপ ২০২৩ এবার অনুষ্ঠিত হচ্ছে ৮ থেকে ১২ নভেম্বর ফিলিপাইনস-এর টারলেকের ক্যাপাসের নিউ ক্লার্ক সিটিতে। মাস্টার্স অ্যাথলেটিক্স ফেডারেশন অফ ইন্ডিয়ার সিলেকশনে ত্রিপুরার যে ১১ জন ভারতীয় দলের হয়ে প্রতিনিধিত্ব করার সুযোগ পাচ্ছেন তারা হলেন, বিপ্লব মজুমদার, তপন শীল, নারায়ণ ঘোষ, দেবী রানী দাস, মমতা নাথ, লাকি রায়, মিতালি দেবনাথ, অর্চনা বনিক, জবা পাল দত্ত, কবিতা দাস এবং শেফালী বর্ধন।

ত্রিপুরার এথলেটরা কলকাতা এয়ারপোর্ট থেকে ফিলিপাইনসের উদ্দেশ্যে টেক অফ করবে আগামী ৫ নভেম্বর। এর আগে ত্রিপুরার এথলেটরা যথাসময়ে কলকাতায় পৌঁছে যাবেন। আজ, রবিবার বিকেলে রাজ্য ক্রীড়া দপ্তরের কনফারেন্স হলে আয়োজিত এক বিশেষ অনুষ্ঠানে ১১ জন অ্যাথলেটের প্রত্যেককে ভারতীয় দলের ব্লেজার, আই কার্ড, কিটস ব্যাগ প্রদান করা সহ শুভেচ্ছা জানানো হয়।

এশিয়ান আসরে তাঁরা দেশের নাম উজ্জ্বল করার পাশাপাশি রাজ্যের নামও উজ্জ্বল করবে বলে প্রত্যেকেই আশাবাদী। শুভেচ্ছা জ্ঞাপন অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে রাজ্য মাস্টার্স অ্যাথলেটিক্স অ্যাসোসিয়েশনের সভাপতি পঙ্কজ বিহারী সাহা, সহ-সভাপতি তপন ভট্টাচার্য, চঞ্চল মজুমদার, স্বপন সাহা, সচিব আশিস পাল সহ যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উপ-অধিকতা সমীর দেববর্মা, দেবাশীষ ভট্টাচার্য, প্রবালকান্তি দে, স্পন্সর তথা ভূপেন দত্ত ভৌমিক ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অজয় পাল, স্পন্সরর আশুতোষ কুমার সহ কর্মকর্তাদের অনেকেই উপস্থিত ছিলেন।

# ফুটবলের মানোন্নয়ন ও প্রসারের লক্ষ্যে টিএফএ-র গঠনমূলক সিদ্ধান্ত গৃহীত

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।। রাজ্য ফুটবলের মান উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে বেশ কিছু টুর্নামেন্ট আয়োজনসহ সামগ্রিকভাবে গঠনমূলক বেশ কিছু সিদ্ধান্ত নিয়েছে ত্রিপুরা ফুটবল অ্যাসোসিয়েশন। পূর্ব ঘোষণা অনুযায়ী টিএফএ-র গভর্নিং বডির বৈঠকে আজ, রবিবার আসন্ন টুর্নামেন্ট গুলো আয়োজনের জন্য ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটিও গঠন করা হয়েছে। ডিসেম্বর মাসে খেলো ইন্ডিয়া বালিকাদের অনূর্ধ ১৩, অনূর্ধ ১৫ এবং অনূর্ধ ১৭ টুর্নামেন্ট এছাড়া অনূর্ধ ৮ ও অনূর্ধ ১১ বালকদের টুর্নামেন্ট আয়োজনের ব্যবস্থা করা হবে। জানুয়ারি এবং ফেব্রুয়ারিতে গত বছরের মতো ননি গোপাল স্মৃতি এবং শশধর স্মৃতি ফুটবল আয়োজনেরও উদ্যোগ নেওয়া হবে। ১৮ নভেম্বর থেকে ডি-লাইসেন্স কোচদের প্রশিক্ষণ শিবির ও পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করা হবে। এই মাসেই সি-লাইসেন্স কোচদেরও পরীক্ষা নেওয়ার অনুমতি চাওয়া হয়েছে। চলতি মরশুমে টিএফএ জাতীয় আসরে যে দলগুলো পাঠিয়েছে তাতে করে প্রায় ২১ লক্ষ টাকা খরচ হয়েছে। অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন থেকে পাওয়া যাবে ৮ লক্ষ টাকা। সেই হিসেবে ১৩ লক্ষ টাকার ব্যয়ভার ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন বহন করবে বলে জানানো হয়েছে। এদিকে এবার ঘরোয়া ফুটবল আসরে টিকিট বিক্রিতে ৪ লক্ষ টাকার টিকিট বিক্রি হয়েছে। বিষয়টা সর্বসমক্ষে এনে বিশেষ করে ফুটবলপ্রেমীরা যে মাঠমুখো হচ্ছেন, সে বিষয়ে দর্শকদের ধন্যবাদ জানানো হয়েছে। সংবিধান সংশোধনের বিষয়ে আলোচনাক্রমে তা আপাতত স্থগিত রাখা হচ্ছে। অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন যে রকম সংবিধান তৈরি করছে সেটা লাগু করার জন্য ফেডারেশন থেকে জানানো হলেও টিএফএ থেকে বিষয়টা রাজ্য ক্রীড়া আইন অনুযায়ী করা যায় কিনা সেই বিষয়ে পারমিশন চাওয়া হবে। এদিকে ঘরোয়া ফুটবল লিগ চলাকালীন সময়ে মাঠে বিভিন্ন বিষয়ে বিশৃঙ্খলা সৃষ্টিকারী খেলোয়াড়, কোচ, রেফারি, কর্মকর্তা এমনকি গভর্নিং বডির সদস্য সহ সামগ্রিক বিষয় নিয়ে আলোচনান্তে একটি তালিকা তৈরি করা হয়েছে। যাঁদের উদ্দেশ্য করে টিএফএ থেকে শোকজ করা হবে।

## রূপক দেবরায়কে খুঁজতে পুলিশের জোর তল্লাশি

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।। রূপককে খুঁজতে পুলিশের জোর তল্লাশি চলছে। রাজ্য ক্রীড়া জগতে রূপক দেবরায় এক বিশেষ নাম। ইন্ডিয়ান অলিম্পিক অ্যাসোসিয়েশনের চিফ এক্সিকিউটিভ অফিসার এবং জয়েন্ট সেক্রেটারি কল্যাণ চৌবে ত্রিপুরার রূপক দেবরায়ের স্ট্যাটাস জানতে চেয়ে পূর্ব আগরতলা থানায় গত ২৬ অক্টোবর প্রেরিত এক চিঠির উত্তরে পূর্ব আগরতলা পুলিশ স্টেশনের এস.আই কৃষ্ণধন দেবনাথ যা জানিয়েছেন, বিষয়টা এখন সোশ্যাল মিডিয়াতে প্রকাশ পেয়েছে। প্রথমেই উল্লেখ করেছেন যে ত্রিপুরার স্টেট অলিম্পিক অ্যাসোসিয়েশনের সেক্রেটারি রূপক দেব রায়ের বিরুদ্ধে থানায় অভিযোগ নথিভূক্ত করা হয়েছে। তদন্তক্রমে তল্লাশি চালাতে গিয়ে রূপক দেবরায়কে খুঁজে পাওয়া যাচ্ছিল না বলে জানানো হয়েছে। অতঃপর রূপক দেবরায় নিজেই বিমানের টিকিটের প্রামাণ্য তথ্য পাঠিয়ে জানিয়েছেন, তিনি ২৬ অক্টোবর বিমানে করে কলকাতায় গেছেন এবং কলকাতা থেকে নর্থ গোয়াতে গেছেন সেখানে ইন্ডিয়া অলিম্পিক অ্যাসোসিয়েশনের এক বৈঠকে যোগদান করতে। এদিকে পুলিশ থেকে অনুসন্ধান করে বিমানের টিকিটটি সঠিক নয় বলে জানানো হয়েছে। এবার রূপক দেবরায় আদৌ নর্থ গোয়ায় কোনও বৈঠকে গেছেন কিনা? সে বিষয়ে জানতে চেয়ে পুলিশি অনুসন্ধানমূলক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে পুলিশ আধিকারিক উল্লেখ করেছেন।

## মনিপুর-ত্রিপুরার বন্ধুত্বপূর্ণ টেনিস ম্যাচ মালঞ্চ নিবাসে

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা , ২৯ অক্টোবর।। উত্তর পূর্বাঞ্চলের মধ্যে একমাত্র রাজ্য হল মনিপুর, যারা খেলাধুলার ক্ষেত্রে এই অঞ্চলের অন্যান্য রাজ্যগুলিকে টেক্কা দিয়ে কয়েক কদম এগিয়ে রয়েছে। বিভিন্ন ইভেন্টের খেলাধুলাতেই উত্তর পূর্বাঞ্চলের অন্য রাজ্যগুলিকে পথ দেখিয়ে চলেছে মনিপুর। এরকম একটি রাজ্যের টেনিসের এক প্রতিনিধি দল ত্রিপুরা টেনিস এসোসিয়েশনের আমন্ত্রণে এখন রাজ্য অবস্থান করছে। মনিপুর টেনিস এসোসিয়েশনের ৯ সদস্যের প্রতিনিধি দলটি রাজ্য সফরকালে রবিবার থেকে রাজ্যের টেনিস খেলোয়াড়দের সাথে একাধিক বন্ধুত্বপূর্ণ ম্যাচে অংশ নেয়। রাজধানী আগরতলার মালঞ্চ নিবাস স্থিত টেনিস কমপ্লেক্সে রবিবার সকাল থেকেই শুরু হয় বন্ধুত্বপূর্ণ টেনেস ম্যাচ। পাশাপাশি চলছে টেনিসের সার্বিক উন্নয়ন নিয়ে মতবিনিময় ও আলোচনা চক্র। এতে ত্রিপুরা টেনিস এসোসিয়েশন ও মনিপুর টেনিস এসোসিয়েশনের কর্মকর্তারা অংশ নেয়। এদিকে আগামী ১২ নভেম্বর থেকে আগরতলায় শুরু হতে চলেছে অনূর্ধ ১৬ এশিয়ান টেনিস চ্যাম্পিয়নশিপ। এশিয়ান টেনিস ফেডারেশন ও অল ইন্ডিয়া টেনিস এসোসিয়েশনের যৌথ উদ্যোগে আয়োজিত গুরুত্বপূর্ণ এই টুর্নামেন্টকে সামনে রেখে চলছে এখন জোরদার প্রস্তুতি।

# আসামকে হারালো ত্রিপুরা, ৩য় স্থানের লক্ষ্যে আজ হরিয়ানার মুখোমুখি

**ত্রিপুরা-১০১/৭(২০)** **আসাম-৮৯/৯(২০)**

ক্রীড়া প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।। মূল পর্বে খেলা এবারও অধরা থাকবে। তবে আগামীকালের ম্যাচে জয় পেলে গ্রুপে তৃতীয় স্থান নিয়েই ঘরে ফিরবে ত্রিপুরার মেয়েরা। লক্ষ্য একটাই। জয় দিয়ে গ্রুপ লিগ অভিযান শেষ করা। সেই লক্ষ্যকে সামনে রেখে আগামীকাল আসরের শেষ ম্যাচে হরিয়ানার মুখোমুখি হতে চলেছে ত্রিপুরা। তিরুবন্তপুরমে অনুষ্ঠিত সিনিয়র মহিলাদের টি-২০ ক্রিকেটে। আসাম জয় করে অন্নপূর্ণা-রা মানসিকভাবেএখন অনেকটাই চাঙ্গা। স্পোর্টস হাব ইন্টারন্যাশনাল ক্রিকেট মাঠে হবে ম্যাচটি।

দুদলই ৬ ম্যাচ খেলে সংগ্রহ ১২ পয়েন্ট। গ্রুপে আপাতত হরিয়ানা ও ত্রিপুরা রানের গড়ের নিরিখে যথাক্রমে তৃতীয় ও চতুর্থ স্থানে রয়েছে। শক্তির বিচারে দুদলই প্রায় সমান। ফলে যে দলের ব্যাটসম্যান-রা ২২ গজে নিজেদের মেলে ধরতে পারবে সেই দলই আসরের শেষ ম্যাচে জয় পেয়ে মাঠ ছাড়বে। এদিকে শনিবার নিজেদের ষষ্ঠ ম্যাচে ত্রিপুরা ১২ রানে পরাজিত করেছিলো আসামকে। নিকিতা দেবনাথের অলরাউন্ড পারফরম্যান্সে জয় সহজ হয়ে যায় ত্রিপুরার। সকালে টসে জয়লাভ করে প্রথমে ব্যাট নিয়ে ত্রিপুরা নির্ধারিত ওভারে ৭ উইকেট হারিয়ে ১০১ রান করে। দলের পক্ষে ইন্দ্রাণী জমাতিয়া ৩৬ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৮, মৌটুসী দে ৪১ বল খেলে ৩ টি বাউন্ডারির সাহায্যে ২৮, নিকিতা দেবনাথ ১৫ বল খেলে ২ টি বাউন্ডারি ও ১ টি ওভার বাউন্ডারির সাহায্যে ২৩ এবং দলনায়িকা অন্নপূর্ণা দাস ১৬ বল খেলে ১২ রান করেন।

*সিনিয়র মহিলা টি-২০, এ-গ্রুপ : পয়েন্ট তালিকা*

| দল | ম্যা: | জ: | প: | নো: | গড় | প: |
|---|---|---|---|---|---|---|
| পাঞ্জাব | ৬ | ৬ | ০ | ০ | ২.১০৮ | ২৪ |
| রেলওয়েজ | ৬ | ৪ | ১ | ১ | ২.৬৭২ | ১৮ |
| হরিয়ানা | ৬ | ৩ | ৩ | ০ | ০.৭৮৮ | ১২ |
| ত্রিপুরা | ৬ | ২ | ২ | ২ | ০.৪৬১ | ১২ |
| আসাম | ৬ | ২ | ৩ | ১ | ০.০১৪ | ১০ |
| ঝাড়খন্ড | ৬ | ২ | ৩ | ১ | -০.২১৭ | ১০ |
| বিহার | ৬ | ২ | ৩ | ১ | -১.২১৮ | ১০ |
| সিকিম | ৬ | ০ | ৬ | ০ | -৩.৭২৪ | ০ |

আসামের পক্ষে ঝিন্টিমনি কলিতা ২৩ রান দিয়ে ৪ উইকেট পেয়েছেন। জবাবে খেলতে নেমে ত্রিপুরার বোলারদের আঁটোসাঁটো বোলিংয়ের সামনে আসাম নির্ধারিত ওভারে ৯ উইকেট হারিয়ে ৮৯ রান করতে সক্ষম হয়। দলের পক্ষে পোপারি গগই ১৭ বল খেলে ২ টি বাউন্ডারির সাহায্যে ১৯ (অপ:) এবং মণিক্ষা দাস ২২ বল খেলে ১ টি বাউন্ডারির সাহায্যে ১৭ রান করেন।

দলের আর কোনও ব্যাটসম্যান রুখে দাড়াতে পারেননি। ত্রিপুরার পক্ষে রেশ্মি নায়েক ১০ রানে, অম্বেষা দাস ১৩ রানে ২ টি করে, নিকিতা দেবনাথ ৪ রানে, প্রীয়াঙ্কা আচার্য ১৭ রানে, অন্নপূর্ণা দাস ১৮ রানে এবং হট চান্দিনী ২১ রানে ১ টি উইকেট পেয়েছেন। আসরে ৬ ম্যাচ খেলে ২ টিতে জয়, ২ টি ম্যাচে পরাজয় এবং ২ টি ম্যাচ বৃষ্টির জন্য পরিত্যক্ত হয়েছিলো।

# মাইলস্টোনের সামনে দাঁড়িয়ে কোহলি-স্টোকসরা

লখনেউ, ২৯ অক্টোবর (হি.স.): লখনউয়ের একানা স্টেডিয়ামে আজ ভারত-ইংল্যান্ড মুখোমুখি হচ্ছে। আজ যে সকল মাইলস্টোন সামনে দাঁড়িয়ে এই দুই দলের ক্রিকেটাররা।

রোহিত শর্মা:
আজ বিশ্বকাপে সবচেয়ে বেশি ছক্কা মারার তালিকায় ক্রিস গেইলকে টপকে যাওয়ার সুযোগ রয়েছে রোহিত শর্মার কাছে। গেইলের বিশ্বকাপে ৪৯টি ছয়ের রেকর্ড ভাঙতে হলে রোহিতকে আর ৯টি ছয় মারতে হবে। আর ১৮ হাজার রানের রেকর্ড গড়তে হলে রোহিতকে করতে হবে আর ৪৭ রান। সেই সঙ্গে তিনি ভারতের অধিনায়ক হিসেবে ১০০তম ম্যাচে খেলতে চলেছেন।

বিরাট কোহলি:
ইংল্যান্ডের বিরুদ্ধে ৪ হাজার রান করা থেকে ৩০ রান দূরে বিরাট কোহলি। আর একদিনের ক্রিকেটে ১৫০টি ছক্কার রেকর্ড গড়া থেকে ২টি ছয় করতে হবে বিরাটকে।

লোকেশ রাহুল:
আন্তর্জাতিক একদিনের ক্রিকেটে ২৫০০ রান করা থেকে ৩২ রান দূরে রয়েছেন কেএল রাহুল।

শ্রেয়স আইয়ার:
একদিনের ক্রিকেটে ২ হাজার রানের রেকর্ড গড়ার জন্য ৬৯ রান করতে হবে শ্রেয়স আইয়ারকে।

রবীন্দ্র জাডেজা:
একদিনের ক্রিকেটে ২০০টি চারের মাইলফলক ছোয়ার জন্য রবীন্দ্র জাডেজাকে আর ৫টি চার মারতে হবে। আর আন্তর্জাতিক ক্রিকেটে ৬ হাজার রানের মাইলস্টোন স্পর্শ করতে হলে জাডেজার চাই ৬৪ রান।

কুলদীপ যাদব:
একদিনের ক্রিকেটে ২৫০ উইকেটের মালিক হতে গেলে কুলদীপ যাদবকে নিতে হবে আর ৪ উইকেট।

ঈশান কিষান:
একদিনের ক্রিকেটে ১ হাজার রান করতে হলে ঈশান কিষাণকে করতে হবে আর ৬৭ রান।

জো রুট:
একদিনের ক্রিকেটে ছক্কার হাফসেঞ্চুরি করতে হলে জো রুটকে মারতে হবে আর ১টি ছয়।

জস বাটলার:
একদিনের ক্রিকেটে ৪০০টি চারের মাইলফলক স্পর্শ করতে হলে জস বাটলারকে মারতে হবে আর ১টি চার। এ ছাড়া একদিনের ক্রিকেটে ৫ হাজার রান পূর্ণ করার জন্য বাটলারকে করতে হবে আর ৮২ রান। আর আন্তর্জাতিক ক্রিকেটে ৫০টি স্টাম্পিংয়ের রেকর্ডের জন্য বাটলারকে আর ২টি স্টাম্পিং করতে হবে।

বেন স্টোকস:
আন্তর্জাতিক ক্রিকেটে ৩০০টি উইকেটের রেকর্ড করার জন্য বেন স্টোকসকে আর নিতে হবে ৩টি উইকেট। এবং ১০০টি ছক্কার রেকর্ড গড়তে হলে স্টোকসকে মারতে হলে ২টি ছয়।

সৃষ্টির প্রেরণায় নতুন প্রতিশ্রুতি
উন্নত মুদ্রণ
সাদা, কালো, রঙিন
নতুন ধারায়
রেণবো প্রিন্টিং ওয়ার্কস
জাগরণ ভবন, (লক্ষ্মীনারায়ণ মন্দির সংলগ্ন), এন এল বাড়ি লেইন
প্রভুবাড়ী, বনমালীপুর, আগরতলা, ত্রিপুরা পশ্চিম - ৭৯৯০০১
মোবাইল ঃ- ৯৪৩৬১২৩৭২০
ই-মেল ঃ rainbowprintingworks@gmail.com

■ Phone : 9862797843/9436123720, e-mail : jagarandaily@gmail.com
■ Postal Regd. No. AGT/NE-928/2021- 2023


# দলীয় কর্মীদের সঙ্গে নিয়ে মন কি বাত অনুষ্ঠান শুনলেন মুখ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** আত্মনির্ভর ভারত গড়তে উৎসবের মরশুমে 'ভোকাল ফর লোকাল' হওয়ার মন্ত্র দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। রবিবার ১০৫ তম 'মন কি বাত' অনুষ্ঠানে তিনি জানালেন এবারের গান্ধী জয়ন্তীতে খাদি মহোৎসবে রেকর্ড বিক্রির নজির তৈরি হয়েছে। আগামী দিনেও দেশের মানুষকে দেশীয় উৎপাদনকে এভাবেই উৎসাহিত করে চলার ডাক দিয়েছেন মোদি। তিনি আহ্বান জানিয়েছেন, সবাই যেন স্থানীয় পণ্য কেনায় নজর দেন। এদিন দলীয় কার্যকর্তাদের সাথে বসে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শুনলেন মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা। এইদিন বিজেপি ১৪ বাধারঘাট মন্ডলের ৯ নং বুথ এলাকা অর্থাৎ ভট্টপুকুর কালিটিলা এলাকার বাসিন্দা দিলীপ সাহার বাড়িতে বসে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শুনলেন মুখ্যমন্ত্রী। সাথে উপস্থিত ছিলেন ১৪ বাধারঘাট বিধানসভা কেন্দ্রের বিধায়িকা মিনা রানি সরকার সহ অন্যান্যরা।

প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শুনার পর মুখ্যমন্ত্রী বলেন প্রতি মাসের শেষ রবিবারের অপেক্ষায় থাকে দেশের মানুষ। প্রতি মাসের শেষ রবিবার মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশবাসির সামনে বিভিন্ন বিষয় তুলে ধরেন প্রধানমন্ত্রী। মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে ত্রিপুরায় বসে সমগ্র দেশকে দর্শন করা যায়। সর্দার বল্লব ভাই পেটেলের জন্মদিনকে কিভাবে পালন করতে হবে সেই বিষয়ে এইদিন বিস্তারিত তুলে ধরেছেন প্রধানমন্ত্রী। এদিনের মন কি বাত অনুষ্ঠানে আত্মনির্ভর ভারতের উপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী। স্থানীয় ভাবে উৎপাদিত সামগ্রীর উপর নির্ভরশীলতা বৃদ্ধির উপর গুরুত্ব দিয়েছেন প্রধানমন্ত্রী। বিভিন্ন অজানা বিষয় তুলে ধরেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এইদিন রাজধানীর শান্তিপাড়া এলাকায় দলীয় কার্যকর্তাদের সাথে বসে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শুনেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য।

# গান্ধীঘাট এলাকায় গ্যাসের পাইপ ফেটে আগুন, টিএনজিসিএলের ভূমিকায় প্রশ্ন

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** লক্ষ্মীপূজার রাতে রাজধানী আগরতলা শহরের গান্ধীঘাট এলাকায় গ্যাসের পাইপ লাইন ফেটে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। অল্পতে রক্ষা পেয়েছে শহরের ঘনবসতি এলাকা। লক্ষ্মীপূজার রাতে গান্ধীঘাট এলাকায় গ্যাসের পাইপ লাইন ফেটে আগুন লেগে যায়। ঘটনায় গোটা এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। ঘটনাস্থলে তিনটি ইঞ্জিন এসে আগুন নিয়ন্ত্রণে আনে।

ঘটনার বিবরণে জানা যায়, লক্ষ্মী পূজার আনন্দ উল্লাসে ধর্মপ্রাণ মানুষ যখন ব্যস্ত, ঠিক সেই সময়ে গান্ধীঘাট এলাকায় গ্যাসের পাইপলাইন ফেটে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। ঘটনার খবর ছড়িয়ে পড়তেই মুহূর্তে এলাকায় তীব্র আতঙ্কের পরিবেশ কায়েম হয়। এলাকাবাসীর তরফ থেকে খবর পাঠানো হয় দমকল বাহিনীকে। খবর পেয়ে দমকল বাহিনী এবং টিএনজিসিএল এর কর্মীরা দ্রুত ঘটনাস্থলে ছুটে আসে। দমকল বাহিনীর তিনটি ইঞ্জিন চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন দ্রুত দমকলবাহিনী ঘটনাস্থলে ছুটে না আসলে এলাকায় ভয়ংকর ঘটনা ঘটে যেতে পারতো।

স্থানীয় মানুষের সচেতনতা এবং দমকল বাহিনীর তৎপরতার ফলে বড় ধরনের দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেয়েছে ঘনবসতি পূর্ন এলাকা।

উল্লেখ্য এটি পূর্বেও এলাকায় গ্যাস পাইপলাইন লিকেজ হয়ে এ ধরনের অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছিল। পরপর এসব ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় জনমনে টিএনজিসিএল এর কাজকর্ম নিয়েও নানা প্রশ্ন করতে শুরু করেছে। নিয়মিত দেখভাল ও মেরামতির অভাবেই এ ধরনের অঘটন ঘটে চলেছে বলেও বিভিন্ন মহল থেকে অভিযোগ করা হয়েছে।

# রাজ্য সরকার জনকল্যাণে কাজ করছে ঃ খাদ্যমন্ত্রী



**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** ভোক্তারা এখন সরকারি ন্যায্য মূল্যের দোকানে সারা মাস বিভিন্ন পণ্য সামগ্রী পাচ্ছেন। আগে এরকম হত না। মাসের প্রথমদিকে সরকারি ন্যায্য মূল্যের দোকানে পণ্য সামগ্রী পাওয়া যেত। এখন সরকারি ন্যায্য মূল্যের দোকানে ভর্তুকীতে সরিষার তেলও দেওয়া হচ্ছে। আজ জিরানীয়া মহকুমায় সরকারি ন্যায্য মূল্যের দোকানে ভোক্তাদের মধ্যে সরিষার তেল বিক্রয় কর্মসূচির সূচনা করে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী একথা বলেন। আজ বিকালে প্রথমে নলগড়িয়া মার্কেটস্থিত ন্যায্য মূল্যের দোকানে খাদ্যমন্ত্রী ভোক্তাদের মধ্যে ভর্তুকীতে সরিষার তেল বিক্রয় কর্মসূচির সূচনা করেন। খাদ্যমন্ত্রী জানান, গনবন্টন ব্যবস্থায় কোন পণ্য সামগ্রীই বিনামূল্যে দেওয়া হয় না। ভর্তুকী মূল্যে ভোক্তাদের নিত্য প্রয়োজনীয় সামগ্রী দেওয়া হয়। সরকারের এই কর্মসূচি নিয়ে কোন কোন মহল থেকে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। রাজ্য সরকার জনকল্যাণে কাজ করছে। একটি স্বার্থান্বেষী চক্র সরকারের জনমুখী কর্মসূচি নিয়ে প্রশ তুলছে। সরকারের বদনাম করছে। বলা হচ্ছে ন্যায্য মূল্যের দোকানে খালি ব্যাগ দেওয়া হচ্ছে। রেশন সামগ্রী দেওয়া হচ্ছে না। এটা সঠিক নয়। খাদ্যমন্ত্রী জানান, বর্তমান সরকারের সময়ে এবারেই প্রথম সরকারি ন্যায্য মূল্যের দোকান থেকে সরিষার তেল দেওয়া হচ্ছে। তাছাড়াও খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আজ মোহনপুর বাজারে ন্যায্য মূল্যের দোকান ও জিরানীয়া কলেজ চৌমুহনীস্থিত ন্যায্য মূল্যের দোকানে ভোক্তাদের হাতে ভর্তুকী মূল্যে সরিষার তেল তুলে দেন। সেই সাথে খাদ্যমন্ত্রী ভোক্তাদের হাতে বিনামূল্যে ক্যানভাস ব্যাগও তুলে দেন।

অনুষ্ঠানগুলিতে উপস্থিত ছিলেন রাণীরবাজার পুর পরিষদের ভাইস চেয়ারম্যান প্রবীর কুমার দাস, জিরানীয়া নগর প'ায়েতের চেয়ারম্যান রতন কুমার দাস, খাদ্য, জনসংভরণ ও ক্রেতা স্বার্থ বিষয়ক দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী, জিরানীয়া মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, বিশিষ্ট সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক প্রমুখ।

## লক্ষ্মী পূজার রাতে তাণ্ডব

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** লক্ষ্মী পূজার রাতে বাড়িতে দুর্বৃত্তদের হামলা। ঘটনায় উত্তেজনা ছড়ায় এলাকায়। ঘটনাটি ঘটেছে শনিবার রাতে কাকড়াবন আমতলী এলাকায়।

ঘটনার বিবরণে জানা যায়, নেশাগ্রস্ত অবস্থায় এই হামলা সংঘটিত করেছে একদল দুষ্কৃতী প্রান্তোষ দেবনাথের বাড়িতে। কাকড়াবন থানাধীন শালগড়া — আমতলী এলাকার বাসিন্দা প্রান্তোষ দেবনাথের বাড়িতে শনিবার রাতেরবেলা এলাকার সমাজদ্রোহী হিসেবে পরিচিত গোপাল দেবনাথের ছেলে গৌতম দেবনাথ ও তার সাঙ্গপাঙ্গরা মিলে এই ঘটনা সংঘটিত করেছে বলে অভিযোগ। এদিন রাতে প্রান্তোষ দেবনাথের বাড়িতে প্রবেশ করে তার বাড়ি ঘর ভাঙচুর করে অভিযুক্তরা। ঘটনায় নাম ধাম দিয়ে কাকড়াবন থানায় মামলা দায়ের করা হয় সমাজদ্রোহীদের বিরুদ্ধে। যদিও এখনো পর্যন্ত কোনো গ্রেপ্তারের খবর নেই।

# রাজ্যে যান সন্ত্রাস অব্যাহত ২৪ ঘন্টায় দুর্ঘনায় আহত ৪

**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর / খোয়াই, ২৯ অক্টোবর।।** লক্ষী পূজার রাতে ধর্মনগরের পরিস্থিতি আগাম আচ করতে পেরে উত্তর জেলা পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী সন্ধ্যা থেকে বিভিন্ন রাস্তায় পুলিশ বাহিনী নিয়ে তৎপর ছিলেন। এত তৎপরতার পরও যান সন্ত্রাস অব্যাহত।

লক্ষী পূজার রাতে প্রায় সাড়ে বারোটা নাগাদ টি আর০২- কে -০২৯৩ নম্বরের একটি অল্টো গাড়ি ধর্মনগর অফিসটিলার একটি ইলেকট্রিক পোস্টে এসে সজোরে ধাক্কা দেয়। এতে গাড়ির মধ্যে থাকা তিনজন গুরুতর আহত হয়। দ্রুতগতিতে থাকার ফলে গাড়িটির সামনের অংশ দুমড়ে মুচড়ে যায়। গাড়িতে ছিল চালক বিরজিৎ চক্রবর্তী, তার বাড়ি বড়ুয়াকান্দি গ্রাম পঞ্চায়েতে। তার সাথে ছিল দীপপন দেব, বাড়ি একই গ্রামের বড়ুয়াকান্দিতে এবং দীপক দেবনাথ বাড়ি জেল রোডের মনতলাতে। তিনজনকেই ধর্মনগরের অগ্নি নির্বাপক বাহিনীর কর্মীরা ঘটনাস্থল থেকে উদ্ধার করে ধর্মনগরের উত্তর জেলা হাসপাতালে নিয়ে যায়। দূর্ঘটনাগ্রস্থ তিনজন বর্তমানে জেলা হাসপাতালে চিকিৎসাধীন।

জানা গেছে চালক বিরজিৎ চক্রবর্তী এর কোন লাইসেন্স নেই। অথচ গতকাল সন্ধ্যা রাত থেকে পুলিশ সুপারের নেতৃত্বে ধর্মনগরের বিভিন্ন রাস্তায় পুলিশবাহিনী যারা বাইক বা গাড়ি চালাচ্ছে তাদের কাছে প্রকৃত লাইসেন্স আছে নাকি এবং ট্রাফিক আইনের বিভিন্ন বিষয়ে সচেতন আছে নাকি তা নিয়ে অভিযান অব্যাহত রেখেছিলেন। কিন্তু তারপরেও সচেতনতার অভাবে দ্রুত গতির জন্য এই যান দুর্ঘটনা অব্যাহত রয়েছে রাজ্যে।

এদিকে, চিকিৎসাধীন অবস্থায় অটোর ধাক্কায় আহত ব্যাক্তির মৃত্যু হয়েছে রবিবার। চিকিৎসাধীন অবস্থায় রবিবার আগরতলায় জিবি হাসপাতালে মৃত্যু হয়েছে তার।

ঘটনার বিবরণে প্রকাশ, গত বৃহস্পতিবার জনৈক বিশ্বজিৎ দেববর্মা(৩০) সেদিন বাচাইবাড়ী বাজারে দাঁড়িয়েছিলেন। তখনই আশারামবাড়ীগামী একটি যাত্রীবাহী অটোরিক্সা তাকে পিছন দিক থেকে এসে সজোরে ধাক্কা দিয়ে ফেলে চলে যায়। এতে রাস্তাতেই লুটিয়ে পড়েন তিনি। ঘটনায় গুরুতর আহত হয় বিশ্বজিৎ দেববর্মা।তড়িঘড়ি প্রত্যক্ষদর্শীরা তাকে উদ্ধার করে খোয়াই জেলা হাসপাতালে নিয়ে আসে। তার অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে আগরতলায় জিবি হাসপাতালে স্থানান্তরিত করা হয়।

রবিবার চিকিৎসাধীন অবস্থায় শেষ নিঃশ্বাস ত্যাগ করে জিবি হাসপাতালেই। বিশ্বজিত দেববর্মা আইপিএফটি দলের মোটর শ্রমিক ইউনিয়নের সক্রিয় কর্মী বলে জানা গেছে। পুলিশ ঘাতক অটোরিক্সাটিকে আটক করেছে।

## অভিযানে আটক ২ নেশা কারবারী

**নিজস্ব প্রতিনিধি, বিশালগড়, ২৯ অক্টোবর।।** গোপন সংবাদের ভিত্তিতে বিশালগড় থানার পুলিশ ছদ্মবেশে বিশালগড় রাউৎখলা কালী মন্দির এলাকায় অভিযানে নামে। সেখানে উৎপেতে বসে দুই যুবককে আটক করে। সাথে বাইক এবং মারুতি গাড়ি সহ ব্রাউন সুগার, ১০০ টি খালি কৌটা, নগদ ৯ হাজার পাঁচশ ৬৫ টাকা উদ্ধার করেছে। ধৃত নেশা কারবারিদের নাম অভিজিৎ সাহা ওরফে ভিকি। বাড়ি বিশালগড় রাউৎখলা, বিষ্ণু দাস, বাড়ি বিশালগড় নেহাল চন্দ্রনগর এলাকায়।

☞ ৬ এর পাতায় দেখুন

## সুষ্ঠুভাবে সম্পন্ন ব্লু লোটাস ক্লাবের মাতৃ বন্দনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** প্রতিবছরের ন্যায় এ বছরও আগরতলা ধলেশ্বরস্থিত ব্লু লোটাস ক্লাব শারদীয়া দুর্গাপূজার আয়োজন করেছিল। সুশৃংখলভাবে সার্বিক দুর্গোৎসব সম্পন্ন হওয়ায় ক্লাবের তরফ থেকে এক বিবৃতিতে সকল সচেতন নাগরিক পুলিশ প্রশাসন কে ধন্যবাদ জানিয়েছেন ক্লাবের পূজা সম্পাদক বিপ্রজিত সাহা।

এই বছর শুভ ষষ্ঠীর সন্ধ্যায় দুর্গোৎসবের সূচনা হয়। পূজা মন্ডপের উদ্বোধন করেছেন এবার রামকৃষ্ণ মিশনের মহারাজ শ্রীমৎ স্বামী ইন্দ্রত্মানন্দজী মহারাজ। এবারে পুজোর থিম ছিল কেদারনাথ মন্দিরের অনুকরণে। পাশাপাশি রাখা হয়েছিল ষাটটি সচেতনতামূলক পোস্টার। ছিল অন্নভোগের ☞ ৬ এর পাতায় দেখুন

## ড্রাগসের নেশায় মৃত্যু যুবকের

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** ড্রাগসের নেশায় আসক্ত হয়ে অকালে মৃত্যু এক যুবকের। ঘটনা বামুটিয়ায়।

ড্রাগস কতটা ভয়াবহ আকার ধারণ করছে যুব সমাজ ধ্বংসের জন্য তারই আরেক জ্বলন্ত ঘটনা সামনে এলো বামুটিয়া পুলিশ ফাঁড়ির অন্তর্গত বেরিমুরা এলাকা থেকে। জানা যায় ড্রাগস এর নেশা সহ একাধিক নেশায় আসক্ত বামুটিয়া ফাঁড়ির অন্তর্গত বেরিমুড়া এলাকার প্রসেনজিৎ সরকার(২২)। রবিবার অত্যধিক নেশা করার ফলে মৃত্যু হয় তার।

একাধিকবার চিকিৎসা করানোর পরেও সে নেশার কবল থেকে বেরিয়ে আসতে পারেনি। রবিবার ড্রাগসের ওভারডোজের ফলে মৃত্যু হয় তার। এই ড্রাগস নিয়ে গোটা রাজ্যব্যাপী চলছে মৃত্যু মিছিল। নেশার সাম্রাজ্য রুখতে প্রতিনিয়ত চেষ্টা যাচ্ছে সরকার। কিন্তু নেশা কারবারে ইতি টানা সম্ভব হচ্ছে না। প্রতিনিয়ত রাজ্যের কোনো না কোনো জায়গায় এই নেশার কারবার অব্যাহত রয়েছে। প্রতিনিয়ত নেশার কবলে প্রাণ দিচ্ছে কচিকাঁচা যুবকেরা। অকালেই ঝরে পড়ছে বহু তাজা প্রাণ। এর বিরুদ্ধে যদি যদি অভিভাবক এবং সমাজের শুভবুদ্ধি সম্পন্ন জনগনেরা ঐক্যবদ্ধ হয়ে না দাঁড়ায় তাহলে এই নেশা থেকে যুব সমাজকে রক্ষা করা কষ্টকর হবে বলে ধারনা করা যাচ্ছে।

# পুকুরে প্রতিমা বিসর্জন ঘিরে উত্তেজনা

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** প্রতিমা নিরঞ্জনের পর পুকুরের জল দূষিত হয়ে বহু মাছের পোনার মৃত্যু। ঘটনাকে কেন্দ্র করে তীব্র উত্তেজনা ছড়ায় আগরতলার মর্ডান ক্লাব সংলগ্ন এলাকায়। ঘটনার বিবরণে জানা যায়, রাজধানীর সেন্ট্রাল রোড শিব বাড়িস্থিত সরকারী জলাশয়টি মাছে চাষ ও রক্ষনাবেক্ষনের জন্য সদর মহকুমা শাসকের কাছ থেকে লিজে নিয়েছেন কিশোর কান্তি সাহা। শুরু করেন মাছ চাষ। সেই মোতাবেক পুকুরে ফেলা হয় মাছের পোনা।

পুকুরের জলে নোংরা-আবর্জনা না ফেলতে অনুরোধ করা হয়েছিল এলাকাবাসীকে। কিন্তু নিয়ম অমান্য করে গত শুক্রবার লিজ নেওয়া পুকুরের জলে প্রতিমা নিরঞ্জন করা হয়। ফেলা হয় বেশ কিছু অন্যান্য মূর্তিও। আর এই আবর্জনা ও প্রতিমা নিরঞ্জন করায় দূষিত হয় পুকুরের জল। বিষক্রিয়ায় মৃত্যু হয় মাছের পোনার। রবিবার এই অভিযোগ করেন কিশোর কান্তি সাহা। তিনি জানান তার ১ লক্ষ টাকার ক্ষতি হয়েছে। প্রশাসন থেকে পুকুরের জলে কিছু না ফেলার নিষেধাজ্ঞা থাকার পরেও একদল স্বার্থান্বেষী এই কান্ড ঘটিয়ে চলেছেন। বিষয়টি মহকুমা প্রশাসনের নজরে নিয়ে অভিযোগ জানিয়ে আইনী পথে হাঁটার ও হুশিয়ারি দিয়েছেন তিনি। এখন দেখার বিষয় মহকুমার প্রশাসন থেকে কি ব্যবস্থা গ্রহণ করা হয়।

# সমাজদ্রোহীদের অত্যাচারে অতিষ্ঠ হরিজন কলোনীবাসী, পুলিশের ভূমিকায় ক্ষোভ

**নিজস্ব প্রতিনিধি, আগরতলা, ২৯ অক্টোবর।।** সমাজদ্রোহীদের অত্যাচারে অতিষ্ঠ এলাকাবাসী শেষে পুলিশের দ্বারস হলো। ঘটনা আগরতলা হরিজন কলোনী এলাকায়। অতিষ্ঠ এলাকাবাসী রবিবার রামনগর থানায় বিক্ষোভ প্রদর্শন করে। ঘটনার বিবরণে জানা যায়, শনিবার লক্ষ্মী পূজার রাতে চার সমাজদ্রোহী হরিজন কলোনী এলাকায় তাণ্ডব চালায়। তারা এলাকার বাড়ি ঘরে ঢুকে মহিলা সহ অন্যান্যদের ওপর হামলা চালায়। তাতে এক মহিলা সহ বেশ কয়েকজন অল্পবিস্তর আহত হয়েছেন বলে খবর। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় তীব্র আতঙ্কের সৃষ্টি হয়।

এলাকাবাসী অভিযোগ করেছেন অভিযুক্ত চার সমাজদ্রোহী এর আগেও বেশ কয়েকবার এলাকায় তাণ্ডব চালিয়েছে। তাদের বিরুদ্ধে পুলিশের কাছে অভিযোগ জানিয়েও এলাকাবাসী কোন প্রতিকার পাননি। পুলিশ তাদের বিরুদ্ধে কঠোর কোন ব্যবস্থা গ্রহণ না করায় তাদের উশৃংখল আচরণ আরো চরম আকার ধারণ করতে শুরু করেছে।

উদ্ভূত পরিস্থিতিতে একদিকে সমাজ দ্রোহীদের তাণ্ডবে স্থানীয় বাসিন্দারা দিশেহারা অন্যদিকে পুলিশের ভূমিকায় তারা প্রচন্ড ক্ষুব্ধ। অভিযুক্ত সমাজদ্রোহীদের মধ্যে কয়েকজনকে চিনতে পেরেছেন এলাকাবাসী। অভিযুক্তদের মধ্যে রয়েছে রমেশ হরিজন, বিকাশ হরিজন ,বিশাল হরিজন ও রোহিত হরিজন।

তাদের বিরুদ্ধে এলাকাবাসীর তরফ থেকে রামনগর পুলিশ ফাঁড়িতে লিখিতভাবে অভিযোগ দায়ের করা হয়েছে।

এলাকাবাসী এ ব্যাপারে রাজ্যের মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে প্রয়োজনীয় কঠোর ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন। সমাজদ্রোহীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ না করা হলে এলাকায় বসবাস করা কষ্টকর হয়ে উঠবে বলেও তারা উল্লেখ করেছেন।

এলাকায় শান্তি সম্প্রীতির পরিবেশ অক্ষুন্ন রাখতে পুলিশ প্রশাসন সহ শান্তিপ্রিয় জনগণের সার্বিক সহযোগিতাও আহবান করেছেন এলাকাবাসী।

# প্রয়াত সুমিত দের পরিবারের পাশে থাকার আশ্বাস মুখ্যমন্ত্রীর



**নিজস্ব প্রতিনিধি, ধর্মনগর, ২৯ অক্টোবর।।** উত্তর জেলা বিজেপি দলের সাধারণ সম্পাদক সদ্য প্রয়াত সুমিত দের বাড়িতে গেলেন রাজ্যের মুখ্যমন্ত্রী। শোকাহত পরিবারের পাশে থাকার প্রতিশ্রুতি দিলেন তিনি।

উত্তর জেলা বিজেপি দলের সাধারণ সম্পাদক তথা যুব তুর্কিনেতা সুমিত দের আকস্মিক মৃত্যুতে গোটা রাজ্য জুড়ে শাসক দলের কর্মীদের মধ্যে শোক বিরাজ করছে। সুমিত দের শোকাহত পরিবারকে সান্ত্বনা দিতে আগরতলা থেকে রবিবার ১২:৪৫ মিনিটে চপারে ধর্মনগরের ওএনজিসি কমপ্লেক্সের হেলিপেডে অবতরণ করেন রাজ্যের মুখ্যমন্ত্রী ডক্টর মানিক সাহা। সেখান থেকে তিনি সোজা চলে যান সুমিত দের বাড়িতে।

মুখ্যমন্ত্রী এবং প্রদেশ বিজেপি সভাপতি সহ অন্যান্যরা সুমিত দের শোকাহত পরিবারের সাথে ব্যক্তিগত আলোচনা করেন এবং তাদের পাশে সর্বদা থাকার আশ্বাস প্রদান করেন। উল্লেখ্য সুমিত দের একমাত্র ছেলে রয়েছে যে নবম শ্রেণীকে পাঠরত। দুপুর ১. ৪৫ মিনিটে মুখ্যমন্ত্রী সহ অন্যান্যরা পুনরায় চপারে চড়ে আগরতলার উদ্দেশ্যে পাড়ি দেন।

মুখ্যমন্ত্রীর এই সফরে সঙ্গে ছিলেন রাজ্য বিজেপির সভাপতি রাজীব ভট্টাচার্য, সাধারণ সম্পাদিকা পাপিয়া দত্ত, মন্ত্রী টিংকু রায়, মন্ত্রী সান্তনা চাকমা, বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, উত্তর জেলা বিজেপি সভানেত্রী মলিনা দেবনাথ, ধর্মনগর পুর পরিষদের চেয়ারম্যান প্রদ্যুৎ দে সরকার, মহিলা কমিশনের প্রাক্তন চেয়ারপারসন বর্ণালী গোস্বামী, ধর্মনগর মন্ডল এর সভাপতি শ্যামল কান্তি নাথ সহ জেলা এবং মহকুমার বিভিন্ন স্তরের মন্ডলের কর্মকর্তারা।

মুখ্যমন্ত্রীর এই ক্ষণকালের সফরকে কেন্দ্র করে সাধারণ মানুষের মধ্যে ছিল উপচে পড়া ভিড়।

## ভুল সংশোধনী

কোজাগরি লক্ষ্মী পূজা উপলক্ষ্যে ছুটির বিজ্ঞপ্তিতে ২৮ অক্টোবরের জায়গায় হবে ২৯ অক্টোবর পত্রিকা প্রকাশিত হবে না। পাশাপাশি কর্মাধ্যক্ষ'র জায়গায় উঠেছে কর্মাধক্ষ। অসাবধনতা বসত ভুলের জন্য দুঃখিত।

স্বত্বাধিকারী পরিতোষ বিশ্বাস কর্তৃক রেন্‌বো প্রিন্টিং ওয়ার্কস আগরতলা থেকে মুদ্রিত ও জাগরণ কার্যালয় এল এন বাড়ী লেইন, আগরতলা ত্রিপুরা থেকে প্রকাশিত। সম্পাদক-পরিতোষ বিশ্বাস।